Daily PDF Download : http://www.gksolve.com

বিশদে ত্রিপুরাকে জানতে চাকরি প্রার্থীদের একমাত্র উপযোগী বই
এফেক্ট পাবলিকেশন্সের
আমার ত্রিপুরা
লেখক: দেবাশিস লোধ
প্রাপ্তিস্থান: সিএফ-১০৯, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৬৪

# কাজকেরিয়ার

Kaajcareer, West Bengal ◆ www.kaajcareer.in ◆ www.facebook.com/kaajcareer

কলকাতা সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার সমস্ত বইমেলার জন্য স্বল্প খরচে গ্রন্থ সংক্রান্ত যাবতীয় বিজ্ঞাপন লক্ষাধিক মানুষের কাছে পৌঁছে দেওয়ার আকর্ষণীয় সুযোগ গ্রহণ করুন।
ঃ শীঘ্রই যোগাযোগ ঃ
033-23344455
E-mail : editorkaajcareer@gmail.com

সাপ্তাহিক কর্মপত্রিকা ● বর্ষ ১১ সংখ্যা ৪৪ ● ২৩ ডিসেম্বর, ২০১৭ | পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত | কলকাতা ৭ পৌষ, ১৪২৪ ● শনিবার ● দাম ৫.০০ টাকা

### উত্তর রেলের বিভিন্ন ডিভিশন/ ইউনিট এবং ওয়ার্কশপে

# ট্রেনিং দিয়ে রেলে ৩,১৬২ অ্যাপ্রেন্টিস

৩,১৬২ আসনে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দিচ্ছে উত্তর রেলের বিভিন্ন ডিভিশন/ ইউনিট এবং ওয়ার্কশপে। ট্রেনিং হবে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ বিভিন্ন ট্রেডে। উল্লেখ্য, এই নিয়োগের বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রকাশিত হলে কাজকেরিয়ারে বিস্তারিত তা জানিয়ে দেওয়া হবে।

কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ মাধ্যমিক পাশ প্রার্থীরা এনসিভিটি অনুমোদিত কোনও প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডের আইটিআই সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭-১-২০১৮ তারিখের হিসেবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি

...... এরপর ২ পাতায়

### প্রতিরক্ষা গবেষণায়

## ৭৬ সায়েন্টিস্ট

ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডিআরডিও) এবং অ্যারোনটিক্যাল ডেভেলপমেন্ট এজেন্সি (এডিএ)-তে নিচ্ছে ৭৬ জনকে। সায়েন্টিস্ট-বি পদে নিয়োগ হবে ডিআরডিও-তে এবং সায়েন্টিস্ট/ ইঞ্জিনিয়ার-বি পদে নিয়োগ হবে অ্যারোনটিক্যাল ডেভেলপমেন্ট এজেন্সিতে। এগুলি ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ সংস্থা। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো

...... এরপর ২ পাতায়

### পুণের সাউদার্ন কম্যান্ড অর্ডন্যান্স ইউনিটে

# ৮১৮ ফিটার, কুক, ফায়ারম্যান, ক্লার্ক

মেটিরিয়াল অ্যাসিস্ট্যান্ট, লোয়ার ডিভিশন ক্লার্ক, ফায়ারম্যান, কুক, স্টেনোগ্রাফার, ফিটার সহ বিভিন্ন পদে ৮১৮ জনকে নিচ্ছে পুণের সাউদার্ন কম্যান্ডের অর্ডন্যান্স ইউনিটে। নিয়োগ হবে গ্রুপ-সি পদে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন। নিয়োগ হবে আর্মি অর্ডন্যান্স ক্যরের বিভিন্ন ইউনিট এবং ডিপোতে।

**মেটিরিয়াল অ্যাসিস্ট্যান্ট:** মোট শূন্যপদ ১১টি (অসং ৫, তঃজাঃ ১, তঃ উঃজাঃ ২, ওবিসি ৩)। লোয়ার ডিভিশন

...... এরপর ৩ পাতায়

## ইকো-ফিশ ট্যুরিজম রাজ্যে

রাজস্ব বৃদ্ধির জন্য পর্যটনকে হাতিয়ার করতে চলেছে রাজ্য সরকার। এর জন্য একাধিক প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এবার মৎস্যপ্রেমীদের জন্য একটি নতুন উদ্যোগ মৎস্য দফতরের। রাজ্যের বিভিন্ন স্থানে বেড়ানোর সঙ্গে সঙ্গে মাছ ধরা চালু হতে চলেছে। পর্যটনে উৎসাহ বাড়াতে সরকারের এই প্রকল্পটিকে 'ইকো ফিশ ট্যুরিজম' নাম দেওয়া হয়েছে। প্রকল্পটির পরিকল্পনায় স্টেট ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড।

নলবনে এই প্রকল্প চালু হয়। এই প্রকল্পকে ঘিরে উন্মাদনা লক্ষ্য করার পর নতুন ভাবনা শুরু করে দফতর। এবার রাজ্য জুড়ে মাছ ধরার পরিকল্পনা। মৎস্য

...... এরপর ৩ পাতায়

### পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# পশ্চিমবঙ্গ সরকারে জুনিয়র ইঞ্জিনিয়ার

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগ, ডিরেক্টরেট এবং অফিসে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে বেশ কিছু প্রার্থী নিয়োগ করা হবে। নিয়োগ হবে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে। 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স (সিভিল/ মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল) রিক্রুটমেন্ট এক্সামিনেশন ২০১৭'-র মাধ্যমে প্রার্থিবাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। প্রাথমিকভাবে নিয়োগ হবে অস্থায়ীভাবে। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যের প্রার্থীরাও সাধারণ প্রার্থী হিসেবে এই পরীক্ষার আবেদন করতে পারেন। সেক্ষেত্রে তাঁরা কোনও সংরক্ষণের সুবিধা পাবেন না।

স্টেট কাউন্সিল ফর ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন

...... এরপর ৩ পাতায়

## হাসপাতালে ৪৫ ডাক্তার

জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার এবং সিনিয়র রেসিডেন্ট হিসেবে ৪৫ জনকে নিচ্ছে কলকাতার বিভিন্ন ইএসআই হাসপাতালে। প্রাথমিকভাবে নিয়োগ হবে ১ বছরের জন্য। তবে নিয়োগের মেয়াদ আরও ৩ বছর বাড়তে পারে। নিয়োগ হবে ইএসআই পিজিআইএমএসআর, ইএসআইসি মেডিক্যাল কলেজ এবং ইএসআইসি হসপিটাল অ্যান্ড ওডিসি (ইজেড), জোকায়।

...... এরপর ৭ পাতায়

# দিল্লি পুলিশে ৭০৭ মাল্টি টাস্কিং স্টাফ

মাল্টি টাস্কিং স্টাফ (সিভিলিয়ন) পদে ৭০৭ জনকে নিচ্ছে দিল্লি পুলিশে। নিয়োগ হবে কুক, সাফাই কর্মচারী, ওয়াটার ক্যারিয়ার, ধোবি সহ বিভিন্ন ট্রেডে। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

**কুক (পোস্ট কোড-A):** মোট শূন্যপদ ২৫৩টি (অসং ১২৭, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১৭, ওবিসি ১০২ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২৫, অস্থি প্রতিবন্ধী ৮)। মূল মাইনে ১৮,০০০ - ৫৬, ৯০০ টাকা।

**ওয়াটার ক্যারিয়ার (পোস্ট কোড-B):** মোট শূন্যপদ ৫৪টি (অসং ২৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ওবিসি ২০

...... এরপর ১৬ পাতায়

### ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশনে

# ১৬৩ ম্যানেজার

জয়েন্ট জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার, জুনিয়র/ সিনিয়র ম্যানেজার-সহ আরও অন্যান্য পদে মোট ১৬৩ জনকে নিচ্ছে ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এনএমডিসি)-তে। প্রাথমিকভাবে নিয়োগ হবে ৩ বছরের চুক্তিতে বা ডেপুটেশনে, ছত্তিশগড়ের জগদলপুরের নাগরনার ইন্টিগ্রেটেড স্টিল প্ল্যান্টে, মেকানিক্যাল, কেমিক্যাল, সেফটি, টাউন অ্যাডমিনিস্ট্রেশন প্রভৃতি শাখায়। পরে অবশ্য মেয়াদ ২ বছর বাড়তে পারে।

**মেকানিক্যাল, মেটালার্জি এবং কেমিক্যাল ডিসিপ্লিনে:** মোট শূন্যপদ ৭৮টি। এরমধ্যে — র' মেটিরিয়াল হ্যান্ডলিং সিস্টেমে মোট শূন্যপদ ৪টি (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ১, অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১ এবং

...... এরপর ১৪ পাতায়

### এয়ারলাইন অ্যালায়েড সার্ভিসেস লিমিটেডে

## ২৮ ইনস্ট্রাক্টর, অ্যাসিস্ট্যান্ট

সিমুলেটিক ফ্লাইট ইনস্ট্রাক্টর, স্টেশন ম্যানেজার এবং টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ২৮ জনকে নিচ্ছে এয়ারলাইন অ্যালায়েড সার্ভিসেস লিমিটেডে, চুক্তিতে। সন্তোষজনক কাজের দক্ষতার ওপর ভিত্তি করে চুক্তির মেয়াদ বাড়তে পারে।

(সিরিয়াল নং ৩) সিমুলেটিক ফ্লাইট

...... এরপর ৪ পাতায়

# শিপবিল্ডার্সে ২৬১ ট্রেনি অ্যাপ্রেন্টিস

ট্রেড অ্যাপ্রেন্টিস, গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস হিসেবে ২৬১ আসনে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দিচ্ছে গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেডে। ট্রেনিং হবে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুযায়ী ফিটার, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট সহ বিভিন্ন ট্রেডে। ট্রেড অ্যাপ্রেন্টিসে ট্রেনিং দেওয়া হবে প্রাক্তন আইটিআই এবং ফ্রেশারদের থেকে। নিয়োগ হবে কলকাতা এবং রাঁচিতে।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আইটিআই):** মোট আসন সংখ্যা ১৫০টি। ট্রেনিং হবে এইসব ট্রেডে— ফিটার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক),

...... এরপর ৪ পাতায়

### সিধো-কানহো-বিরশা বিশ্ববিদ্যালয়ে

## ৫৩ প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট

প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে মোট ৪৪ জনকে নিচ্ছে সিধো-কানহো-বিরশা বিশ্ববিদ্যালয়ে।

**প্রফেসর:** মোট শূন্যপদ ১৪টি। এরমধ্যে - (Prof 01) অ্যানথ্রপলজি অ্যান্ড ট্রাইবাল স্টাডিজে শূন্যপদ ১টি (অসং), (Prof 02) বটানিতে শূন্যপদ ১টি (তঃজাঃ), (Prof 03) কেমিস্ট্রিতে শূন্যপদ ১টি (অসং), (Prof 04) কমার্সে শূন্যপদ ১টি (অসং), (Prof 05) ইকনমিক্সে শূন্যপদ ১টি (অসং), (Prof 06) ইংলিশে শূন্যপদ ১টি (অসং), (Prof 07) জিওগ্রাফিতে

...... এরপর ৭ পাতায়

# এবার থেকে কেন্দ্রীয় প্রবেশিকা পরীক্ষা 'নন-এআইসিটিই' কোর্সে ভর্তির ক্ষেত্রে

নিজস্ব প্রতিনিধি : 'নন এআইসিটিই' কোর্সে ভর্তির জন্য আবারও প্রবেশিকা পরীক্ষা চালু করতে উদ্যোগী প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। 'কমন এন্ট্রান্স টেস্ট' এর নাম। আগামী শিক্ষাবর্ষ থেকে তা চালু হবে বলে জানা গিয়েছে। আগামী শিক্ষাবর্ষ থেকে যাঁরা ইঞ্জিনিয়ারিং ছাড়া অন্যান্য পেশাদারি পাঠ্যক্রমে ভর্তি হবেন, তাঁদের এই কেন্দ্রীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমেই এবার ভর্তি হতে হবে। ৫ বছর ধরে এটি বন্ধ থাকে।

নন এআইসিটিই কোর্সে নিয়ামক সংস্থার অনুমোদন প্রয়োজন পড়ে না। যেমন— বিবিএ, হোটেল ম্যানেজমেন্ট, হসপিটাল ম্যানেজমেন্ট ও মিডিয়া সায়েন্স প্রভৃতির ক্ষেত্রে। জয়েন্ট এন্ট্রান্স বোর্ড ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তির পরীক্ষা পরিচালনা করে। ঠিক তেমন এআইসিটিই কোর্সের জন্য এই প্রবেশিকা পরীক্ষা পরিচালনা করা হবে। ফল প্রকাশের পর মেধা তালিকা

...... এরপর ৯ পাতায়

# ১৯০ অ্যাসিস্ট্যান্ট, টেলর, অ্যাটেন্ড্যান্ট

অ্যাসিস্ট্যান্ট লন্ড্রি সুপারভাইজর, টেলর, স্যানিটারি ইনস্পেক্টর, লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট, মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান, কোডিং ক্লার্ক, ড্রাইভার-সহ আরও অন্যান্য পদে মোট ১৯০ জনকে নিচ্ছে রহিপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসে। মোট শূন্যপদের সংখ্যা বাড়তে বা কমতে পারে। প্রার্থীকে নীচের সব যোগ্যতা অর্জন করে থাকতে হবে ১২ জানুয়ারি বা তার আগে। নিয়োগে না হওয়া পর্যন্ত বা নিয়োগে প্রক্রিয়া চলাকালীন আবেদনকারীর প্রার্থীপদ পুরোপুরিভাবে অস্থায়ী বিবেচিত হবে।

**অ্যাসিস্ট্যান্ট লন্ড্রি সুপারভাইজর:** মোট শূন্যপদ ৪টি (অসং ৩, ওবিসি ১)। স্বীকৃত বোর্ডের উচ্চমাধ্যমিক/ সমতুল

...... এরপর ৪ পাতায়

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



# সম্পাদকীয়

বর্ষ ১১ সংখ্যা ৪৪ ● ২৩ ডিসেম্বর, ২০১৭

## ২০১৮ সালে চাকরির বাজার ও নিয়োগের সম্ভাবনা প্রবল

২০১৭ সাল সমাপ্তির পথে। ওই সালে তথ্যপ্রযুক্তি-টেলিকম সহ চাকরির বাজারের একাধিক ক্ষেত্রে কর্মী ছাঁটাই ছিল আলোচনার কেন্দ্রে। ২০১৮ সাল চাকরি প্রার্থীদের কাছে বিশেষ গুরুত্বপূর্ণ হতে চলেছে। ম্যানপাওয়ার গ্রুপ আন্তর্জাতিক ক্ষেত্রে কর্মী নিয়োগের বিষয়ে এমনই সম্ভাবনার কথা শুনিয়েছে। আগামী বছর নতুন কর্মী নিয়োগের ক্ষেত্রে ভারত উল্লেখযোগ্য ভূমিকায় থাকবে। ভারত তালিকায় ৩ নম্বরে জায়গা করে নিতে পারে। গোটা দেশের ৭টি মুখ্য শিল্প-বাণিজ্য ক্ষেত্রের সাড়ে ৪ হাজার নিয়োগ কর্তার সঙ্গে কথা বলে এমনই সম্ভাবনার কথা তুলে ধরছে সংস্থাটি। তাদের সমীক্ষা অনুযায়ী, আগামী বছরের প্রথম ৩ মাসেই নতুন কর্মী নিয়োগ করতে চাইছে ২২ শতাংশ সংস্থা। তালিকায় প্রথম দুটি স্থানে রয়েছে তাইওয়ান (২৫ শতাংশ) এবং জাপান (২৪ শতাংশ)। নোটবন্দি এবং জিএসটি-র পর ভারতীয় অর্থনীতির ফের স্থিতিশীল অবস্থায় পৌঁছনোর ইঙ্গিত মিলিছে। আগামী বছর ভারতে কর্মচারীরা পে-প্যাকেজে ১০-১৫ শতাংশ বৃদ্ধি আশা করতে পারেন বলে ওই সমীক্ষায় জানানো হয়েছে।



শুধু চাকরিদাতারাই নয়, প্রাইস ওয়াটার হাউস কুপার্সের মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন, জার্মানি, চিন, ভারত সহ বিশ্বের একাধিক দেশ নিয়ে হওয়া এক সমীক্ষায় জানা গিয়েছে, চাকরি প্রার্থীদের ৭৩ শতাংশ মনে করছেন, আগামী বছর থেকে চাকরির সম্ভাবনা অত্যন্ত আশাপ্রদ হারে বাড়বে। সার্বিকভাবে বিশ্বের একাধিক দেশে যেমন- ব্রাজিল, চিন এবং ভারতের চাকরির বাজারে সংকোচন এবং অনিশ্চয়তার যে বাতাবরণ তৈরি হয়, আগামী বছর তা অনেকটাই কেটে যাবে বলে মনে করছেন ম্যান পাওয়ার গ্রুপের বিশেষজ্ঞরা। উল্লেখ্য, ৪৩টি দেশের ৫৯ হাজার নিয়োগ কর্তার সঙ্গে কথা বলে এই সমীক্ষার ফলাফল পাওয়া গিয়েছে।

### কাজকেরিয়ার বিশেষ বিজ্ঞপ্তি

কাজকেরিয়ার পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যার সৃষ্টি করলে বা কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে তা প্রদান সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার পত্রিকা বা এফেক্ট পাবলিকেশন্স তার জন্য কোনওভাবেই দায়ী থাকবে না।

— সম্পাদক
কাজকেরিয়ার


### কাজকেরিয়ার

উত্তর-পূর্বাঞ্চলে
বিমান মাশুল সহ ১০ টাকা

সম্পাদকীয় ও বিজ্ঞাপন দপ্তর:
এফেক্ট পাবলিকেশন্স,
ব্লক-সিএফ-১০৯,
সল্টলেক সিটি, সেক্টর-১,
কলকাতা-৭০০ ০৬৪
ফোন: (০৩৩) ২৩৫৯-৫৯৩০/ ৪৪৫৫
মোবাইল: ৮০১৩৫৪৪৭০৫
ইমেল: editorkaajcareer@gmail.com

বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র:
১১৭ অরবিন্দ সরণি, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৬
মোবাইল: ৯৪৭৭২৬২৭৬১
সার্কুলেশন: ব্লক-সিএফ-১০৯, সল্টলেক সিটি, সেক্টর-১, কলকাতা-৭০০ ০৬৪
ফোন: ৮০১৩৫৪৪৭০৫

: ত্রিপুরা অফিস:
সম্পাদক- কণিকা চক্রবর্তী
প্রযত্নে— কাজকেরিয়ার, ওল্ড আরএমএস রোড চৌমুহনি, আগরতলা, ত্রিপুরা (পশ্চিম)
পিন- ৭৯৯০০১। ফোন: (০৩৩) ২৩৫৯-৫৯৩০/ ৪৪৫৫
মোবাইল: ৮০১৩৫৪৪৭০৫


# পশ্চিমবঙ্গের বিবিধ

Teacher (Female) in Computer Science (Post Graguate) for H.S. Section with B.Ed. (General) against deputation vacancy in Champahati Girls' High School (H.S.), P.O.- Champahati, 24 pgs(S), Pin- 743330 (Phone- 03218-261835). Candidates are requested to apply to the Secretary within 10 days with 2 photo copies of all certificates and testimonials along with caste certificates. Deputation vacancy starts on 04/07/2017 to 30/06/2018. পৌ. স্বত্ব (১২/১২/১৭)

**Deputation Vacancy**

Wanted an A.T. in Bengali (Pass) S.C. category. Preferably trained in deputation vacancy upto 30.06.2018. Apply to the Secretary Purnapani Jr. High School, Vill+ Post- Purnapani, Lalgarh, Dist- Jhargram, PIN- 721516. With Bio-data and 2 sets of attested testimonials and a self addressed envelop with postal stamp of Rs. 25, affixed on it within 10 days from the Publication of this advertisement. পৌ. স্বত্ব (১২/১২/১৭)

**শিক্ষক-শিক্ষিকা**

Apply within 15 days for the post of A.T. unreserved PH category of B.Sc. (Bio), B.Ed. with 2 sets of testimonials under deputation vacancy. H.M. Panchthupi, T.N. Institution, P.O.- Panchthupi, Dist- Murshidabad. পৌ. স্বত্ব (১২/১২/১৭)

Wanted an A.T., P.G in Santali U.R. Preferably B.Ed. on deputation vacancy. Apply to the secretary, Bahirgram K.B. High School, P.O.- Kanimohuli, P.S.- Jamboni, Dist- Jhargram within 10 days. পৌ. স্বত্ব (১২/১২/১৭)

**কর্মখালি**

Wanted an A.T. (B.A.– Pass with English), trained in S.C. category in deputation vacancy upto 30.06.2018. Apply within 10 days to the Secretary, Shibpur J.K.S. High School, Shibpur, Nadia, Pin- 741124 with all testimonials (xerox copies). পৌ. স্বত্ব. (১৪/১২/১৭)

# উত্তর-পূর্বাঞ্চল বিবিধ

**Home Tuition**

Class (VI to X), Arts group (CBSE) Kendriya Vidhalaya, Don Bosco, Sri Krishna Mission by experience teacher. Contact No. : 7005582577. কৌ. দৈস

**TUITION**

II-V ইংরেজি মাধ্যমের ছাত্রছাত্রীদের যত্নসহকারে বাড়িতে গিয়ে পড়ানো হয়। Phone : 8837302710 / 9862770717 কৌ. দৈস

**SPOKEN ENGLISH**

ভর্তি চলছে- বড়দের ও ছোটদের ২০১৮ ইং (নতুন ব্যাচ)। শ্রীকৃষ্ণ বিজ্ঞান কেন্দ্র A.B. Das (M.A.), Mob: 09862472098, Beside-ISKCON, Agartala Opposite- Ward Office-21. কৌ. দৈস

**HOME TUITION**

Class-IX, X Science Group এবং Class-XI, XII Chemistry বাড়িতে গিয়ে পড়ানো হয়। Contact : 8787677599. কৌ. দৈস

**Home Tuition**

ক্লাস IV থেকে VII পর্যন্ত বাড়িতে গিয়ে যত্নসহকারে পড়ানো হয়। Contact : 9436368484 / 9612856777. কৌ. দৈস

## ট্রেনিং দিয়ে রেলে

১ পাতার পর ....

নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

শুরুতে ট্রেনিং। ট্রেনিং চলাকালীন সরকারি নিয়ম অনুযায়ী মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাবেন।

প্রার্থিবাছাই হবে মাধ্যমিক ও আইটিআইয়ে পাওয়ার নম্বরের ভিত্তিতে, মেধাতালিকা প্রস্তুতের মাধ্যমে। এরপরে হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা।

আবেদন করবেন অনলাইনে www.rrcnr.org ওয়েবসাইটের মাধ্যমে, ২৮ ডিসেম্বর থেকে ২৭ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের এই ফি দিতে হবে না। অনলাইনে ফি জমা হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নং: RRC/ NR/03/2017/Apprentice Act। কোন ট্রেডে কটি আসন, ফি জমা দেওয়ার পদ্ধতি, আবেদনের পদ্ধতি ইত্যাদি সম্পর্কে আরও বিস্তারিত জানতে পারবেন ২৮ ডিসেম্বর থেকে ওপরে বলা ওয়েবসাইটে।

## ৭৬ সায়েন্টিস্ট

১ পাতার পর ....

যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

বিষয়/ ডিসিপ্লিন অনুযায়ী শূন্যপদগুলি হল— ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (আইটেম নং-১)— মোট শূন্যপদ ১৭টি। এরমধ্যে থেকে **ডিআরডিওতে**: শূন্যপদ ১২টি (অসং ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৩) এবং **এডিএতে**: শূন্যপদ ৫টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ২)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্তত ৬০ শতাংশ নম্বর সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন সিস্টেম ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি-কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিম্যাটিক্স ইঞ্জিনিয়ারিং/ ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ টেলি কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি/ অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল সহ কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনও একটির বি ই কিংবা বি টেক ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (EC) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (আইটেম নং-২)— মোট শূন্যপদ ১৪টি। এরমধ্যে থেকে **ডিআরডিওতে**: শূন্যপদ ৯টি (অসং ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৩) এবং **এডিএতে**: শূন্যপদ ৫টি (অসং ১, তঃজাঃ ২, ওবিসি ২)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় অন্তত ৬০ শতাংশে সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনও একটি বি ই কিংবা বি টেক ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME) বিষয়ে ২০১৫/২০১৬/২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (আইটেম নং-৩)— **ডিআরডিওতে**: মোট শূন্যপদ ৯টি (অসং ৬, তঃজাঃ ১, ওবিসি ২)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্তত ৬০ শতাংশ নম্বর সহ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স/ অ্যাপ্লায়েড ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/ কম্পিউটার টেকনোলজি অ্যান্ড ইনফর্মেটিক্স ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি অ্যান্ড ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফর্মেশন সায়েন্স বা টেকনোলজি ইঞ্জিনিয়ারিং/ ইনফর্মেশন টেকনোলজি ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার নেটওয়ার্কিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনও একটির বি ই কিংবা বি টেক ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি (CS) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই ডিসিপ্লিনটিতে শ্রবণ প্রতিবন্ধীও আবেদনের যোগ্য।

ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (আইটেম নং-৪)— **ডিআরডিওতে**: শূন্যপদ ৬টি (অসং ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২)। অন্তত ৬০ শতাংশে নম্বর সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড রিনিউয়েবল এনার্জি ইঞ্জিনিয়ারিং/ পাওয়ার ইঞ্জিনিয়ারিং/ পাওয়ার ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল সহ কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এর যে কোনও একটি বি ই কিংবা বি টেক ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (EE) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

অ্যারোনটিক্যাল/ অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং (আইটেম নং-৫)— মোট শূন্যপদ ৩টি। এরমধ্যে থেকে **ডিআরডিওতে**: শূন্যপদ ২টি (অসং) এবং **এডিএতে**: শূন্যপদ ১টি (তঃউঃজাঃ)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং/ অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং/ অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিংয়ের বি ই কিংবা বি টেক ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং (AE) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (আইটেম নং-৬)— **ডিআরডিওতে**: শূন্যপদ ২টি (তঃজাঃ ১, ওবিসি ১)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ কেমিক্যাল টেকনোলজি/ কেমিক্যাল প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং/ অ্যাপ্লায়েড কেমিক্যাল অ্যান্ড পলিমার টেকনোলজি/ পলিমার সায়েন্স অ্যান্ড কেমিক্যাল টেকনোলজি/ কেমিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এর যে কোনও একটির বি ই কিংবা বি টেক ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (CH) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং (আইটেম নং-৭)— **ডিআরডিওতে** শূন্যপদ ২টি (অসং)। অন্তত ৬০ শতাংশে নম্বর সহ ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং/ অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং/ পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং-এর যে কোনও একটির বি ই কিংবা বি টেক ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং (IN) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই ডিসিপ্লিনটিতে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদন করতে পারবেন।

ম্যাথমেটিক্স (আইটেম নং-৮)

...এরপর ৩ পাতায়

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



## ৭৬ সায়েন্টিস্ট

২ পাতার পর ....

**ডিআরডিওতে**: শূন্যপদ ৪টি (অসং ১, ওবিসি ২)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ ম্যাথমেটিক্স/ অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স/ ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং/ ইন্ডাস্ট্রিয়াল ম্যাথমেটিক্স/ ইন্ডাস্ট্রিয়াল ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটার অ্যাপ্লিকেশন্স/ ইন্ডাস্ট্রিয়াল ম্যাথমেটিক্স অ্যান্ড ইনফর্মেটিক্স-এর যে কোনও একটির মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে ম্যাথমেটিক্স (MA) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই বিষয়টিতে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদন করতে পারবেন।

ফিজিক্স (আইটেম নং-৯)— **ডিআরডিওতে**: শূন্যপদ ৪টি (অসং ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ ফিজিক্স/ ফিজিক্স (ইলেক্ট্রনিক্স)/ অ্যাপ্লায়েড ফিজিক্স/ সলিড স্টেট ফিজিক্স/ অ্যাস্ট্রোফিজিক্স/ কম্পিউটেশনাল ফিজিক্স/ স্পেস ফিজিক্স/ ইঞ্জিনিয়ারিং ফিজিক্স/ নিউক্লিয়ার ফিজিক্স-এর যে কোনও একটির মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে ফিজিক্স (PH) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই বিষয়টিতে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদন করতে পারবেন।

কেমিস্ট্রি (আইটেম নং-১০)— **ডিআরডিওতে**: শূন্যপদ ২টি (অসং)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ কেমিস্ট্রি/ অর্গানিক কেমিস্ট্রি/ ইন-অর্গানিক কেমিস্ট্রি/ অ্যানালিটিক্যাল কেমিস্ট্রি/ ফিজিক্যাল কেমিস্ট্রি-এর যে কোনও একটির মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে কেমিস্ট্রি (CY) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই বিষয়টিতে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদন করতে পারবেন।

জিওলজি (আইটেম নং-১১)— **ডিআরডিওতে**: শূন্যপদ ১টি (অসং)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ জিওলজি/ অ্যাপ্লায়েড জিওলজি/ জিও-ইনফর্মেটিক্স/ জিওলজি অ্যান্ড মাইনারোলজি/ আর্থ সায়েন্স/ জিওফিজিক্স/ অ্যাপ্লায়েড জিওফিজিক্স-এর যে কোনও একটির মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে জিওলজি (GG) বিষয়ে ২০১৫/ ২০১৬/ ২০১৭ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই বিষয়টিতে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদন করতে পারবেন।

অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং (আইটেম নং-১২)— **ডিআরডিওতে**: শূন্যপদ ১টি (ওবিসি)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং/ অটোমোটিভ ইঞ্জিনিয়ারিং/ অটোমোটিভ ডিজাইন ইঞ্জিনিয়ারিং-এর যে কোনও একটি বি ই কিংবা বি টেক ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন।

সেরামিক ইঞ্জিনিয়ারিং (আইটেম নং-১৩)— **ডিআরডিওতে**: শূন্যপদ ১টি (তঃজাঃ)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ সেরামিক ইঞ্জিনিয়ারিং/ সেরামিক টেকনোলজি/ সেরামিক অ্যান্ড সিমেন্ট টেকনোলজি-এর যে কোনও একটির বি ই কিংবা বি টেক ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। এই ডিসিপ্লিনে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদনের যোগ্য।

মেটিরিয়াল সায়েন্স (আইটেম নং-১৪)— **ডিআরডিওতে**: শূন্যপদ ২টি (অসং)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ মেটিরিয়াল সায়েন্স/ মেটিরিয়াল সায়েন্স অ্যান্ড ন্যানো টেকনোলজির মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। এই ডিসিপ্লিনে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদনের যোগ্য।

পলিমার সায়েন্স (আইটেম নং-১৫)— **ডিআরডিওতে**: শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ পলিমার সায়েন্সের মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। এই ডিসিপ্লিনে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদনের যোগ্য।

অ্যাটমোস্ফেরিক সায়েন্স (আইটেম নং-১৬)— ডিআরডিওতে: শূন্যপদ ১টি (তঃউঃজাঃ)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ অ্যাটমোস্ফেরিক সায়েন্স/ মেটিওরোলজি/ ক্লাইমেট সায়েন্স অ্যান্ড পলিসি/ অ্যাটমোস্ফেয়ার অ্যান্ড ওশান সায়েন্স/ ক্লাইমেটোলজি-এর যে কোনও একটির মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। এই ডিসিপ্লিনে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদনের যোগ্য।

ফিজিক্যাল ওশানোগ্রাফি (আইটেম নং-১৭)— ডিআরডিওতে: শূন্যপদ ১টি (তঃজাঃ)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ ফিজিক্যাল ওশানোগ্রাফি/ ওশানোগ্রাফির মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। এই ডিসিপ্লিনে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদনের যোগ্য।

সাইকোলজি (আইটেম নং-১৮)— **ডিআরডিওতে**: শূন্যপদ ৪টি (অসং ২, ওবিসি ২)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ সাইকোলজি/ অ্যাপ্লায়েড সাইকোলজি/ ক্লিনিক্যাল সাইকোলজি/ কাউন্সেলিং বা কাউন্সেলিং অ্যান্ড গাইডেন্স সাইকোলজি/ হেলথ সাইকোলজি/ মিলিটারি সাইকোলজি/ কগনিটিভ সাইকোলজি/ সাইকোলজি (অর্গানাইজেশনাল বিহেভিয়ার)/ ফিজিওলজিক্যাল সাইকোলজি/ অ্যাবনর্মাল সাইকোলজি/ সোশ্যাল সাইকোলজি/ এডুকেশনাল সহিকোলজি/ ইন্ডাস্ট্রিয়াল সাইকোলজি বা সাইকোলজি সংক্রান্ত ওপরে বলা যে কোনও কম্বিনেশন-এর মাস্টার ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। এই ডিসিপ্লিনে শ্রবণ প্রতিবন্ধীরাও আবেদনের যোগ্য।

সবক্ষেত্রেই জার্মান/ ফ্রেঞ্চ/ রাশিয়ান/ জাপানিজ/ চাইনিজ ভাষার জ্ঞান থাকলে ভাল। বয়স হতে হবে ৬-১-২০১৮ তারিখের হিসেবে ডিআরডিও-র ক্ষেত্রে ২৮ বছরের মধ্যে এবং এডিএ-র ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মূল মাইনে সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুযায়ী ৫৬,১০০ টাকা।

ডিআরডিও-র ক্ষেত্রে সায়েন্টিস্ট-বি পদের বাছাই প্রার্থীদের পুণের ডিফেন্স ইনস্টিটিউট অফ অ্যাডভান্সড টেকনোলজি/ মুসৌরির ইনস্টিটিউট অফ টেকনোলজি ম্যানেজমেন্টে পুরো সময়ের পোস্ট ইন্ডাকশন ট্রেনিং হবে।

আইটেম নং ১ থেকে ১১ পর্যন্ত ডিসিপ্লিন/ বিষয়গুলির ক্ষেত্রে প্রার্থিবাছাই হবে গেট পরীক্ষায় পাওয়া নম্বর এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। আইটেম নং ১২ থেকে ১৮ পর্যন্ত ডিসিপ্লিন/ বিষয়গুলির ক্ষেত্রে প্রার্থিবাছাই হবে মেধাতালিকা/ আলাদাভাবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করবেন অনলাইনে https://rac.gov.in ওয়েবসাইটের মাধ্যমে, ৬ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (৩০ কেবি সাইজের মধ্যে) এবং যাবতীয় প্রমাণপত্র (প্রতিটি ৫০০ কেবি সাইজের মধ্যে) ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথম ওপরে বলা ওয়েবসাইটে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেবেন অনলাইনে। ফি জমা হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে দিয়ে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠিয়ে নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 130। অনলাইন আবেদন করতে কোনও অসুবিধা হলে ফোন করতে পারেন এই নম্বরে: 011-23830599 অথবা ইমেল করতে পারেন এই আইডিতে: pro@recruitment.drdo.in। এছাড়া এই বিজ্ঞপ্তি সংক্রান্ত কোনও জিজ্ঞাস্য থাকলে ফোন করবেন 011-23812955 (Extn-402) নম্বরে। অথবা যে কোনও কাজের দিন ইমেল করবেন এই আইডিগুলিতে: director@recruitment.drdo.in অথবা directrecruitment@recruitment.drdo.in অথবা pro@recruitment.drdo.in। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা এবং https://drdo.gov.in ওয়েবসাইটে।

## ৮১৮ ফিটার

১ পাতার পর ....

**ক্লার্ক**: মোট শূন্যপদ ১১০টি (অসং ৬৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১১, ওবিসি ২৫ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৫, প্রাক্তন সমরকর্মী ১১, মেধাবি খেলোয়াড় ৫)। **ফায়ারম্যান**: মোট শূন্যপদ ৬১টি (অসং ৩৭, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৬ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২, মেধাবি খেলোয়াড় ২)। **কুক**: মোট শূন্যপদ ৫টি (অসং ৪, ওবিসি ১)। **স্টেনো গ্রেড টু**: মোট শূন্যপদ ২টি (অসং)। **ট্রেডসম্যান মেট**: মোট শূন্যপদ ৫৬১টি (অসং ৩০৪, তঃজাঃ ৪২, তঃউঃজাঃ ৩৯, ওবিসি ১৭৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২৪, প্রাক্তন সমরকর্মী ৫৫, মেধাবি খেলোয়াড় ২৭)। **সাফাইওয়ালা**: মোট শূন্যপদ ২৬টি (অসং ১৬, তঃউঃজাঃ ২, ওবিসি ৮ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, মেধাবি খেলোয়াড় ১)। **ম্যাসেঞ্জার**: মোট শূন্যপদ ১৪টি (অসং ৮, ওবিসি ৬ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। **ওয়াশারম্যান**: মোট শূন্যপদ ২টি (অসং)। **গার্ডেনার**: মোট শূন্যপদ ১টি (অসং)। **ফিমেল সার্চার**: মোট শূন্যপদ ৪টি (অসং ২, ওবিসি ২)। **আর্মারার**: মোট শূন্যপদ ২টি (অসং)। **টেলি অপারেটর**: মোট শূন্যপদ ২টি (অসং)। **সিভিলিয়ান মোটর ড্রাইভার (অর্ডিনারি গ্রেড)**: মোট শূন্যপদ ২টি (অসং)। **স্যাডলার**: মোট শূন্যপদ ১টি (অসং)। **ফিটার (এমভি)**: মোট শূন্যপদ ১টি (অসং)। **ভেন্ডার**: মোট শূন্যপদ ৩টি (অসং)। **বার্বার**: মোট শূন্যপদ ১টি (অসং)। **টিন অ্যান্ড কপার স্মিথ**: মোট শূন্যপদ ১টি (অসং)। **ভেহিকল মেকানিক**: মোট শূন্যপদ ১টি (ওবিসি)। **টেলর**: মোট শূন্যপদ ১টি (অসং)। **পেইন্টার অ্যান্ড ডেকরেটর**: মোট শূন্যপদ ১টি (অসং)। **কার্পেন্টার অ্যান্ড জয়েনার**: মোট শূন্যপদ ৩টি (অসং)। **ইলেক্ট্রিশিয়ান**: মোট শূন্যপদ ২টি (অসং)।

ডিপো/ ইউনিট অনুযায়ী শূন্যপদগুলি হল— **মেটিরিয়াল অ্যাসিস্ট্যান্ট**: পুলগাঁওয়ে শূন্যপদ ১টি, পুণেতে শূন্যপদ ৮টি, চেন্নাইয়ে শূন্যপদ ১টি। **লোয়ার ডিভিশন ক্লার্ক**: পুণেতে শূন্যপদ ৮৩টি, যোধপুরে শূন্যপদ ১৯টি, জয়সালমেরে শূন্যপদ ৪টি, সৌগরে শূন্যপদ ১টি, মুম্বাইয়ে শূন্যপদ ৩টি। **ফায়ারম্যান**: পুণেতে শূন্যপদ ১০টি, যোধপুরে শূন্যপদ ২৩টি, জয়সালমেরে শূন্যপদ ৮টি, জসাইয়ে শূন্যপদ ৪টি, সৌগরে শূন্যপদ ২টি, ভুজে শূন্যপদ ১৩টি, ঝাঁসিতে শূন্যপদ ১টি। **কুক**: পুণেতে শূন্যপদ ৪টি, চেন্নাইয়ে শূন্যপদ ১টি। **স্টেনো গ্রেড-টু**: পুণেতে শূন্যপদ ২টি। **ট্রেডসম্যান মেট**: পালগাঁওয়ে শূন্যপদ ৩৯টি, পুণেতে শূন্যপদ ১৬০, আমেদাবাদে শূন্যপদ ৩, যোধপুরে শূন্যপদ ৮৭, সেকেন্দ্রাবাদে শূন্যপদ ২, জয়সালমেরে শূন্যপদ ৩৮, জসাইয়ে শূন্যপদ ৫০, বাবিনায় শূন্যপদ ৩, সৌগরে শূন্যপদ ২, ভুজে শূন্যপদ ৩, মুম্বাইয়ে শূন্যপদ ২০, নাসিরাবাদে শূন্যপদ ৫, ঝাঁসিতে শূন্যপদ ৫, চেন্নাইয়ে শূন্যপদ ১৪৪। **সাফাইওয়ালা**: পুলগাঁওয়ে শূন্যপদ ৩টি, পুণেতে শূন্যপদ ১৭টি, যোধপুরে শূন্যপদ ২টি, মুম্বাইয়ে শূন্যপদ ২টি, চেন্নাইয়ে শূন্যপদ ২টি। **ম্যাসেঞ্জার**: পুলগাঁওয়ে শূন্যপদ ৩টি, পুণেতে শূন্যপদ ৬টি, যোধপুরে শূন্যপদ ২টি, সেকেন্দ্রাবাদে শূন্যপদ ১টি, চেন্নাইয়ে শূন্যপদ ২টি। **ওয়াশারম্যান**: মুম্বাইয়ে শূন্যপদ ২টি। **গার্ডেনার**: পুলগাঁওয়ে শূন্যপদ ১টি। **ফিমেল সার্চার**: পুণেতে শূন্যপদ ৪টি। **আর্মারার**: পুণেতে শূন্যপদ ২টি। **টেলি অপারেটর**: যোধপুরে শূন্যপদ ২টি। **সিভিলিয়ান মোটর ড্রাইভার (অর্ডিনারি গ্রেড)**: মুম্বাইয়ে শূন্যপদ ২টি। **স্যাডলার**: যোধপুরে শূন্যপদ ২টি। **ফিটার (এমভি)**: পুণেতে শূন্যপদ ১টি। **ভেন্ডার**: পুণেতে শূন্যপদ ৩টি। **বার্বার**: মুম্বাইয়ে শূন্যপদ ১টি। **টিন অ্যান্ড কপার স্মিথ**: পুণেতে শূন্যপদ ১টি। **ভেহিকল মেকানিক**: পুলগাঁওয়ে শূন্যপদ ১টি। **টেলর**: পুণেতে শূন্যপদ ১টি। **পেইন্টার অ্যান্ড ডেকরেটর**: পুণেতে শূন্যপদ ১টি। **কার্পেন্টার অ্যান্ড জয়েনার**: পুণেতে শূন্যপদ ৩টি। **ইলেক্ট্রিশিয়ান**: চেন্নাইয়ে শূন্যপদ ২টি।

মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে মেটিরিয়াল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২,৮০০ টাকা, লোয়ার ডিভিশন ক্লার্ক/ ফায়ারম্যান/ কুক/ আর্মারার/ টেলি অপারেটর/ সিভিলিয়ান মোটর ড্রাইভার/ স্যাডলার/ ফিটার (এমভি)/ টিন অ্যান্ড কপার স্মিথ/ ভেহিকল মেকানিক/ টেলর/ পেইন্টার অ্যান্ড ডেকরেটর/ কার্পেন্টার অ্যান্ড জয়েনার/ ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে ১,৯০০ টাকা, স্টেনো গ্রেড-টু পদের ক্ষেত্রে ২,৪০০ টাকা, ট্রেডসম্যান মেট/ সাফাইওয়ালা/ ম্যাসেঞ্জার/ ওয়াশারম্যান/ গার্ডেনার/ ফিমেল সার্চার/ ভেন্ডার/ বার্বার পদের ক্ষেত্রে ১,৮০০ টাকা।

আবেদন করবেন অনলাইনে www.aocrecruitment.gov.in ওয়েবসাইটের মাধ্যমে, ২১ ডিসেম্বর থেকে ১০ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, কোনও সচিত্র পরিচয়পত্র (আধার কার্ড/ প্যান কার্ড ইত্যাদি), মাধ্যমিকের সার্টিফিকেট/ গ্র্যাজুয়েশনের সার্টিফিকেট ইত্যাদি (সর্বাধিক ৮০ কেবি সাইজের মধ্যে) ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। এবার যাবতীয় তথ্য দিয়ে আবেদনপত্র সাবমিট করে ই-অ্যাকনলেজমেন্ট স্লিপের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। বাছাই প্রার্থীদের ইমেল/ এসএমএস/ কললেটার মারফত জানিয়ে দেওয়া হবে। উল্লেখ্য, এই নিয়োগের সম্পূর্ণ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ও প্রার্থিবাছাইয়ের পদ্ধতি, আবেদনের ফি ইত্যাদি যাবতীয় তথ্য পাবেন ২১ ডিসেম্বর থেকে ওপরে বলা ওয়েবসাইটে। এছাড়া বিজ্ঞপ্তি প্রকাশিত হলে কাজকেরিয়ারেও বিশদে জানিয়ে দেওয়া হবে।

## পশ্চিমবঙ্গ সরকারে

১ পাতার পর ....

(পশ্চিমবঙ্গ) স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। প্রার্থীকে বাংলায় লিখতে, পড়তে এবং সাবলীল কথা বলতে জানতে হবে। তবে দার্জিলিং জেলার সাব-ডিভিশন, দার্জিলিং সদর এবং কার্শিয়াং ও কালিম্পং জেলার নেপালিভাষী প্রার্থীদের ক্ষেত্রে এটি প্রয়োজন নয়।

বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৩২ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৮১ বা তার পরে। পশ্চিমবঙ্গের তফশিলিরা ৫, বিসিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন এবং শারীরিক প্রতিবন্ধীরা সর্বাধিক ৪৫ বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারেন। মূল মাইনে ৯,০০০ - ৪০,৫০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৪০০ টাকা।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা এবং পার্সোনালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষার প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এই পরীক্ষা হবে উত্তর ও দক্ষিণ কলকাতায়। পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৮ ফেব্রুয়ারি। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা।

আবেদন করবেন অনলাইনে www.pscwbonline.gov.in ওয়েবসাইটের মাধ্যমে, ৩ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি ও সই স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথমে ওপরে বলা ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে ওয়ান টাইম রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন হয়ে গেলে পাবেন ইউজার আইডি ও পাসওয়ার্ড। এটির সাহায্যে আবেদন করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। ফি জমা দেবেন অনলাইনে অথবা অফলাইনে। ডেবিট/ ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দিতে হবে কনভেনিয়েন্স ফি বাবদ অতিরিক্ত ৫ টাকা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিলে কনভেনিয়েন্স ফি বাবদ অতিরিক্ত ৫ টাকা দিতে হবে। এছাড়া অনলাইনের ক্ষেত্রে জিএসটি বাবদ অতিরিক্ত টাকাও দিতে হবে। এছাড়া অফলাইনে চালানের মাধ্যমে ব্যাঙ্ক কাউন্টারের ফি জমা দিলে সেক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ অতিরিক্ত ২০ টাকা দিতে হবে। অফলাইনে ফি জমা দেওয়া যাবে ৪ জানুয়ারি পর্যন্ত। তবে চালান কিন্তু ৩ জানুয়ারির মধ্যেই জেনারেট করতে হবে। পশ্চিমবঙ্গের তফশিলি এবং শারীরিক প্রতিবন্ধীদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে ফাইনাল সাবমিশনের পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও না পাঠিয়ে নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 25/2017। প্রয়োজনে যে কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে ফোন করতে পারেন এই নম্বরগুলিতে— অফলাইনে পেমেন্টের ক্ষেত্রে এই নম্বরে: (033) 2262-4181। অনলাইনে পেমেন্টের ক্ষেত্রে এই নম্বরে: (033) 4003-5104। জেনারেল ইনফর্মেশনের জন্য এই নম্বরে: (033) 2419-8185। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ইকো-ফিশ

১ পাতার পর ....

দফতর সূত্রে জানা গিয়েছে, সাধারণ মানুষের ভ্রমণকে আরও বৈচিত্র্যময় করে তোলার জন্যই এই উদ্যোগ।

মৎস্য দফতর সূত্রে আরও খবর, ২ দিন ১ রাতের এই বিশেষ পর্যটনে মাথা পিছু খরচ ১ হাজার টাকা থেকে শুরু। সেই সূত্রে ৪ জনের একটি পরিবারের খরচ হবে ৪ হাজার থেকে সাড়ে ৪ হাজার টাকা। এই প্রকল্প চালু করার প্রয়াস চলছে। সুন্দরবনের কিছু এলাকা সহ রাজ্যের অন্য কয়েকটি জায়গায় চালু হবে এই উদ্যোগ। সুন্দরবনের ফ্রেজারগঞ্জ, হেনরি আইল্যান্ড, বকখালি, চন্দনপিড়ি, দুসকরা, মোনারি ও দিঘার লেককে এই প্রকল্পের জন্য বেছে নিয়েছে সরকার।

অন্যদিকে রাজ্যের বেশির ভাগ মানুষই মৎস্যপ্রেমী। তাই বেড়াতে যাওয়ার সঙ্গে এই মাছ শিকার জুড়লেই পাহাড় ও সমুদ্রের পর জলাশয় নিয়েও উন্মাদনা বাড়বে বলে ধারণা সরকারের।

এ বিষয়ে আরও জানা গিয়েছে, দু'দিনের এই সফরের জন্য পর্যটকদের অনলাইনে বুকিং করতে হবে। দফতরের বাস পর্যটকদের স্থির করা জায়গা থেকেই তুলে নেবে। বাসের মধ্যেই জলখাবার ও দুপুরের খাওয়া-দাওয়ার বন্দোবস্ত করা হবে। বাতানুকূল গাড়িতে পর্যটকদের প্রাকৃতিক দৃশ্য দেখানো হবে। দ্বিতীয় দিনে আরও আকর্ষণীয় উপহার তুলে দেবে মৎস্য দফতর। নৌকায় করে নিয়ে যাওয়া হবে জলাশয়ে। সেখানে পর্যটকরা মাছকে খাবার দেওয়ার পাশাপাশি জেলেদের সঙ্গে মাছ ধরার সময় জালও টানতে পারবেন। জলাশয় থেকে মাছও ধরতে পারবেন।

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



## শিপবিল্ডার্সে ২৬১

১ পাতার পর ....

ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট (পাসা), পাইপ ফিটার, কার্পেন্টার, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ইলেক্ট্রনিক্স মেকানিক, পেইন্টার (জেনারেল), ফর্জার অ্যান্ড হিট ট্রিটার, মেকানিক (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার-কন্ডিশনিং), মেকানিক (ডিজেল)।

ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে এবং সংশ্লিষ্ট ট্রেডে অল ইন্ডিয়া ট্রেড টেস্টে পাশ করে থাকলে আবেদন করতে পারেন। পাশাপাশি প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (কোপা) ট্রেডে, পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে প্লাম্বার ট্রেডের এনটিসি সার্টিফিকেটধারীরাও আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ১-১-২০১৮ তারিখের হিসেবে ১৪ থেকে ২৫ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১-১৯৯৩ থেকে ১-১-২০০৪-এর মধ্যে। পাইপ ফিটার ছাড়া বাকি সব ট্রেডের ক্ষেত্রে ট্রেনিংয়ের মেয়াদ ১২ মাস। কেবলমাত্র পাইপ ফিটার ট্রেডের ক্ষেত্রে ট্রেনিংয়ের মেয়াদ ২৪ মাস। ট্রেনিং হবে কলকাতা এবং রাঁচি ইউনিটে।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার)**: মোট আসন সংখ্যা ৩৬টি। ট্রেনিং হবে এইসব ট্রেডে— ফিটার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, মেশিনিস্ট। মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৮ তারিখের হিসেবে ১৪ থেকে ২০ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১-১৯৯৮ থেকে ১-১-২০০৪-এর মধ্যে। ট্রেনিংয়ের মেয়াদ অ্যাপ্রেন্টিস অ্যাক্ট অনুযায়ী। ট্রেনিং হবে কেবলমাত্র কলকাতা ইউনিটে।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস**: মোট আসন সংখ্যা ৩৮টি। ট্রেনিং হবে এইসব ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে— মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল।

মেকানিক্যালের ক্ষেত্রে— মেকানিক্যাল/ মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে— ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশনের ক্ষেত্রে— ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে— অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন কন্ট্রোল/ ইলেক্ট্রনিক্স/ ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ ইনস্ট্রুমেন্টেশন/ ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি/ ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজির ক্ষেত্রে— কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার টেকনোলজি/ ইনফর্মেশন টেকনোলজির ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সিভিলের ক্ষেত্রে— সিভিল ইঞ্জিনিয়ারিং/ সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং/ স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

যাঁরা ২০১৫, ২০১৬ এবং ২০১৭ সালে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি অর্জন করেছেন কেবলমাত্র তাঁরাই আবেদনের যোগ্য। যাঁরা ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট গ্র্যাজুয়েট (এম ই/ এম টেক/ এমবিএ) ডিগ্রি অর্জন করেছেন, তাঁরা আবেদন করবেন না। বয়স হতে হবে ১-১-২০১৮ তারিখের হিসেবে ১৪ থেকে ২৬ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১-১৯৯২ থেকে ১-১-২০০৪-এর মধ্যে। ট্রেনিংয়ের মেয়াদ ১২ মাস। ট্রেনিং হবে কেবলমাত্র কলকাতা ইউনিটে।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস**: মোট আসন সংখ্যা ৩৭টি। ট্রেনিং হবে এইসব ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে— মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যা, সিভিল।

মেকানিক্যালের ক্ষেত্রে— মেকানিক্যাল/ মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে— ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সিভিলের ক্ষেত্রে— সিভিল ইঞ্জিনিয়ারিং/ সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং/ স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন।

যাঁরা ২০১৫, ২০১৬ এবং ২০১৭

...এরপর ১৪ পাতায়

## ২৮ ইনস্ট্রাক্টর

১ পাতার পর ....

**ইনস্ট্রাক্টর**: মোট শূন্যপদ ২টি। নিয়োগ হবে দিল্লি/ হায়দরাবাদে, ৩ বছরের চুক্তিতে। এরজন্য প্রার্থীকে ফিক্সড টার্ম এমপ্লয়মেন্ট অ্যাগ্রিমেন্ট এবং ইনডেমনিটি বন্ড সম্পাদন করতে হবে। সেই মোতাবেক প্রার্থী যদি ৩ বছরের মেয়াদ সম্পূর্ণ হওয়ার আগে কাজ ছেড়ে দেন তাহলে তাঁকে এয়ারলাইন অ্যালায়েড সার্ভিসেস লিমিটেডকে ফিক্সড টার্ম এমপ্লয়মেন্ট অ্যাগ্রিমেন্টে উল্লিখিত ট্রেনিং কস্টের পুরোটাই ফেরত দিতে হবে। এই অর্থমূল্য নেওয়া হবে জমা দেওয়া ব্যাঙ্ক গ্যারান্টি এবং ইনডেমনিটি বন্ড থেকে। মহিলা/ পুরুষ উভয়েই আবেদন করতে পারেন। শিক্ষা-সহ অভিজ্ঞতা এবং ট্রেনিংয়ের প্রয়োজনীয়তা ইত্যাদি CAR-এ যেমন বলা আছে এবং ডিজিসিএ সময়ে সময়ে তার যা পরিবর্তন বা পরিবর্ধন করবে সেই অনুযায়ী হতে হবে। ১-১২-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ৭০ বছরের মধ্যে। স্টাইপেন্ড এবং স্যালারি হিসেবে পাবেন ঘণ্টাপিছু ৪,০০০ টাকা।

(সিরিয়াল নং ৭) **স্টেশন ম্যানেজার**: মোট শূন্যপদ ১২টি। নিয়োগ হবে এলাহাবাদ, বিকানের, বাথিন্ডা, ভাবনগর, দেরাদুন, ডিব্রুগড়, জবলপুর, কুল্লু, লুধিয়ানা, পান্তনগর, পাশিঘাট, পাঠানকোট, শিমলা এবং শিরদিতে, প্রত্যেক স্টেশনে ১ জন করে। যে কোনও শাখার গ্র্যাজুয়েট প্রার্থীরা আবেদন করতে পারেন। এয়ারপোর্ট হ্যান্ডলিং বা সেলস এবং মার্কেটিংয়ে অন্তত ৫ বছরের অ্যাভিয়েশন এক্সপিরিয়েন্স থাকা চাই। ১-১২-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। এই পদে স্থানীয় প্রার্থীদের অগ্রাধিকার। মাইনে ৪২,০০০ টাকা। সঙ্গে সর্বাধিক ১০,০০০ টাকা পর্যন্ত অন্যান্য ভাতা। যার মধ্যে থাকছে বাড়ি ভাড়া এবং সর্বাধিক ৫০ লিটার পর্যন্ত তেলের দাম।

(সিরিয়াল নং ৮) **টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ১৪টি। নিয়োগে হবে কলকাতা, দিল্লি, চেন্নাই, মুম্বই, হায়দরাবাদ, ব্যাঙ্গালোর এবং ভোপালে, ৫ বছরের ফিক্সড টার্ম এমপ্লয়মেন্ট অ্যাগ্রিমেন্টের পর। ডিজিসিএ অনুমোদিত ইনস্টিটিউট থেকে এএমই ডিপ্লোমা বা ৩ বছরের পুরো সময়ের এএমই ট্রেনিং কোর্স কমপ্লিশন সার্টিফিকেটধারীরা আবেদন করতে পারবেন। কেবলমাত্র সিএএমও/ কিউসি/ পিপিসি অফিসে অন্তত ১ বছরের অ্যাভিয়েশন অভিজ্ঞতা থাকা চাই। অ্যাভিয়েশন অভিজ্ঞতা অর্জন করে থাকতে হবে এএমই ডিপ্লোমা বা ৩ বছরের পুরো সময়ের এএমই ট্রেনিং কোর্স সম্পূর্ণ করার পর। ১-১২-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। তবে তফশিলিরা ৫, ওবিসিরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মাইনে ১৮,০০০ টাকা।

ওপরে বলা তিনটি পদের মধ্যে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োজিত কর্মীরা তাঁর এবং তাঁর পরিবারের জন্য ৮টি এবং বাকি দুটি পদে নিয়োজিত কর্মীরা তাঁর এবং তাঁর পরিবারের জন্য ১০টি কনসেশনাল/ ফ্রি এয়ার প্যাসেজেস পাবেন। ভ্রমণ করতে পারবেন এয়ার ইন্ডিয়ার নেটওয়ার্কে। তবে তার জন্য ধার্য ট্যাক্স, লেভি বা অন্যান্য চার্জ প্রার্থীকেই দিতে হবে। এছাড়া রুলস অনুযায়ী সব পদের কর্মীরাই প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুয়িটি ইত্যাদি পাবেন।

দরখাস্ত করবেন নির্ধারিত বয়ান পূরণ করে। বয়ান পাবেন www.airindia.in ওয়েবসাইটে। সঠিকভাবে পূরণ করা দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাক/ স্পীড পোস্ট/ ক্যুরিয়ারের মাধ্যমে এমনভাবে পাঠাবেন যেন তা পৌঁছয় ৩ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায়: Alliance Air, Personnel Department, Alliance Bhawan, adjacent to the Office Of ED (NR), Air India Limited, Terminal - 1B, IGI Airport, New Delhi - 110037. দরখাস্ত খামে ভরে খামের মাথার দিকে একেবারে ওপরে যে পদের জন্য আবেদন করছেন সেই পদের নাম লিখবেন। তার নীচে স্টেশন ম্যানেজার পদের প্রার্থীরা তাঁদের পছন্দের স্টেশনের নামটা অবশ্যই লিখবেন। তার নীচে লিখবেন ঠিকানা। আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ১৯০ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর ....

পাশ প্রার্থীরা ড্রাই ক্লিনিং/ লন্ড্রি টেকনোলজির স্বীকৃত ডিপ্লোমা/ সার্টিফিকেটধারী হলে এবং কোনও মেকানাইজড লন্ড্রিতে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

**টেলর গ্রেড - থ্রি**: মোট শূন্যপদ ২টি (অসং)। স্বীকৃত বোর্ডের মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আইটিআই বা অন্য কোনও স্বীকৃত ইনস্টিটিউটের টেলরিং ট্রেডের সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। বিভিন্ন ধরনের কাপড় সেলাইয়ে অভিজ্ঞতা থাকলে ভালো। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা। এই পদে অস্থি বা শ্রবণ প্রতিবন্ধীরা আবেদন করতে পারেন।

**স্যানিটারি ইনস্পেক্টর গ্রেড - টু**: মোট শূন্যপদ ১০টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ২)। স্বীকৃত বোর্ডের উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে ১ বছরের হেলথ স্যানিটারি ইনস্পেক্টর কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। তবে কোনও ২০০ বা তার বেশি শয্যার হাসপাতালে অন্তত ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা। এই পদে অস্থি/ শ্রবণ/ দৃষ্টি প্রতিবন্ধীরা আবেদন করতে পারেন।

**লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট গ্রেড - টু**: মোট শূন্যপদ ৩টি (অসং)। কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে লাইব্রেরি সায়েন্স বা লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সার্ভিসের সার্টিফিকেট/ ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। কম্পিউটার ব্যবহার - বিশেষ করে অফিস অ্যাপ্লিকেশনে হাতে-নাতে কাজ করার অভিজ্ঞতা থাকলে ভালো। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,০০০ টাকা। এই পদে অস্থি বা শ্রবণ প্রতিবন্ধীরা আবেদন করতে পারেন।

**মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়া**: মোট শূন্যপদ ২০টি (অসং ১১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৬)। বি এসসি (মেডিক্যাল রেকর্ডস) পাশ হলে। কিংবা ১০+২ সিস্টেমে বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে মেডিক্যাল রেকর্ড কিপিংয়ের অন্তত ৬ মাসের ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্স পাশ হলে এবং কোনও হসপিটাল সেটআপে মেডিক্যাল রেকর্ড কিপিংয়ে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে এবং কম্পিউটার ব্যবহার - তথা ফিস অ্যাপ্লিকেশন, স্প্রেডশীট ও প্রেজেন্টেশনে হাতে কলমে কাজ করে থাকলে আবেদন করতে পারেন। তবে সঙ্গে ইংরিজি টাইপিংয়ে মিনিটে ৩৫টি এবং হিন্দি টাইপিংয়ে মিনিটে ৩০টি শব্দ টাইপের দক্ষতা থাকা চাই। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

**কোডিং ক্লার্ক**: শূন্যপদ ১টি (অসং)। বি এসসি (মেডিক্যাল রেকর্ডস) পাশ হলে। কিংবা ১০+২ সিস্টেমে বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে মেডিক্যাল রেকর্ড কিপিংয়ের অন্তত ৬ মাসের ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্স পাশ হলে এবং কোনও হসপিটাল সেটআপে মেডিক্যাল রেকর্ড কিপিংয়ে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে এবং কম্পিউটার ব্যবহার - তথা ফিস অ্যাপ্লিকেশন, স্প্রেডশীট ও প্রেজেন্টেশনে হাতে কলমে কাজ করে থাকলে আবেদন করতে পারেন। তবে সঙ্গে ইংরিজি টাইপিংয়ে মিনিটে ৩৫টি এবং হিন্দি টাইপিংয়ে মিনিটে ৩০টি শব্দ টাইপের দক্ষতা থাকা চাই। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা। এই পদে অস্থি বা শ্রবণ প্রতিবন্ধীরা আবেদন করতে পারেন।

**ড্রাইভার (অর্ডিনারি গ্রেড)**: মোট শূন্যপদ ১০টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ২)। স্বীকৃত বোর্ডের মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা ভারি ও হালকা গাড়ি চালানোর বৈধ কমার্শিয়াল লাইসেন্স থাকলে এবং কমার্শিয়াল হেবিকল চালানোয় অন্তত ২ বছরের অভিজ্এতা থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

**ল্যাব অ্যাডেন্ড্যান্ট গ্রেড-টু**: মোট শূন্যপদ ৩০টি (অসং ১৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৮)। বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। এই পদে অস্থি/ শ্রবণ/ দৃষ্টি প্রতিবন্ধীরা আবেদন করতে পারেন।

**জুনিয়র ওয়ার্ডেন (হাউস কিপার)**: মোট শূন্যপদ ১০টি। যে কোনও স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট প্রার্থীরা জুনিয়র ওয়ার্ডেন বা সমতুল পদে কোনও কলেজে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩০ থেকে ৪৫ বছরের মধ্যে। এই পদে অস্থি/ শ্রবণ/ দৃষ্টি প্রতিবন্ধীরা আবেদন করতে পারেন।

**হসপিটাল অ্যাটেন্ড্যান্ট গ্রেড-থ্রি (নার্সিং অর্ডারলি)**: মোট শূন্যপদ ১০০টি। স্বীকৃত বোর্ড বা স্কুলের মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা সেন্ট জন অ্যাম্বুল্যান্স-এর মত স্বীকৃত প্রতিষ্ঠান আয়োজিত হসপিটাল সার্ভিসেস-এর সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। এই পদে কোনও হাসপাতালে কাজের অভিজ্ঞতা থাকলে ভালো। মূল মাইনে ৫,২০০ - ২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা। ১২-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

ওপরে বলা যেসব পদে শারীরিক প্রতিবন্ধীরা আবেদন করতে পারবেন, সেইসব পদে কিধরনের প্রতিবন্ধী হলে আবেদন করা যাবে সেসম্পর্কে বিস্তারিত জানতে পারবেন নীচে বলা ওয়েবসাইটে। এছাড়া কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী সংরক্ষিত শ্রেণির প্রার্থী এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষণ আছে। বয়সের ক্ষেত্র তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা ও কেন্দ্রীয় সরকারে কর্মরত ও অন্যান্যরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। কম্পিউটার বেসড সেস্টের আগে কোনও প্রমাণপত্র যাচাই করা হবে না। প্রমাণপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি নিয়ে যেতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল হবে।

যেসব পদের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতার মধ্যে অভিজ্ঞতার উল্লেখ আছে। সেসব পদের প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া অভিজ্ঞতার সার্টিফিকেট দাখিল করতে হবে।

প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড এক্সামিনেশনের মাধ্যমে। তবে কম্পিউটার বেসড এক্সামিনেশনের আগে প্রয়োজনে এই পরীক্ষার জন্য একটি প্রাথমিক বাছাই হতে পারে। পরীক্ষার দিনক্ষণ ইত্যাদি এবং সিলেবাস পাবেন রাইপুর এইমসের নীচে বলা ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন অনলাইনে www.aiimsraipur.edu.in ওয়েবসাইটরে মাধ্যমে, ১২ জানুয়ারি, ২০১৮, বিকেল ৫টার মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেল আইডি থাকা চাই। যোগ্যতা থাকলে একাধিক পদে আবেদন করতে পারেন। তবে সেক্ষেত্রে প্রতিটি পদের জন্য আলাদা ফি-সহ পৃথক দরখাস্ত করতে হবে।

দরখাস্তের ফি বাবদ সাধারণ/ ওবিসি/ প্রাক্তন সমরকর্মীদের দিতে হবে ১,০০০ টাকা। তফশিলি ও শারীরিক প্রতিবন্ধীদের এই ফি দিতে হবে না। ফি দেবেন কেবলমাত্র অনলাইনে। প্রার্থীদের ট্রানজ্যাকশন নম্বর, তারিখ/ সময় এবং ব্যাঙ্কের নাম উল্লেখ করতে হবে। দরখাস্তের ফি পাঠানোর পর ব্যাঙ্ক যে ঠিকঠাক ফি পাঠিয়েছে সে ব্যাপারে নিশ্চত হয়ে তার প্রমাণপত্র সংগ্রহ করে রাখবেন। যাবতীয় প্রমাণপত্র যাচাইয়ের সময় তা দাখিল করতে হবে।

অনলাইন দরখাস্ত করতে বসার আগে জেপিজি ফর্ম্যাটে নিজের পাসপোর্ট মাপের রঙিন ছবি (২০০x৬০ পিক্সেলে, ৮০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং নিজের সই (১৪০x২৩০ পিক্সেলে, ৫০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। আপলোড করতে হবে। রঙিন ছবিটি তুলবেন হাল্কা রঙের ব্যাকগ্রাউন্ডে। সাদা হলেই ভালো। মাথায় টুপি, চোখে সানগ্লাস থাকলে চলবে না। সাদা কাগজে কালোকালির পেনে সই করে স্ক্যান করবেন। এছাড়া দরখাস্ত করতে লাগবে অনলাইন পেমেন্ট ডিটেলস এবং আধার কার্ড।

ওপরে বলা সাইটে ঢুকে 'RECRUITMENT TO THE VARIOUS GROUP C POSTS AT

...এরপর ৯ পাতায়

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



# কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার প্রশ্নোত্তর

## সামনেই পরীক্ষা

কম্পিউটার বেসড পরীক্ষা হবে ৪ মার্চ থেকে ২৬ মার্চ পর্যন্ত। থাকবে ৫০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ভুল উত্তরের জন্য ০.৫ নম্বর কাটা যাবে। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। ইংলিশ ছাড়া বাকি বিষয়ের প্রশ্ন হবে ইংরিজি এবং হিন্দিতে।

## QUANTITATIVE APTITUDE

1. If (a + b) : (b + c) : (c + a) = 6 : 7 : 8 and (a + b + c) = 14, then the value of c is—
(A) 6 (B) 7 (C) 8 (D) 14

2. Evaluate

$$\sqrt{20}+\sqrt{12}+\sqrt[3]{729}-\frac{4}{\sqrt{5}-\sqrt{3}}-\sqrt{81}$$

(A) $\sqrt{2}$ (B) $\sqrt{3}$ (C) 0 (D) $2\sqrt{2}$

3. A mixture contains alcohol and water in the ratio 4 : 3. If 5 litres of water is added to the mixture, the ratio becomes 4 : 5. The quantity of alcohol in the given mixture is —
(A) 3 litres (B) 4 litres (C) 15 litres (D) 10 litres

4. The average of nine consecutive numbers is n. If the next two numbers are also included the new average will —
(A) increase by 2 (B) remain the same (C) increase by 1·5 (D) increase by 1

5. The simple interest on a sum of money is $\frac{1}{16}$ of the sum. If the number of years is numerically equal to the rate percent per annum, then the rate percent per annum is—

(A) $3\frac{1}{3}$ (B) $6\frac{2}{3}$ (C) $2\frac{1}{2}$ (D) $7\frac{1}{2}$

6. An article was sold at a profit of 12%. If the cost price would be 10% less and selling price would be ₹ 5·75 more, there would be profit of 30%. Then at what price it should be sold to make a profit of 20%?
(A) ₹ 115 (B) ₹ 120 (C) ₹ 138 (D) ₹ 215

7. If the cost price of 12 pens is equal to the selling price of 8 pens, the gain percentage is —

(A) 25% (B) $33\frac{1}{3}$ % (C) 50% (D) $66\frac{2}{3}$ %

8. A mobile phone is listed at ₹ 1,500 and a discount of 10% is offered on the list price. What additional discount must be offered to the customer now to bring the net price to ₹ 1,242?
(A) 10% (B) 8% (C) 12% (D) 18%

9. A, B and C entered into a business and their investments ratio was 5 : 4 : 3. After 4 months B invested ₹ 1,000 more and after 8 months C invested ₹ 2,000 more. At the end of one year the profit ratio was 15 : 14 : 11, then the investment of C at the beginning was—
(A) ₹ 3,000 (B) ₹ 6,000 (C) ₹ 4,500 (D) ₹ 7,500

10. Two trains, each of length 125 metre, are running in parallel tracks in opposite directions. One train is running in a speed 65 km/hour and they cross each other in 6 seconds. The speed of the other train is—
(A) 75 km/hour (B) 85 km/hour (C) 95 km/hour (D) 105 km/hour

### ANSWERS & EXPLANATIONS

1.(A) $\frac{a+b}{b+c}=\frac{6}{7}$

$\Rightarrow 7a + b - 6c = 0$ ........................ (i)

$\frac{b+c}{c+a}=\frac{7}{8}$

$\Rightarrow 7a - 8b - c = 0$ ........................ (ii)

$a + b + c = 14$ ........................ (iii)

On solving equations, (i), (ii) and (iii) we get – c = 6.

2.(C) $\sqrt{20}+\sqrt{12}+\sqrt[3]{729}-\frac{4}{\sqrt{5}-\sqrt{3}}-\sqrt{81}$

$= 2\sqrt{5}+2\sqrt{3}+9-\frac{4(\sqrt{5}+\sqrt{3})}{2}-9$

$= 2\sqrt{5}+2\sqrt{3}+9-2\sqrt{5}-2\sqrt{3}-9 = 0.$

3.(D) Let a mixture contains
alcohol = 4x and water = 3x

Now, $\frac{4x}{3x+5}=\frac{4}{5}$

$5x = 3x + 5 \Rightarrow 5x - 3x = 5 \Rightarrow 2x = 5 \therefore x = \frac{5}{2}$

Hence the quantity of alcohol in the given mixture = $4\times\frac{5}{2}$ = 10 litres.

4.(D) Let 9 consecutive numbers are
$x - 4, x - 3, x - 2, x - 1,$
$x, x + 1, x + 2, x + 3, x + 4$. Then,
Sum of 9 consecutive number = 9n
$9x = 9n \therefore x = n$
Now, the next 2 numbers are x + 5, x + 6
Sum of 11 consecutive number = 11x + 11

Then, now average of the number = $\frac{11x+11}{11}$

= x + 1 = n + 1
Hence, the new average will increase by 1.

5.(C) SI = $\frac{1}{16}\times P$

t = r

Then, SI = $\frac{P\times r\times t}{100}$

$\frac{1}{16}\times P=\frac{p\times r\times r}{100}$

$\Rightarrow r^2=\frac{100}{16} \Rightarrow r=\frac{10}{4}=\frac{5}{2} \therefore r=2\frac{1}{2}$ percent per annum.

6.(C) Let CP = ₹ x
Then, SP = ₹ 1.12x
In 2nd case,
$\Rightarrow$ 1.12x + 5.75 = 0.90 × x × 1.30
$\Rightarrow$ 1.12x + 5.75 = 1.17x
$\Rightarrow$ 0.05x = 5.75 $\therefore$ x = 115

Now, for 20% profit SP = $115\times\frac{120}{100}$ = ₹ 138.

7.(C) Cost price of 12 pens = selling price of 8 pens.

Hence, gain percentage = $\frac{(12-8)}{8}\times100=\frac{4}{8}\times100$ = 50%.

8.(B) Let additional discount = x%.
Then,

$1500\left(\frac{100-10}{100}\right)\left(\frac{100-x}{100}\right) = 1242$

$1500\times\frac{90}{100}\times\frac{(100-x)}{100} = 1242$

100 – x = 92 $\therefore$ x = 8%.

9.(A) Let investment of A, B and C at the beginning was 5x, 4x and 3x
Now, share of A = 5x × 12
Share of B = 4x × 12 + 1000 × 8 = 48x + 8000
Share of C = 3x × 12 + 2000 × 4 = 36x + 8000

$\frac{\text{Share of B}}{\text{Share of C}}=\frac{14}{11} \qquad \frac{48x+8000}{36x+8000}=\frac{14}{11}$

$\therefore$ x = 1000
Hence, the investment of C = 3x = ₹ 3,000.

10.(B) Let the speed of the other train = x km/h.
Then,
total length = relative speed × time

$125 + 125 = (65 + x)\times\frac{5}{18}\times6$

150 = 65 + x $\therefore$ x = 85 km/h.

## GENERAL INTELLIGENCE

Directions—In Question 1 to 3, a series is given with one term missing. Choose the correct alternative from the given ones that will complete the series.

1. CAE, HFJ, MKO, RPT, ?
(A) WUY (B) UT (C) VUZ (D) WUZ

2. 12, 26, 54, 110, ?
(A) 223 (B) 222 (C) 220 (D) 225

3. 2, 3, 10, 15, ?
(A) 25 (B) 26 (C) 24 (D) 30

4. Jamal was born on Feb. 29, 1988. How many birthdays will he celebrated up to 29-2-2004?
(A) 4 (B) 5 (C) 8 (D) 16

5. Ram is older than Shyam. Lakshman is elder than Shyam, but younger than Ram. Hanuman is younger than both Hari and Shyam. Shyam is older than Hari. Who is the youngest?
(A) Ram (B) Lakshman (C) Hanuman (D) Hari

6. Raju and his grandfather have an age difference of 65 years at present. After 10 years the sum of their age is 95 years. What is the present age of Raju and his grandfather?
(A) 15 & 80 (B) 10 & 65 (C) 5 & 70 (D) 5 & 65

### ANSWERS & EXPLANATIONS

1.(A)




2.(B) (12 + 1) × 2 = 26, (26 + 1) × 2 = 54, (54 + 1) × 2 = 110, (110 + 1) × 2 = 222.

3.(B) $1^2 + 1 = 2, 2^2 - 1 = 3, 3^2 + 1 = 10, 4^2 - 1 = 15$,
? = $5^2$ + 1 = 26.

4.(A) Both 1988 and 2004 year are leap years.

So, number of birthdays = $\frac{16}{4}$ = 4.

5.(C) Ram > Lakshman > Shyam > Hari > Hanuman.
Hence, Hanuman is the youngest.

6.(C) Let the present age of Raju = x years.
and the present age of his grandfather = (x + 65) years.
After 10 years –
x + x + 65 = 95 $\Rightarrow$ 2x = 10 $\therefore$ x = 5.
Now, present age of Raju and his grandfather = 5 and 70 years.

## ENGLISH LANGUAGE

Directions—(Q. 1 to 2) Out of the four alternatives, choose the one which best expresses the meaning of the given word and mark it in the Answer Sheet.

1. Pretend
(A) guess (B) suspect (C) think (D) feign

2. Anguished
(A) sorrowful (B) doubtful (C) respectful (D) joyful

Directions—(Q. 3 to 4) Choose the word opposite in meaning to the given word and mark it in the Answer Sheet.

3. Indifferent
(A) restless (B) inattentive (C) attentive (D) reliable

4. Agitate
(A) please (B) disturb (C) pacify (D) rouse

Directions—(Q. 5 to 6) Four words are given in each question, out of which only one word is correctly spelt. Find the correctly spelt word and mark your answer in the Answer Sheet.

5. (A) wellful (B) wilfull (C) wilful (D) willfull

6. (A) satelite (B) satellite (C) satallite (D) satellite

### ANSWERS

1.(D) 2.(A) 3.(C) 4.(C) 5.(C) 6.(D)

## GENERAL AWARENESS

1. The Market Regulation system was introduced by—
(A) Muhammad-Bin-Tughlaq (B) Illtutmish
(C) Ala-ud-din Khilji (D) Ghias-ud-din

2. Which of the following Mughal Emperors wrote their own autobiographies?
(A) Shah Alam and Farukh Siyar (B) Babur and Jahangir
(C) Jahangir and Shah Jahan (D) Akbar and Aurangzeb

3. For the annexation of which Indian Kingdom, the 'Doctrine of Lapse' was NOT followed?
(A) Satara (B) Nagpur (C) Jhansi (D) Punjab

4. During the Second World War, which one of the following countries was not one of the three Axis Powers, which fought against the Allied Powers?
(A) Germany (B) Italy (C) China (D) Japan

5. The highest mountain peak in Peninsular India is—
(A) Anaimudi (B) Dodabetta
(C) Mahendragiri (D) Nilgiris

6. Breaking down of rock in situ is known as—
(A) Erosion (B) Weathering
(C) Mass wasting (D) Degradation

### ANSWERS & EXPLANATIONS

1.(C) 2.(B) 3.(D) 4.(C) 5.(A)

6.(B) The breakdown or decay of rock on the surface or very near to the surface of the earth where by a mantle of waste is created which will remain in Situ, until the agents of erosion react.

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



# প্রাইমারি স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

# প্রাথমিকের প্রস্তুতি

## গণিত

১। একটি ট্রেন গড়ে ঘণ্টায় 45 কিমি বেগে কলকাতা থেকে মধুপুর যায়। পরে গড়ে ঘণ্টায় 36 কিমি বেগে ফিরে আসে। যাতায়াতে ট্রেনটির গড় বেগ কত ছিল?
(ক) 28 কিমি/ঘণ্টা (খ) 32 কিমি/ঘণ্টা (গ) 35 কিমি/ঘণ্টা (ঘ) 40 কিমি/ঘণ্টা

২। যদুর বয়স যখন 4 বছর 7 মাস, তখন মধুর জন্ম হয়। মধুর বয়স যখন 3 বছর 4 মাস, তখন জুলির জন্ম হয়। জুলির বয়স যখন 5 বছর 2 মাস, তখন তাদের বয়সের গড় কত?
(ক) 7 বছর 2 মাস (খ) 7 বছর 9 মাস (গ) 8 বছর 3 মাস (ঘ) 8 বছর 11 মাস

৩। 11টি গরুর মধ্যে 4,025 টাকা দামের 1টি গরুর বদলে 1টি মোষ কেনা হল। ইহাতে যদি উহাদের গড় দাম 425 টাকা বাড়ে, তবে মোষটির ক্রয়মূল্য কত?
(ক) 8,100 টাকা (খ) 8,300 টাকা (গ) 8,700 টাকা (ঘ) 8,900 টাকা

৪। একটি বাসরুটের প্রত্যেক ড্রাইভারের বেতন সমান এবং প্রত্যেক কন্ডাক্টরও সমান বেতন পান। ড্রাইভার, কন্ডাক্টরের সংখ্যার অনুপাত 1 : 2। 1 জন ড্রাইভার ও 2 জন কন্ডাক্টরের মোট মাসিক বেতন 15,000 টাকা।
(i) ড্রাইভার মাসে গড় বেতন থেকে 1,000 টাকা বেশি পেলে প্রত্যেক ড্রাইভার এবং প্রত্যেক কন্ডাক্টর মাসে কত বেতন পান?
(ii) ওই রুটের ড্রাইভার এবং কন্ডাক্টদের মাসিক বেতন বাবদ 3,00,000 টাকা খরচ হলে, ড্রাইভার ও কন্ডাক্টরের সংখ্যা কত?
(ক) (i) 5666.67, 4666.67 টাকা, (ii) 20 ও 40 (খ) (i) 6390.22, 5390.22 টাকা, (ii) 22 ও 44 (গ) (i) 7320.22, 6320.22 টাকা, (ii) 21 ও 42 (ঘ) (i) 5900.47, 4900.47 টাকা, (ii) 23 ও 46

৫। 100 নম্বরের একটি গণিত পরীক্ষায় 10 জন ছাত্রের প্রাপ্ত নম্বরের গড় 70। তাদের মধ্যে একজন গড় নম্বর পেয়েছে, একজন গড় নম্বর থেকে 15 বেশি, 4 জনের প্রত্যেকে গড় নম্বর থেকে 10 কম পেয়েছে, 2 জনের প্রত্যেকে গড় নম্বর থেকে 12 বেশি এবং একজন 5 বেশি পেয়েছে। বাকি ছাত্রটি কত নম্বর পেয়েছে?
(ক) 64 (খ) 65 (গ) 66 (ঘ) 67

৬। 12টি ডটপেনের দাম 54 টাকা হলে 15টি ডটপেনের দাম কত?
(ক) 67.50 টাকা (খ) 64.50 টাকা (গ) 63.50 টাকা (ঘ) 61 টাকা

৭। একটি নির্দিষ্ট দিনে 57 জন মজুর 21 বিঘা জমি ধান রোয়ার কাজ শেষ করে। একই সময়ে 95 জন মজুর কত বিঘা জমি ধান রোয়া শেষ করতে পারবে?
(ক) 29 বিঘা (খ) 35 বিঘা (গ) 37 বিঘা (ঘ) 39 বিঘা

৮। 12 কেজি ময়দার দাম 156 টাকা হলে, 17 কেজি ময়দার দাম কত হবে?
(ক) 189 টাকা (খ) 195 টাকা (গ) 221 টাকা (ঘ) 237 টাকা

৯। একজন দর্জি 15 মিটার ছিটকাপড় থেকে 8টি ফ্রক তৈরি করেন। অনুরূপ 24টি ফ্রক তৈরি করতে তাকে কত মিটার ছিটকাপড় ক্রয় করতে হবে?
(ক) 43 মিটার (খ) 45 মিটার (গ) 47 মিটার (ঘ) 49 মিটার

১০। একটি আশ্রম শিবিরে 4000 জন লোকের 9 দিনের খাবার মজুত ছিল। 9 দিন পর 1000 জন অন্যত্র চলে গেলেন। যারা রয়ে গেলেন অবশিষ্ট খাবারে তাদের আর কতদিন চলবে?
(ক) 6 দিন (খ) 7 দিন (গ) 8 দিন (ঘ) 9 দিন

### সমাধান

১। (ঘ) ধরি, কলকাতা থেকে মধুপুরের দূরত্ব = x কিমি।
∴ কলকাতা থেকে মধুপুর যাওয়ার সময়—
ট্রেনটি 45 কিমি যায় = 1 ঘণ্টায়, x কিমি যায় = $\frac{x}{45}$ ঘণ্টায় মধুপুর থেকে কলকাতা ফিরে আসার সময়—
ট্রেনটি 36 কিমি যায় = 1 ঘণ্টায়, x কিমি যায় = $\frac{x}{36}$ ঘণ্টায়।
∴ ট্রেনটির মোট দূরত্ব = (x + x) = 2x কিমি এবং মোট সময় = $\left(\frac{x}{45}+\frac{x}{36}\right)$ ঘণ্টা।
∴ ট্রেনটির গড় বেগ = মোট দূরত্ব / মোট সময়
$= \frac{2x}{\frac{x}{45}+\frac{x}{36}}$ কিমি/ঘণ্টা $= \frac{2x}{\frac{4x+5x}{180}}$ কিমি/ঘণ্টা
$= \frac{180 \times 2x}{9x}$ কিমি/ঘণ্টা $= \frac{360x}{9x}$ কিমি/ঘণ্টা
$= \frac{360}{9}$ কিমি/ঘণ্টা = 40 কিমি/ঘণ্টা।

২। (ঘ) এখানে দেখা যাচ্ছে, যে মধু-জুলির চেয়ে 3 বছর 4 মাসের এবং যদু-মধুর চেয়ে 4 বছর 7 মাসের বড়ো।
∴ যখন জুলির বয়স 5 বছর 2 মাস, তখন মধুর বয়স হয়
= (5 বছর 2 মাস + 3 বছর 4 মাস) = 8 বছর 6 মাস।
তখন যদুর বয়স = (8 বছর 6 মাস + 4 বছর 7 মাস) = 13 বছর 1 মাস।
বর্তমানে জুলি, মধু ও যদুর বয়স যথাক্রমে 5 বছর 2 মাস, 8 বছর 6 মাস, 13 বছর 1 মাস।
∴ 3 জনের মোট বয়স = 26 বছর 9 মাস।
∴ এখন 3 জনের বয়সের গড় = 26 বছর 9 মাস ÷ 3 = 8 বছর 11 মাস।

৩। (গ) 1টি গরুর দাম = 4025 টাকা।
11টি গরুর দাম = 4025 × 11 টাকা = 44275 টাকা।
10টি গরুর দাম = 4025 × 10 টাকা = 40250 টাকা।
1টি গরুর বদলে 1টি মোষ কেনা হলে তাদের গড় মূল্য 425 টাকা বেড়ে যায়।
∴ গড় মূল্য দাঁড়ায় = (4025 + 425) টাকা = 4450 টাকা।
∴ 10টি গরু ও 1টি মোষের মোট মূল্য = 4450 × 11 টাকা = 48950 টাকা।
∴ মোষটির ক্রয়মূল্য = (48950 – 40250) টাকা = 8700 টাকা।
∴ মোষটির ক্রয়মূল্য = 8700 টাকা।

৪। (ক) (i) ধরি, একটি বাসরুটের একজন কন্ডাক্টরের মাসিক বেতন = x টাকা।
∴ একজন ড্রাইভারের মাসিক বেতন = (x + 1000) টাকা।
∴ একজন ড্রাইভার ও 2 জন কন্ডাক্টরের মোট মাসিক বেতন = x + 1000 + 2x টাকা
= 3x + 1000 টাকা।
শর্তানুসারে, 3x + 1000 = 15000 টাকা
বা, 3x = 15000 – 1000 = 14000 টাকা
বা, $x = \frac{14000}{3}$ = 4666.67 টাকা।
∴ একজন কন্ডাক্টরের মাসিক বেতন = 4666.67 টাকা এবং একজন ড্রাইভারের মাসিক বেতন = (4666.67 + 1000) টাকা = 5666.67 টাকা।
(ii) ড্রাইভার ও কন্ডাক্টরের সংখ্যার অনুপাত 1 : 2।
ধরি, ড্রাইভারের সংখ্যা = y
∴ কন্ডাক্টরের সংখ্যা = 2y
y জন ড্রাইভারের মোট বেতন = 5666.67y টাকা
2y জন কন্ডাক্টরের মোট বেতন = 4666.67 × 2y = 9333.34y টাকা।
∴ ড্রাইভার ও কন্ডাক্টরের মোট বেতন = 5666.67y + 9333.34y = 15000y টাকা।
শর্তানুসারে, 15000y = 3,00,000
$y = \frac{3,00,00}{15000} = 20$
∴ ওই বাসরুটে মোট ড্রাইভারের সংখ্যা = 20 জন এবং কন্ডাক্টরের সংখ্যা = 20 × 2 = 40 জন।
∴ ড্রাইভারের সংখ্যা = 20 জন এবং কন্ডাক্টরের সংখ্যা = 40 জন।

৫। (গ) গণিত পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা = 10 এবং তাদের নম্বরের গড় = 70
∴ 10 জন ছাত্রের মোট নম্বর = 70 × 10 = 700
একজন পেয়েছে = 70 এবং আর একজন পেয়েছে = 70 + 15 = 85
4 জন ছাত্রের প্রত্যেকের গড় নম্বর = 70 – 10 = 60
∴ 4 জন ছাত্রের মোট নম্বর = 60 × 4 = 240
∴ 2 জন ছাত্রের প্রত্যেকের গড় নম্বর = 70 + 12 = 82
∴ 2 জন ছাত্রের মোট নম্বর = 82 × 2 = 164
আর একজন ছাত্রের নম্বর = 70 + 5 = 75
10 জনের মধ্যে যাদের নম্বর জানা যাচ্ছে, তাদের সংখ্যা হল—
1 + 1 + 4 + 2 + 1 = 9
অতএব, এই 9 জন ছাত্রের মোট নম্বর = (70 + 85 + 240 + 164 + 75) = 634
∴ বাকি ছাত্রটির প্রাপ্ত নম্বর = (700 – 634) = 66
∴ বাকি ছাত্রটি 66 নম্বর পেয়েছে।

৬। (ক) ডটপেনের দাম এবং ডটপেনের সংখ্যা সরল অনুপাতে আছে। গণিতের ভাষায় সমস্যাটি হল—

| ডটপেনের সংখ্যা | ডটপেনের দাম |
|---|---|
| 12 | 54 |
| 15 | ? |

ডটপেনের সংখ্যা 12টি থেকে বেড়ে 15টি হয়েছে। সেজন্য 15টি ডটপেনের দাম 54 টাকার বেশি হবে।
ভগ্নাংশটি 1-এর থেকে বেশি অর্থাৎ $\frac{15}{12}$ হবে।
সুতরাং 15টি ডটপেনের দাম = 54 × $\frac{15}{12}$ টাকা = 67.50 টাকা।

৭। (খ) কৃষি, মজুরের সংখ্যা এবং জমির পরিমাণ পরস্পর সরল অনুপাতে অবস্থিত। তাই 57 জন যে পরিমাণ জমি ধান রোয়া শেষ করবে, 95 জন তার থেকে বেশি পরিমাণ জমি ধান রোয়া শেষ করতে পারবে।
সুতরাং এখানে ভগ্নাংশটি হবে $\frac{95}{57}$। এখন ভগ্নাংশটি 1-এর বেশি হবে।
∴ 95 জন ধান রোয়া শেষ করে = $\frac{95}{57}$ × 21 বিঘা = 35 বিঘা।

৮। (গ) সমস্যাটি নিম্নরূপে গণিতের ভাষায় প্রকাশ করা যায়—

| ময়দার পরিমাণ (কেজি) | মূল্য |
|---|---|
| 12 | 156 |
| 17 | ? |

ময়দার পরিমাণ ও মূল্য সরল অনুপাতে অবস্থিত। তাই 17 কেজি ময়দার দাম 12 কেজি ময়দার থেকে বেশি হবে।
এখানে ভগ্নাংশটি 1-এর বেশি হবে। সুতরাং, ভগ্নাংশটি হবে = $\frac{17}{12}$
সুতরাং, 17 কেজি ময়দার দাম হবে = 156 × $\frac{17}{12}$ টাকা = 13 × 17 = 221 টাকা।

৯। (খ) সমস্যাটি নিম্নরূপে গণিতের ভাষায় প্রকাশ করা যায়—

| ছিট কাপড় (মিটার) | ফ্রকের সংখ্যা |
|---|---|
| 15 | 8 |
| ? | 24 |

ছিট কাপড়ের পরিমাণ ও ফ্রকের সংখ্যা পরস্পর সরল অনুপাতে থাকে। তাই 8টি ফ্রক তৈরি করতে যে পরিমাণ কাপড় লাগে, 24টি ফ্রক তৈরি করতে তার থেকে বেশি কাপড় লাগবে।
সুতরাং, এখানে ভগ্নাংশটি হবে = $\frac{24}{8}$, এর মান 1 থেকে বেশি।
সুতরাং, 24টি ফ্রক তৈরি করতে কাপড় লাগবে = $\frac{24}{8}$ × 15 মিটার = 3 × 15
= 45 মিটার।

১০। (গ) 3 দিন পর অবশিষ্ট দিন = (9 – 3) দিন = 6 দিন
1000 জন অন্যত্র চলে যাওয়ার পর অবশিষ্ট লোক = (4000 – 1000) = 3000 জন।
সুতরাং, ওই খাদ্যে 4000 জন লোকের আরও 6 দিন চলে। 3000 জন লোকের ওই খাদ্যে কতদিন চলবে তা নির্ণয় করতে হবে।

| লোকসংখ্যা | দিনসংখ্যা |
|---|---|
| 4000 | 6 |
| 3000 | ? |

যেহেতু লোকসংখ্যা ও দিনসংখ্যা পরস্পর ব্যস্তানুপাতে আছে, তাই কোনও খাদ্যে 4000 জন লোকের যতদিন চলে, 3000 জন লোকের তার থেকে বেশি দিন চলবে। এখানে ভগ্নাংশটির মান 1-এর বেশি হবে।
সুতরাং, ভগ্নাংশটি হবে = $\frac{4000}{3000}$
∴ 3000 জন লোকের ওই খাদ্যে চলে = $\frac{4000}{3000}$ × 6 দিন = 4 × 2 = 8 দিন।
∴ অবশিষ্ট লোকের অবশিষ্ট খাদ্যে আরও 8 দিন চলবে।

## শিশুর বিকাশ ও শিক্ষাবিজ্ঞান

১। শিশুর ক্রমবিকাশের ক্ষেত্রে 'পরিণত অবস্থা' বলতে বোঝায়—
(ক) ১৫ থেকে ২৫ বছর বয়স (খ) ১৩ থেকে ১৯ বছর বয়স (গ) ১২ থেকে ২০ বছর বয়স (ঘ) ১০ থেকে ২২ বছর বয়স

২। শারীরিকভাবে পিছিয়ে পড়া ছাত্রদের—
(ক) সাধারণ স্কুলে শিক্ষাদান করা উচিত নয় (খ) বাড়িতে শিক্ষাদান করা উচিত (গ) সাধারণ স্কুলেই শিক্ষাদান করা উচিত (ঘ) বিদেশে পড়তে পাঠানো উচিত

৩। 'আর্ট অফ থট' পুস্তকটির রচয়িতা—
(ক) জন গ্রিশাম (খ) কার্লমান (গ) গ্রাহাম ওয়ালাস (ঘ) মেরি লক

৪। একটি শিশুকে কীভাবে শিক্ষা দেওয়া যায়?
(ক) ভাষা শিক্ষা দিয়ে (খ) গল্প বলে (গ) খেলার মাধ্যমে ভাষা শিক্ষা দিয়ে (ঘ) গান শুনিয়ে

৫। কোন বয়সকে শৈশব বলা হয়?
(ক) ৩-১২ বছর (খ) ২-৮ বছর (গ) ৫-১৫ বছর (ঘ) ৫-১০ বছর

৬। কারা প্রথম বুদ্ধির অভীক্ষা তৈরি করেছিলেন?
(ক) ফ্রয়েবেল (খ) ফ্রয়েড (গ) রুশো (ঘ) আলফ্রেড বিনে, ড. সাইমন

৭। নিম্নের কোনটি পাঠ্যক্রমের বিভাজন নয়?
(ক) অভিজ্ঞতা কেন্দ্রিক পাঠ্যক্রম (খ) জীবনমুখী পাঠ্যক্রম (গ) অর্থনৈতিক বিভাজন পাঠ্যক্রম (ঘ) নিরবচ্ছিন্ন পাঠ্যক্রম

৮। ছাত্রদের পাঠ্য বিষয়ে আগ্রহ বাড়াতে কী করা যেতে পারে?
(ক) প্রয়োজনীয় সংবাদ পাঠানো (খ) তার সঙ্গে বন্ধুত্বপূর্ণ আচরণ করা (গ) ভিডিও মাধ্যমে পাঠ্য দেওয়া (ঘ) পড়াশোনার ত্রুটি সম্পর্কে বলা

৯। শিক্ষার প্রাচীনতম ভাববাদী লক্ষ্য কী ছিল?
(ক) সামাজিক জীবনকে সঠিকভাবে চালানো (খ) শিক্ষার্থীর যথাযথ বিকাশ এবং সমাজের অগ্রগতি (গ) শিক্ষার্থীর চাহিদা এবং সামর্থ্য (ঘ) পূর্বের সবকটিই

১০। ব্যক্তির উন্নতিকে শিক্ষার উদ্দেশ্য বলে অভিমত প্রকাশ করেন :
(ক) ডিউই (খ) রুশো (গ) প্যাভলভ (ঘ) পার্সিনান

### উত্তর

১। (গ) ২। (গ) ৩। (গ) ৪। (গ) ৫। (ক) ৬। (ঘ) ৭। (গ) ৮। (ক) ৯। (ঘ) ১০। (ঘ)

## বাংলা

১। 'রাজপুত' শব্দের স্ত্রীলিঙ্গবাচক শব্দ নির্বাচন করুন :
(ক) রাজপুতানা (খ) রাজপুতী (গ) রাজপুতানী (ঘ) রাজপুতানি

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



# প্রাইমারি স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

# প্রাথমিকের প্রস্তুতি

২। মহাপ্রাণ বর্ণগুলি হল :
(ক) বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণগুলি (খ) বর্গের প্রথম ও তৃতীয় বর্ণগুলি (গ) বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণগুলি (ঘ) বর্গের প্রথম ও চতুর্থ বর্ণগুলি

৩। 'বৈষ্ণব সম্প্রদায়' এবং 'বন্ধুবান্ধব' শব্দদুটির বচন নির্ণয় করুন।
(ক) দুটিই একবচন (খ) প্রথমটি একবচন ও দ্বিতীয়টি বহুবচন (গ) প্রথমটি বহুবচন ও দ্বিতীয়টি একবচন (ঘ) দুটিই বহুবচন

৪। 'বিপদে আমি না যেন করি ভয়।' রেখাঙ্কিত শব্দটির কারক নির্ণয় করুন।
(ক) কর্মকারক (খ) করণ কারক (গ) অপাদান কারক (ঘ) অধিকরণ কারক

৫। গায়ক শব্দের সন্ধি বিচ্ছেদ করলে কী হবে?
(ক) গায় + অক (খ) গৈ + ইক (গ) গৈ + অক (ঘ) গে + অক

৬। 'পারিজাত' শব্দের সমাস নির্ণয় করুন :
(ক) পারি হইতে জাত (খ) পারির জাত (গ) পারি জাত যে (ঘ) পারি কিন্তু জাত

৭। 'গ্রাস' শব্দের পদ পরিবর্তন করলে কী হবে?
(ক) গ্রাসি (খ) গ্রস্থ (গ) গ্রাসস্থ (ঘ) গ্রাস্য

৮। 'বুদ্ধি' শব্দের প্রকৃতি প্রত্যয় নির্বাচন করুন :
(ক) বুধ + ক্তিন (খ) বুদ্ধ + ক্তিন (গ) বুদ্ধ + ই (ঘ) বুধ + ই

৯। বিঘা থেকে বিঘে, এই পরিবর্তনটি কী ধরনের?
(ক) অপিনিহিতি (খ) স্বরভক্তি (গ) ধ্বনিলোপ (ঘ) স্বরসঙ্গতি

১০। মনসিজ ছাত্রজীবনে প্রত্যহ বাইকে চড়ে কলেজে যেত।— এই বাক্যের ক্রিয়ার কাল নির্ণয় করুন :
(ক) ঘটমান অতীত (খ) নিত্যবৃত্ত অতীত (গ) পুরাঘটিত অতীত (ঘ) সামান্য অতীত

**উত্তর**

১।(ঘ) ২।(গ) ৩।(ঘ) ৪।(গ) ৫।(গ) ৬।(ক) ৭।(খ) ৮।(খ) ৯।(ঘ) ১০।(খ)

## পরিবেশ বিজ্ঞান

১। ভারতের সব থেকে কম বৃষ্টিপাতযুক্ত অঞ্চল কোনটি?
(ক) আসাম (খ) পাঞ্জাব (গ) বিহার (ঘ) লাদাখ

২। বর্তমানে আন্তর্জাতিক মাত্রা লাভ করেছে এমন সমস্যাটি হল
(ক) বায়ুদূষণ (খ) রাসায়নিক দূষণ (গ) শব্দদূষণ (ঘ) জলদূষণ

৩। বিজ্ঞানের অগ্রগতি ত্বরান্বিত হল [illegible] সভ্যতা
(ক) সপ্তদশ শতাব্দীতে (খ) অষ্টাদশ শতাব্দীতে (গ) ঊনবিংশ শতাব্দীতে (ঘ) ষোড়শ শতাব্দীতে

৪। পৃথিবীর উপাদানকে কয় ভাগ করা যায়?
(ক) ২ ভাগে (খ) ৫ ভাগে (গ) ৪ ভাগে (ঘ) ৩ ভাগে

৫। শুক্রমণ্ডল স্তর ভূপৃষ্ঠ থেকে কত কিমি বিস্তৃত?
(ক) ১০-১৮ কিমি (খ) ২০-২৮ কিমি (গ) ১০-২৮ কিমি (ঘ) ১১-২১ কিমি

৬। দীর্ঘস্থায়ী গ্রীষ্মযুক্ত আর্দ্র মহাদেশীয় অঞ্চলে বৃষ্টিপাতের পরিমাণ কত?
(ক) ৯০ থেকে ১৬০ সেমি (খ) ৮০ থেকে ১৩০ সেমি (গ) ৫০ থেকে ১০০ সেমি (ঘ) এর কোনওটিই নয়

৭। ভূ-ত্বকের সবচেয়ে নিচের স্তর যাহা সিলিকন ও ম্যাগনেসিয়ামের দ্বারা গঠিত—
(ক) সিমা (খ) ম্যাগনেসিয়াম (গ) সিলিকন (ঘ) সিগমা

৮। ইকোলজি বা বাস্তুবিদ্যা কী?
(ক) পরিবেশ সম্বন্ধীয় বিদ্যা (খ) ভূগোল সম্বন্ধীয় বিদ্যা (গ) বিজ্ঞান সম্বন্ধীয় বিদ্যা (ঘ) ইতিহাস সম্বন্ধীয় বিদ্যা

৯। কোথাকার বনাঞ্চলে পৃথিবীর বৃহত্তম 'হারপি ঈগল' দেখা যায়?
(ক) উত্তর আমেরিকা (খ) দক্ষিণ আমেরিকা (গ) দক্ষিণ আফ্রিকা (ঘ) এর কোনওটিই নয়

১০। প্রকৃতির আঁচল কাকে বলা হয়?
(ক) মরুভূমি (খ) জলাশয় (গ) অরণ্য (ঘ) এর কোনওটিই নয়

**উত্তর**

১।(খ) ২।(ক) ৩।(গ) ৪।(ঘ) ৫।(ক) ৬।(খ) ৭।(ক) ৮।(ক) ৯।(খ) ১০।(গ)

## ইংরিজি

**Choose the word which conveys more or less the same meaning as the underline word in each sentence :**

1. The Ganga is a sacred river –
(a) ice-watered (b) holy (c) deep (d) wide
2. It was mournful event –
(a) joyful (b) beautiful (c) thoughtful (d) sorrowful
3. He is an industrious boy –
(a) belong to industry (b) laborious (c) rural (d) urban
4. Swami Vivekananda was a sane man –
(a) wise (b) monk (c) brave (d) radiant
5. Ram is always in high spirits –
(a) drunkard (b) beyond control (c) cheerful (d) beyond rule

**Choose the appropriate preposition from the alternatives to fill in the blank :**

6. There is a mistake – page 9 –
(a) at (b) on (c) by (d) in
7. Now open – page 8 –
(a) on (b) in (c) at (d) with
8. They come here – Mondays –
(a) on (b) in (c) for (d) by

**Choose the most appropriate single word from the alternatives for the group of words :**

9. A residence of monks –
(a) temple (b) church (c) monastery (d) graveyard
10. That which can not be believed –
(a) false (b) incredible (c) invisible (d) inaudible

**Answers**

1.(b) 2.(d) 3.(b) 4.(a) 5.(c) 6.(b) 7.(c) 8.(a) 9.(c) 10.(b)

## হাসপাতালে ৪৫

১ পাতার পর ....

জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসারের অধীনে সিনিয়র রেসিডেন্ট নিয়োগ হবে এইসব ডিপার্টমেন্ট/ স্পেশ্যালিটিতে— **অ্যানেস্থেশিয়া**: মোট শূন্যপদ ১টি (তঃউঃজাঃ)। **ব্লাড ব্যাঙ্ক**: মোট শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। **প্যাথোলজি**: মোট শূন্যপদ ৩টি (অসং ১, তঃজাঃ ১, ওবিসি ১)। **ডেন্টিস্ট্রি**: মোট সূন্যপদ ১টি (তঃজাঃ)। **ইএনটি**: মোট শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। **জেনারেল সার্জারি**: মোট শূন্যপদ ২টি (অসং)। **গাইনি অ্যান্ড অবস্ট্রিটিক্স**: মোট শূন্যপদ ২টি (অসং ১, তঃউঃজাঃ ১)। **জেনারেল মেডিসিন**: মোট শূন্যপদ ৩টি (অসং ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। **চেস্ট মেডিসিন**: মোট শূন্যপদ ১টি (ওবিসি)। **মাইক্রোবায়োলজি**: মোট শূন্যপদ ১টি (ওবিসি)। **অপথ্যালমোলজি**: মোট শূন্যপদ ১টি (ওবিসি)। **অর্থোপেডিক্স**: মোট শূন্যপদ ১টি (ওবিসি)। **পেডিয়াট্রিক্স**: মোট শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। **এনআইসিইউ-পিআইসিইউ**: মোট শূন্যপদ ৩টি (অসং ২, ওবিসি ১)।

রেসিডেন্সি স্কিমের অধীনে সিনিয়র রেসিডেন্ট নিয়োগ হবে এইসব ডিপার্টমেন্ট/ স্পেশ্যালিটিতে — **অ্যানেস্থেশিয়া**: মোট শূন্যপদ ২টি (তঃজাঃ ১, ওবিসি ১)। **আইসিইউ**: মোট শূন্যপদ ৩টি (অসং ১, তঃজাঃ ১, ওবিসি ১)। **ডার্মাটোলজি**: মোট শূন্যপদ ১টি (অসং)। **জেনারেল সার্জারি**: মোট শূন্যপদ ৩টি (অসং ১, তঃজাঃ ১, ওবিসি ১)। **গাইনি অ্যান্ড অবস্ট্রেটিক্স**: মোট শূন্যপদ ৩টি (অসং ১, তঃজাঃ ১, ওবিসি ১)। **জেনারেল মেডিসিন**: মোট শূন্যপদ ২টি (তঃউঃজাঃ ১, ওবিসি ১)। **চেস্ট মেডিসিন**: মোট শূন্যপদ ১টি (ওবিসি)। **অর্থোপেডিক্স**: মোট শূন্যপদ ১টি (ওবিসি)। **পেডিয়াট্রিক্স**: মোট শূন্যপদ ১টি (অসং)। **সাইকিয়াট্রি**: মোট শূন্যপদ ১টি (ওবিসি)। **রেডিও ডায়াগনসিস**: মোট শূন্যপদ ২টি (অসং ১, তঃউঃজাঃ ১)।

কোনও স্বীকৃত মেডিক্যাল প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট স্পেশ্যালিটি/ ডিপার্টমেন্টের মেডিক্যাল পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। অথবা সংশ্লিষ্ট স্পেশ্যালিটি/ ডিপার্টমেন্টের মেডিক্যাল ডিপ্লোমাধারীরা কোনও মেডিক্যাল প্রতিষ্ঠানে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। সঙ্গে প্রার্থীর মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া বা রাজ্য মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকা চাই।

বয়স হতে হবে ২০-১২-২০১৭ তারিখের হিসেবে ৩৫ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়মে বয়সের ছাড় পাবেন। থোক মাইনে মাসে ৬৭,৭০০ টাকা। এছাড়া অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থিবাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২০ ডিসেম্বর সকাল ১০টা থেকে। ইন্টারভিউয়ের সময় মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া/ রাজ্য মেডিক্যাল কাউন্সিলে/ ডেন্টাল কাউন্সিল অফ ইন্ডিয়া/ রাজ্য ডেন্টাল কাউন্সিলে নাম নথিভুক্তির প্রমাণপত্র, যাবতীয় শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশিট, থাকলে অভিজ্ঞতার সার্টিফিকেট, বয়সের প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সার্টিফিকেট ইত্যাদির মূল ও প্রত্যায়িত জেরক্স এবং এখনকার তোলা ২ কপি পাসপোর্ট মাপের ছবি সঙ্গে নিয়ে আসতে হবে। প্রার্থীদের সকাল ৯টার মধ্যে সংশ্লিষ্ট ইএসআই প্রতিষ্ঠানে রিপোর্ট করতে হবে এই ঠিকানায়: ESIC Hospital & ODC (EZ), Diamond Harbour Road, Joka, Kolkata-700 104।

প্রার্থীদের নিয়োগের পূর্বে ১০০ টাকার স্ট্যাম্প পেপারে একটি চুক্তিতে সই করতে হবে। এই স্ট্যাম্প পেপারের খরচ প্রার্থীকেই বহন করতে হবে। এছাড়া সিনিয়র রেসিডেন্ট পদের ক্ষেত্রে সিকিউরিটি ডিপোজিট বাবদ ৩২,০০০ টাকা দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। নিয়োগের সময় ড্রাফটি কাটতে হবে "ESI Fund Account No. 1"-এর অনুকূলে। তবে এটি শর্তসাপেক্ষে ফেরৎযোগ্য। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 19/2017। আরও বিস্তারিত জানতে পারবেন http://www.esi-pgimsrkolkata.org.in/recruitment.php ওয়েবসাইটে।

## ৫৩ প্রফেসর

১ পাতার পর ....

শূন্যপদ ১টি (অসং), (Prof 08) হিস্ট্রিতে শূন্যপদ ১টি (অসং), (Prof 09) ম্যাথমেটিক্সে শূন্যপদ ১টি (ওবিসি বি), (Prof 10) ফিলজফিতে শূন্যপদ ১টি (অসং), (Prof 11) সাইকোলজিতে শূন্যপদ ১টি (ওবিসি বি), (Prof 12) পলিটিক্যাল সায়েন্সে শূন্যপদ ১টি (অসং), (Prof 13) সাঁওতালিতে শূন্যপদ ১টি (তঃউঃজাঃ) এবং (Prof 14) সোশিওলজিতে শূন্যপদ ১টি (অসং)।

**অ্যাসোসিয়েট প্রফেসর**: মোট শূন্যপদ ১৮টি। এরমধ্যে - (AsoP01) অ্যানথ্রপলজি অ্যান্ড ট্রাইবাল স্টাডিজে শূন্যপদ ১টি (অসং), (AsoP02) অ্যানথ্রপলজি অ্যান্ড ট্রাইবাল স্টাডিজে শূন্যপদ ১টি (তঃজাঃ), (AsoP03) কমার্সে শূন্যপদ ১টি (তঃজাঃ), (AsoP04) ইকনমিক্সে শূন্যপদ ১টি (তঃজাঃ), (AsoP05) এডুকেশনে শূন্যপদ ১টি (অসং), (AsoP06) ইংলিশে শূন্যপদ ১টি (তঃজাঃ), (AsoP07) জিওগ্রাফিতে শূন্যপদ ১টি (ওবিসি-এ), (AsoP08) হিস্ট্রিতে শূন্যপদ ১টি (তঃজাঃ), (AsoP09) ফিলজফিতে শূন্যপদ ১টি (ওবিসি-বি), (AsoP10) ফিজিক্সে শূন্যপদ ১টি (অসং), (AsoP11) পলিটিক্যাল সায়েন্সে শূন্যপদ ১টি (ওবিসি-এ), (AsoP12) সাইকোলজিতে শূন্যপদ ১টি (অসং), (AsoP13) সাইকোলজিতে শূন্যপদ ১টি (তঃজাঃ), (AsoP14) সংস্কৃতে শূন্যপদ ১টি (ওবিসি-এ), (AsoP15) সাঁতালিতে শূন্যপদ ১টি (তঃউঃজাঃ), (AsoP16) সাঁওতালিতে শূন্যপদ ১টি (তঃউঃজাঃ), (AsoP17) সোশিওলজিতে শূন্যপদ ১টি (তঃজাঃ) এবং (AsoP18) জুলজিতে শূন্যপদ ১টি (ওবিসি-এ)।

**অ্যাসিস্ট্যান্ট প্রফেসর**: মোট শূন্যপদ ১২টি। এরমধ্যে - (AsIP01) ইকনমিক্সে শূন্যপদ ১টি (ওবিসি-এ), (AsIP02) ইকনমিক্সে শূন্যপদ ১টি (অসং), (AsIP03) হিস্ট্রিতে শূন্যপদ ১টি (অসং), (AsIP04) ফিজিক্সে শূন্যপদ ২টি (তঃজাঃ), (AsIP05) ফিজিক্সে শূন্যপদ ১টি (অসং), (AsIP06) পলিটিক্যাল সায়েন্সে শূন্যপদ ১টি (তঃজাঃ), (AsIP07) সাইকোলজিতে শূন্যপদ ২টি (অসং), (AsIP08) সাইকোলজিতে শূন্যপদ ১টি (তঃজাঃ), (AsIP09) সাইকোলজিতে শূন্যপদ ১টি (ওবিসি-এ) এবং (AsIP10) সাঁওতালিতে শূন্যপদ ১টি (অসং)।

**শিক্ষাগত যোগ্যতা**: প্রফেসর পদের ক্ষেত্রে - বরাবর ভালো অ্যাকাডেমিক রেজাল্ট করা প্রার্থীরা কনসার্নড/ অ্যালায়েড/ রেলেভেন্ট ডিসিপ্লিনে পি এইচ ডিগ্রিধারী হলে এবং কোনও নামী জার্নালে এবং/ অথবা বই বুক পাবলিকেশনে উচ্চমানের রিসার্চ পাবলিকেশন থাকলে আবেদন করতে পারেন। বিশ্ববিদ্যালয় বা কলেজে এবং/ অথবা কোনও বিশ্ববিদ্যালয়ে/ নামী রিসার্চ ইনস্টিটিউশনে/ ইন্ডাস্ট্রিতে অন্তত ১০ বছরের অভিজ্ঞতা থাকা চাই। নির্ধারিত বয়ানে ক্যাটেগরি টু এবং ক্যাটেগরি টু ও থ্রি -তে অন্তত ৪০০ এ পি আই স্কোর থাকা চাই। ডক্টরাল স্টুডেন্টের রিসার্চে গাইড্যান্সের অভিজ্ঞতা থাকা চাই। এছাড়া, এডুকেশনাল ইনোভেশন, নতুন কারিকুলা ও কোর্সের ডিজাইন এবং টিচিং-লার্নিং প্রসেসে মডার্ন টেকনোলজির ব্যবহারে কনট্রিবিউশন থাকলে ভালো।

অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে - ১) বরাবর ভালো অ্যাকাডেমিক রেজাল্ট করা প্রার্থীরা কনসার্নড/ অ্যালায়েড/ রেলেভেন্ট ডিসিপ্লিনে পি এইচ ডিগ্রিধারী হলে। ২) কনসার্নড/ অ্যালায়েড/ রেলেভেন্ট ডিসিপ্লিনে অন্তত ৫৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড নিয়ে পাশ করা মাস্টার্স ডিগ্রিধারী হলে। ৩) রেলেভেন্ট/ অ্যালায়েড বিষয়ে অন্তত দ্বিতীয় শ্রেণির, ৩ বছরের ব্যাচেলর ডিগ্রিধারী হলে। ৪) কোনও নামী জার্নালে এবং/ অথবা বই বুক পাবলিকেশনে উচ্চমানের রিসার্চ পাবলিকেশন-সহ কোনও বিশ্ববিদ্যালয়/ কলেজ/ নামী রিসার্চ ইনস্টিটিউট বা ইন্ডাস্ট্রিতে অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের সমতুল অ্যাকাডেমিক/ রিসার্চ পজিশনে অন্তত ৮ বছরের পড়ানোর এবং/ অথবা রিসার্চের অভিজ্ঞতা থাকলে। ৫) নির্ধারিত বয়ানে ক্যাটেগরি টু এবং ক্যাটেগরি টু ও থ্রি -তে অন্তত ৩০০ এ পি আই স্কোর থাকলে আবেদন করতে পারেন। এছাড়া, এডুকেশনাল ইনোভেশন, নতুন কারিকুলা ও কোর্সের ডিজাইন এবং টিচিং-লার্নিং প্রসেসে মডার্ন টেকনোলজির ব্যবহারে কনট্রিবিউশন থাকলে ভালো।

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে - ১) ভালো অ্যাকাডেমিক রেকর্ডধারী প্রার্থীরা মাস্টার্স ডিগ্রি স্তরে অন্তত ৫৫ শতাংশ নম্বর নিয়ে সংশ্লিষ্ট বিষয়ে পাশ করে থাকলে। ২) সংশ্লিষ্ট বিষয়ে অনার্স/ মেজর-সহ অন্তত দ্বিতীয় শ্রেণির, ৩ বছরের ব্যাচেলর ডিগ্রিধারী হলে। ৩) ইউজিসি (সিএসআইআর) আয়োজিত ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট (নেট) কিংবা ইউজিসি-র নেট/ স্লেট/ সেট পরীক্ষায় সফল হয়ে থাকলে। ৪) ইউজিসি রেগুলেশন, ২০০৯ অনুযায়ী যাঁরা পি এইচডি ডিগ্রি পেয়েছেন তাঁরা নেট/ স্লেট/ সেট -এ ছাড় পাবেন। সংশ্লিষ্ট ডিসিপ্লিনে মাস্টার্স প্রোগ্রাম করেছেন যাঁরা তাঁদেরও নেট/ স্লেট/ সেট লাগবে না।

সরাসরি নিয়োগের জন্য তফশিলি, শারীরিক প্রতিবন্ধী, ওবিসিরা নম্বরে ৫ শতাংশ নম্বর ছাড় পেতে পারেন। ২০০৯ সালের ১১ জুলাইয়ের আগে যাঁরা পি এইচডি প্রোগ্রামে রেজিস্টার্ড করেছিলেন তাঁদেরও নেট/ স্লেট/ সেট থেকে অব্যাহতি রয়েছে। তবে তাঁদের ১) কেবল রেগুলার মোডে পি এইচডি পেয়ে থাকতে

...এরপর ১৪ পাতায়

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



# মুশকিল আসান

## জি কে মাস্টার

চাকরির পরীক্ষায় জেনারেল নলেজ মানে কি যা খুশি তাই? জানতে হবে আইনস্টাইনের আপেক্ষিকতা তত্ত্ব, পাণিনির সন্ধি-সমাসের সূত্রও? অনভিজ্ঞ পরীক্ষার্থীর কাছে ব্যাপারটা এরকম মনে হলেও আদৌ তা নয়। চাকরির পরীক্ষায় সর্ববিদ্যা-বিশারদ কেউ চান না, চান নির্দিষ্ট কাজের উপযুক্ত লোক। তাই প্রতিটি প্রশ্নের পেছনে থাকে পরীক্ষার্থীর কোনও-না-কোনও গুণাগুণ, ক্ষমতা বা দিক যাচাইয়ের উদ্দেশ্য। তাঁর উপস্থিত বুদ্ধি, কৌতূহল, মেলামেশার ক্ষমতা, আগ্রহের গভীরতা, পারিপার্শ্বিক সচেতনতা— কত দিকথাকে যা পরীক্ষা করা সম্ভব হয় না বিষয়পত্রে। এই বিভিন্ন দিকের কথা ভেবে সাজানো হল জিকে মাস্টারের সম্ভার। এসংখ্যায় বিশ্বের দীর্ঘতম ব্রিজগুলি (প্রথম কিস্তি)।

❑ **ড্যানাং-কুন্‌শান গ্র্যান্ড ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ১,৬৪,৮০০ মিটার (৫,৪০,৭০০ ফুট)। এটি একটি হাই




স্পিড রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১০ সালে।

❑ **ছাংহুয়া-কাহোসিউং ভায়াডাক্ট**: তাইওয়ানের এই ব্রিজটির দৈর্ঘ্য ১,৫৭,৩১৭ মিটার (৫,১৬,১৩২ ফুট)। এটি একটি হাই স্পিড রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৭ সালে। গিনেস বুক ওফ ওয়ার্ল্ড রেকর্ডে এটিই সবচেয়ে দীর্ঘ ব্রিজ হিসেবে নথিভুক্ত আছে।

❑ **তিয়ানজিন গ্র্যান্ড ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ১,১৩,৭০০ মিটার (৩,৭৩,০০০ ফুট)। এটি একটি হাই স্পিড রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১০ সালে।

❑ **ছাংহুয়া-কাহোসিউং ভায়াডাক্ট**: তাইওয়ানের এই ব্রিজটির দৈর্ঘ্য ১,৫৭,৩১৭ মিটার (৫,১৬,১৩২ ফুট)। এটি




একটি হাই স্পিড রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৭ সালে। গিনেস বুক ওফ ওয়ার্ল্ড রেকর্ডে এটিই দ্বিতীয় সবচেয়ে দীর্ঘ ব্রিজ হিসেবে নথিভুক্ত আছে।

❑ **ক্যাংডে গ্র্যান্ড ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ১,১৫,৯০০ মিটার (৩,৮০,২০০ ফুট)। এটি একটি হাই স্পিড রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১০ সালে।

❑ **উইনান ওইহে গ্র্যান্ড ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ৭৯,৭৩২ মিটার (২,৬১,৫৮৮ ফুট)। এটি একটি হাই স্পিড রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৮ সালে।

❑ **ব্যাং না এক্সপ্রেসওয়ে**: তাইল্যান্ডের এই ব্রিজটির দৈর্ঘ্য ৫৪,০০০ মিটার (১,৭৭,০০০ ফুট)। এটি একটি মোটরওয়ে ব্রিজ। চালু হয় ২০০০ সালে।




❑ **বেজিং গ্র্যান্ড ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ৪৮,১৫৩ মিটার (১,৫৭,৯৮২ ফুট)। এটি একটি হাই স্পিড রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১০ সালে।

❑ **লেক পন্টচার্টেন কোজওয়ে**: ইউনাইটেড স্টেটের এই ব্রিজটির দৈর্ঘ্য ৩৮,৪৪২ মিটার (১,২৬,১২২ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। দক্ষিণ দিক গামী চালু হয় ১৯৫৬ সালে এবং উত্তর দিক গামী চালু হয় ১৯৬৯ সালে। গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডে (একটানাভাবে) এটি জলের ওপর সবচেয়ে দীর্ঘ ব্রিজ হিসেবে নথিভুক্ত আছে।

❑ **মাঞ্চাক সোয়াম্প ব্রিজ**: ইউনাইটেড স্টেটের এই ব্রিজটির দৈর্ঘ্য ৩৬,৭১০ মিটার (১,২০,৪৪০ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৭৯ সালে।

❑ **ইয়াংচুন ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ৩৫,৮১২ মিটার (১,১৭,৪৯৩




ফুট)। এটি একটি হাই স্পিড রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৭ সালে।

❑ **হাংঝৌ বে ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ৩৫,৬৭৩ মিটার (১,১৭,০৩৭ ফুট)। এটি একটি এক্সপ্রেসওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৭ সালে।

❑ **রানওয়াং ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ৩৫,৬৬০ মিটার (১,১৬,৯৯০ ফুট)। এটি একটি এক্সপ্রেসওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৫ সালে।

❑ **দংঘাই ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ৩২,৫০০ মিটার (১,০৬,৬০০ ফুট)। এটি একটি এক্সপ্রেসওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৫ সালে।

❑ **সাংহাই মাগলেভ লাইন**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৯,৯০৮ মিটার (৯৮,




১২৩ ফুট)। এটি একটি ম্যাগনেটিক রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৩ সালে।

❑ **দ্বারকা সেক্টর ৮ মেট্রো স্টেশন-রামাকৃষ্ণ আশ্রম মার্গ মেট্রো স্টেশন ব্রিজ**: ভারতের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৯,৮০৮ মিটার (৯৭,৭৯৫ ফুট)। এটি একটি মেট্রো রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৫-২০১০ সালে।

❑ **আতচাফালায়া বেসিন ব্রিজ**: ইউনাইটেড স্টেটের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৯,২৯০ মিটার (৯৬,১০০ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৭৩ সালে।

❑ **য়ুহান মেট্রো ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৮,৮৭০ মিটার (৯৪,৭২০ ফুট)। এটি একটি মেট্রো রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৯ সালে।

❑ **ইয়ানসি ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৮,৫৪৩ মিটার (৯৩,৬৪৫ ফুট)। এটি একটি হাই-স্পিড রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৯ সালে।




❑ **জিয়াওঝৌ বে ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৬,৭০৭ মিটার (৮৭,৬২১ ফুট)। এটি একটি রোড ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১১ সালে। গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডে (সামগ্রিকভাবে) এটি জলের ওপর সবচেয়ে দীর্ঘ ব্রিজ হিসেবে নথিভুক্ত আছে।

❑ **জিনট্যাং ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৬,৫৪০ মিটার (৮৭,০৭০ ফুট)। এটি একটি এক্সপ্রেসওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৯ সালে।

❑ **জিনবিন লাইট রেল নং-১ ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৫,৮০০ মিটার (৮৪,৬০০ ফুট)। এটি একটি মেট্রো রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৩ সালে।




❑ **ইস্ট-ওয়েস্ট মেট্রো লাইন**: সিঙ্গাপুরের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৫,৭০০ মিটার (৮৪,৩০০ ফুট)। এটি একটি মেট্রো রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৮৮-২০১৭ সালে।

❑ **কিং ফাহদ কোজওয়ে ব্রিজ**: সৌদি আরব এবং বাহারিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৫,০০০ মিটার (৮২,০০০ ফুট)। এটি একটি রোড ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৮৬ সালে।

❑ **সুবর্ণভূমি এয়ারপোর্ট লিঙ্ক**: তাইল্যান্ডের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৪,৫০০ মিটার (৮০,৪০০ ফুট)। এটি একটি রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১০ সালে।

❑ **সুলতান আব্দুল হালিম মুয়াজ্জাম




শাহ ব্রিজ**: মালয়েশিয়ার এই ব্রিজটির দৈর্ঘ্য ২৪,০০০ মিটার (৭৯,০০০ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১৪ সালে।

❑ **চিসাপেইক বে ব্রিজ-টানেল**: ইউনাইটেড স্টেটের এই ব্রিজটির দৈর্ঘ্য ২৪,১৪০ মিটার (৭৯,২০০ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। দক্ষিণদিকগামী থেকে সম্পূর্ণ হয় ১৯৬৪ সালে এবং উত্তরদিকগামী থেকে সম্পূর্ণ হয় ১৯৯৯ সালে।

❑ **লিয়াংসুই রিভার ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ২১,৫৬৩ মিটার (৭০,৭৪৫ ফুট)। এটি একটি হাই স্পিড রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৭ সালে।

❑ **ইঞ্চিয়ন গ্র্যান্ড ব্রিজ**: দক্ষিণ কোরিয়ার এই ব্রিজটির দৈর্ঘ্য ২১,৩৮০ মিটার (৭০,১৪০ ফুট)। এটি একটি রোড ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৯ সালে।

❑ **ইয়ংডিং নিউ রিভার ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ২১,১৩৩ মিটার




(৬৯,৩৩৪ ফুট)। এটি একটি হাই-স্পিড রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৭ সালে।

❑ **৬ অক্টোবর ব্রিজ**: ইজিপ্টের এই ব্রিজটির দৈর্ঘ্য ২০,৫০০ মিটার (৬৭,৩০০ ফুট)। এটি একটি রোড ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৯৬ সালে।

❑ **সি২১৫ ভায়াডাক্ট**: তাইওয়ানের এই ব্রিজটির দৈর্ঘ্য ২০,০০০ মিটার (৬৬,০০০ ফুট)। এটি একটি হাই-স্পিড রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৭ সালে।

❑ **হামি গ্রেড সেপারেশন ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৯,৩০০ মিটার (৬৩,৩০০ ফুট)। এটি একটি হাই-স্পিড রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১৪ সালে।




❑ **কাংঝৌ-দেঝৌ গ্র্যান্ড ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৮,২০০ মিটার (৫৯,৭০০ ফুট)। এটি একটি হাই-স্পিড রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১০ সালে।

❑ **এরোট্রেন টেস্ট ট্র্যাক**: ফ্রান্সের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৮,০০০ মিটার (৫৯,০০০ ফুট)। এটি একটি রেলওয়ে (প্রোটোটাইপ) ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৬৫ সালে।

❑ **বোনেট কারি স্পিলওয়ে ব্রিজ**: ইউনাইটেড স্টেটের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৭,৭০২ মিটার (৫৮,০৭৭ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৭২ সালে।

❑ **শাইগন ট্রুং লুয়াং হাইওয়ে**: ভিয়েতনামের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৬,০০০ মিটার (৫২,০০০ ফুট)। এটি একটি রোড ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১০ সালে।

❑ **ইস্টার্ন ফ্রিওয়ে সাউথ স্ট্রেচ**: ভারতের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৫,৫৯৫ মিটার (৫১,১৬৫ ফুট)। এটি একটি




মোটরওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১৩ সালে।

❑ **ক্রস বেজিং রিং রোডস ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৫,৫৯৫ মিটার (৫১,১৬৫ ফুট)। এটি একটি হাই-স্পিড রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৭ সালে।

❑ **পেনাং ব্রিজ**: মালয়েশিয়ার এই ব্রিজটির দৈর্ঘ্য ১৩,৫০০ মিটার (৪৪,৩০০ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৮৫ সালে।

❑ **ক্যাম সিউং রোড-তুয়েন মান ভায়াডাক্ট**: হংকংয়ের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৩,৪০০ মিটার (৪৪,০০০ ফুট)। এটি একটি রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৩ সালে।





❑ **লুসিয়ানা হাইওয়ে ১ ব্রিজ**: ইউনাইটেড স্টেটের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৩,৩০০ মিটার (৪৩,৬০০ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৯ সালে।

❑ **রিও-নিতেরৌ ব্রিজ**: ব্রাজিলের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৩,২৯০ মিটার (৪৩,৬০০ ফুট)। এটি একটি রোডওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৭৪ সালে।

❑ **গ্রেট সিতো ব্রিজ**: জাপানের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৩,১০০ মিটার (৪৩,০০০ ফুট)। এটি একটি হাইওয়ে এবং রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৮৮ সালে।

❑ **ভূমিবল ব্রিজ**: তাইল্যান্ডের এই ব্রিজটির দৈর্ঘ্য ১৩,০০০ মিটার (৪৩,




০০০ ফুট)। এটি একটি রোডওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৬ সালে।

❑ **কনফিডারেশন ব্রিজ**: কানাডার এই ব্রিজটির দৈর্ঘ্য ১২,৯০০ মিটার (৪২,৩০০ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৯৭ সালে।

❑ **জুবলি পার্কওয়ে ব্রিজ**: ইউনাইটেড স্টেটের এই ব্রিজটির দৈর্ঘ্য ১২,৮৭৫ মিটার (৪২,২৪১ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৭৮ সালে।

❑ **রুডং ইয়াংকৌ ইয়েলো সি ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ১২,৬০০ মিটার (৪১,৩০০ ফুট)। এটি একটি রোডওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৮ সালে।

❑ **বালি মন্দারা টোল রোড**: ইন্দোনেশিয়ার এই ব্রিজটির দৈর্ঘ্য ১২,৭০০ মিটার (৪১,৭০০ ফুট)। এটি একটি রোডওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১৩ সালে।

❑ **ভাস্কো দা গামা ব্রিজ**: পর্তুগালের এই




ব্রিজটির দৈর্ঘ্য ১২,৩৪৫ মিটার (৪০,৫০২ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৯৮ সালে।

❑ **এমসল্যান্ড টেস্ট ফেসিলিটি**: জার্মানির এই ব্রিজটির দৈর্ঘ্য ১২,০০০ মিটার (৩৯,০০০ ফুট)। এটি একটি ম্যাগনেটিভ রেল ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৮৫ সালে।

❑ **উইতো উইনো টোল রোড**: ইন্দোনেশিয়ার এই ব্রিজটির দৈর্ঘ্য ১২,০০০ মিটার (৩৯,০০০ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৯০ সালে।

❑ **নানজিং কুনহুয়াই রিভার ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ১২,০০০ মিটার (৩৯,০০০ ফুট)। এটি একটি




হাই-স্পিড রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১০ সালে।

❑ **থার্ড মেইনল্যান্ড ব্রিজ**: নাইজেরিয়ার এই ব্রিজটির দৈর্ঘ্য ১১,৮০০ মিটার (৩৮,৭০০ ফুট)। এটি একটি রোডওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ১৯৯১ সালে।

❑ **মেয়র মহম্মদ হানিফ ফ্লাইওভার**: বাংলাদেশের এই ব্রিজটির দৈর্ঘ্য ১১,৭০০ মিটার (৩৮,৪০০ ফুট)। এটি একটি মোটরওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০১৩ সালে।

❑ **কুইস্যুই ব্রিজ**: চিনের এই ব্রিজটির দৈর্ঘ্য ১১,৭০০ মিটার (৩৮,৪০০ ফুট)। এটি একটি রেলওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৬ সালে।

❑ **লেজিরিয়া ব্রিজ**: পর্তুগালের এই ব্রিজটির দৈর্ঘ্য ১১,৬৭০ মিটার (৩৮,২৯০ ফুট)। এটি একটি হাইওয়ে ব্রিজ। সম্পূর্ণ হয় ২০০৭ সালে।

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



দেশের ৮টি রিজিয়নের বিভিন্ন নবোদয় বিদ্যালয় সমিতির হেড কোয়ার্টারে

# ৬৮৩ নার্স, স্টোর কিপার, অ্যাটেন্ড্যান্ট, স্টেনোগ্রাফার

স্টোরকিপার, স্টাফ নার্স, ল্যাব অ্যাটেন্ড্যান্ট সহ বিভিন্ন পদে ৬৮৩ জনকে নিচ্ছে নবোদয় বিদ্যালয় সমিতিতে। এটি কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। নিয়োগ হবে বিভিন্ন নবোদয় বিদ্যালয় সমিতির হেড কোয়ার্টার এবং ভোপাল, পুণে, চণ্ডীগড় সহ মোট ৮টি রিজিয়নে। প্রথমে ২ বছরের প্রবেশন। উল্লেখ্য, এই নিয়োগের বিস্তারিত খবর ১৮ নভেম্বর কাজকেরিয়ারে প্রকাশিত হয়েছিল। কর্তৃ পক্ষ এক বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদনের শেষ তারিখে বাড়িয়েছে। তাই প্রার্থীদের সুবিধার জন্য খবরটি পুনরায় প্রকাশ করা হল। যাঁরা ইতিমধ্যেই আবেদন করেছেন তাঁরা তাঁদের অ্যাপ্লিকেশন ফর্ম আপডেট এবং নতুন প্রার্থীরা যারা রেজিস্ট্রেশন করেছেন, কিন্তু আবেদন করতে পারেননি, তাঁরা আবেদন করতে পারবেন ২০ ডিসেম্বরের মধ্যে।

নবোদয় বিদ্যালয় সমিতির বিভিন্ন রিজিওনাল অফিস এবং হেড কোয়ার্টারের তরফে ২০১২ সাল থেকে ২০১৬ সালের মধ্যে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে সব শূন্যপদে নিয়োগ প্রক্রিয়া বাতিল হয়েছে এবং বর্তমান বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট শূন্যপদগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে। যে সকল বিজ্ঞপ্তি বাতিল হয়েছে, সেগুলির নম্বর হল: ভোপাল ৬-১২ জুলাই ২০১৩,

...এরপর ১০ পাতায়

ইরকনে ইনফ্রাস্ট্রাকচারে

# ১৯ ইঞ্জিনিয়ার

সিনিয়র প্রোজেক্ট ইঞ্জিনিয়ার, প্রোজেক্ট ইঞ্জিনিয়ার, ডেপুটি প্রোজেক্ট ইঞ্জিনিয়ার এবং অ্যাসিস্ট্যান্ট প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদে ১৯ জনকে নিচ্ছে ইরকন ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড সার্ভিসেস লিমিটেডে। এটি ইরকন ইন্টারন্যাশনার লিমিটেডের ভর্তুকিপ্রাপ্ত একটি সংস্থা। নিয়োগ হবে ১ বছরের চুক্তির ভিত্তিতে, সিভিল, মেটিরিয়াল/ কনস্ট্রাকশন ডিসিপ্লিনে। তবে প্রয়োজন ও ভাল কাজের নিরিখে চুক্তির মেয়াদ ইনক্রিমেন্ট সহ আরও ৪ বছর বাড়তে পারে। কাজ করতে হবে মায়ানমার প্রোজেক্টের অধীনে ব্রিজ ও হাইওয়েতে।

...এরপর ১০ পাতায়

# প্রতিরক্ষায় ১৬৪ মেট, ফায়ারম্যান

ট্রেডসম্যান মেট এবং ফায়ারম্যান পদে ১৬৪ জনকে নিচ্ছে ৩৬ ফিল্ড অ্যামুনিশন ডিপোয়। এটি কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষামন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

**ট্রেডসম্যান মেট:** মোট শূন্যপদ ১৫০টি (অসং ৯৪, তঃজাঃ ২৫, ওবিসি ৩১ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ৩, অস্থি প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৩২)। মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। হিন্দির জ্ঞান থাকলে অগ্রাধিকার পাবেন।

**ফায়ারম্যান:** মোট শূন্যপদ ১৪টি (অসং এবং এদের মধ্যে থেকে শ্রবণ প্রতিবন্ধী ১)। মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন।

বয়স হতে হবে ৫-১-২০১৮ তারিখের হিসেবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং

...এরপর ১১ পাতায়

# জলন্ধর ক্যান্টনমেন্টে ১৫৪ সাফাইওয়ালা

সাফাইওয়ালার পদে মোট ১৫৪ জনকে নিচ্ছে জলন্ধর ক্যান্টনমেন্ট বোর্ডের অফিসে। নিয়োগ হবে অষ্টম শ্রেণি পাশ ভারতীয়দের থেকে। নীচের মত যোগ্যতার প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন। প্রথমে অস্থায়ী নিয়োগ হবে। পরে চরিত্র ইত্যাদি যাচাই হয়ে যাওয়ার পর স্থায়ী নিয়োগ। উল্লেখ্য, এই নিয়োগের খবর কাজকেরিয়ারের ১৬ ডিসেম্বর সংখ্যায় আংশিকভাবে প্রকাশিত হয়েছিলো। এবার বিস্তারিতভাবে জানানো হল।

**সাফাইওয়ালা:** মোট শূন্যপদ ১৫৪টি (অসংরক্ষিত ৫৫, তফশিলি জাতি ৪০, ওবিসি ৫৯ এবং এসবের মধ্যে থেকে শ্রবণ প্রতিবন্ধী ২, অস্থি প্রতিবন্ধী ৩)।

প্রার্থিবাছাই হবে ফিজিক্যাল/ স্কিল টেস্ট এবং তাতে সফলদের লিখিত পরীক্ষার মাধ্যমে। ফিজিক্যাল/ স্কিল টেস্ট হবে কোয়ালিফাইং নেচারের। ফিজিক্যাল/ স্কিল টেস্টে যাঁরা কোয়ালিফাই করবেন কেবল তাঁদেরই নীচে বলা ওয়েবসাইটের মাধ্যমে জানানো

...এরপর ১১ পাতায়

# ৯৩ অ্যাসিস্ট্যান্ট, অফিসার, টেকনিশিয়ান, সুপারভাইজর

মেডিক্যাল অফিসার, ল্যাব টেকনিশিয়ান, কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজর, ম্যালেরিয়া টেকনিক্যাল সুপারভাইজর ইত্যাদি পদে ৯৩ জনকে নিচ্ছে মুর্শিদাবাদ জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে। নিয়োগ হবে চুক্তিরভিত্তিতে আগামী বছরের ৩১ মার্চ পর্যন্ত, জেলার জাতীয় স্বাস্থ্য মিশনের অধীনে। তবে ভাল কাজের নিরিখে চুক্তির মেয়াদ বাড়তে পারে। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যের প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসেবে অসংরক্ষিত পদগুলিতে আবেদন করতে পারেন। সেক্ষেত্রে তাঁরা কোনও সংরক্ষণের সুবিধা পাবেন না।

**মেডিক্যাল অফিসার:** মোট শূন্যপদ ৩৮টি (অসং ২৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি-এ ৪,ওবিসি-বি ৪)। মোট শূন্যপদের মধ্যে থেকে ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে শূন্যপদ ৬টি এবং ন্যাশনাল রুরাল হেলথ মিশনের অধীনে শূন্যপদ ৩২টি। মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এমবিবিএস ডিগ্রিধারীরা ১ বছরের আবশ্যিক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকলে এবং পশ্চিমবঙ্গ রাজ্য কাউন্সিলে নাম নথিভুক্ত

...এরপর ১১ পাতায়

# মিলিটারি হাসপাতালে ৪৮ শেফ, বার্বার, ওয়াশারম্যান

শেফ (কমিউনিটি), সুইপার, টেলর, বার্বার, ওয়াশারম্যান, পিএ/ স্টেনোগ্রাফার, ক্লার্ক/ এল ডি সি-সহ আরও অন্যান্য পদে মোট ৪৮ জনকে নিচ্ছে অসমের লিকাবলির ১৮৮ মিলিটারি হাসপাতালে। নীচের মত যোগ্যতার ভারতীয়রা আবেদন করতে পারেন। নিয়োগে হবে 'Central Govt. Civilian Employee' হিসেবে।

(সিরিয়াল নং ১) NCsU ৫টি পদ হল:

**শেফ (কমিউনিটি):** মোট শূন্যপদ ৪টি (অসং ৩, ওবিসি ১)। ১) এই ট্রেডে পেশাগত দক্ষতা থাকা চাই। ২) স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক/ সমতুল পাশ হতে হবে। এই পদে নেওয়া হবে ডিফেন্স সার্ভিসে একই বা সমতুল ট্রেডে কর্মরত লোয়ার ফর্মেশনের প্রার্থীদের থেকে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৯,৯০০ টাকা।

**সুইপার:** মোট শূন্যপদ ৭টি (অসং ৫, তঃজাঃ ১, ওবিসি ১)। স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক/ সমতুল পাশরা আবেদন করতে পারেন। সুইপারের কাজ

...এরপর ১১ পাতায়

## ১৯০ অ্যাসিস্ট্যান্ট

৪ পাতার পর ....

AIIMS, RAIPUR' লিঙ্কে ক্লিক করে দরখাস্ত করতে হবে। প্রাথমিকভাবে দরখাস্ত পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন পার্ট সম্পূর্ণ হলে এসএমএস-এর মাধ্যমে পাবেন ইউজার আইডি এবং পাসওয়ার্ড। স্ক্রিনেও তা দেখতে পাবেন। ইউজার আইডি এবং পাসওয়ার্ড যত্ন করে লিখে রাখবেন। রেজিস্ট্রেশনের পর দরখাস্তের ১ কপি প্রিন্ট নিয়ে রাখবেন। পরে কাজে লাগবে। রেজিস্ট্রেশনের পর ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে ফর্ম পূরণ করতে হবে, যাবতীয় তথ্য দিয়ে সঠিকভাবে পূরণ করা হয়ে গেলে এবার ফি পেমেন্ট করবার জন্য নির্দেশিকা, একটি লিঙ্ক এবং পেমেন্ট রেফারেন্স নম্বর পাবেন। তখন ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি পেমেন্ট করবেন। যাঁরা পরে ফি পেমেন্ট করতে চাইবেন তাঁরা ওই পেমেন্ট রেফারেন্স নম্বর দিয়ে রি-লগইন করে পেমেন্ট করবেন। মনে রাখবেন, দরখাস্তের ফি না দেওয়া পর্যন্ত দরখাস্ত অসম্পূর্ণ হিসেবেই ধরা হবে।

অনলাইন দরখাস্ত পূরণের সময় কোনও কারিগরি সাহায্য প্রয়োজন হলে অ্যাপ্লিকেশন আইডি ও যে পদে আবেদন করছেন তার নাম উল্লেখ করে মেল করতে পারেন helpdesk.aiimsraipur@gmail.com আইডিতে। এছাড়া ফোন করতে পারেন এই নম্বর দুটিতে: 07554031427, 7000669535। এই নিয়োগের No. Admin/Rec./Regular/ Group 'C'/ 10/ 2017/ AIIMS.RPR/2156 তারিখ 06.12.2017. আরও বিস্তারিত তথ্য জানার আছে এবং তা জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## এবার থেকে কেন্দ্রীয়

১ পাতার পর ....

অনুযায়ী কাউন্সেলিং হবে। প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সৈকত মৈত্র জানালেন, এই পরীক্ষা বন্ধ ছিল। আমরা আবার তা চালু করতে চলেছি। এতদিন এই পরীক্ষা কলেজগুলি তাদের মতো করে নিত। তবে এবার তা কেন্দ্রীয়ভাবে হবে। বর্তমানে যে কটা নন এআইসিটিই কোর্স চলছে, তার সঙ্গে আরও অন্তত ১৫-১৬টি বাড়তি বিষয় চালু করার পরিকল্পনা নিয়েছে বিশ্ববিদ্যালয়। এর মধ্যে রয়েছে, রিয়েল এস্টেট ম্যানেজমেন্ট, স্টক এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট ও ডেটা সায়েন্স প্রভৃতি।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে, উচ্চ মাধ্যমিকের পরপরই এই পরীক্ষা নেওয়া হবে। শীঘ্রই তার দিন ঘোষণা করা হবে। ১০০ নম্বরের এই পরীক্ষার প্রশ্নপত্র পুরোটাই এমসিকিউ ধাঁচে হবে। রাজ্য শুধু নয়, কয়েকটি ভিন রাজ্যেও এই পরীক্ষার কেন্দ্র করা হবে। কারণ, এই বিষয়গুলির বেশ চাহিদা রয়েছে। এবছর ১৮ হাজার আসনের মধ্যে ভর্তি হয়েছেন ১৬ হাজার ৮৬৬ জন।

ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে এবার মোট আসন ছিল ৩৮ হাজার ৬০০টি। তাতে ভর্তি হয়েছেন ৩২ হাজার ৯০৪ জন। অন্যান্য বছরগুলিতে খালি আসনের সংখ্যা অনেক থাকলেও সেই তুলনায় এবার অনেকটাই আসন ভরল। কাশ্মীরের ইসলামিক ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির ফ্যাকাল্টি এবং পড়ুয়াদের নানা বিষয়ে পরামর্শ দেবেন এই প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকরা।

প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে, কম্পিউটার সায়েন্স এবং ফুড টেকনোলজি বিষয়ের উপর 'মেন্টরিং' করা হবে। এই বিষয়গুলি নিয়ে বিভিন্ন তথ্যও জানানো হবে।

# ন্যাশনাল কেমিক্যাল ল্যাবরেটরিতে ২২

প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট ও সায়েন্টিস্ট হিসেবে ২২ জনকে নিচ্ছে পুণের ন্যাশনাল কেমিক্যাল ল্যাবরেটরিতে। নিয়োগ হবে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট (পিএ-২, পিএ-৩) এবং প্রোজেক্ট সায়েন্টিস্ট (পিএস-১) পদে। কাজ করতে হবে ক্যাটালিসিস অ্যান্ড ইনঅর্গানিক কেমিস্ট্রি ডিভিশনে। প্রাথমিকভাবে নিয়োগ হবে ৬ মাসের জন্য অস্থায়ীভাবে। তবে প্রোজেক্টের মেয়াদ অনুযায়ী কাজের মেয়াদ বাড়তে পারে।

**প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট (পিএ-২):** মোট শূন্যপদ ১৬টি। অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ কেমিস্ট্রির এমএসসি ডিগ্রিধারী অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ২৫,০০০ টাকা।

**প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট (পিএ-৩):** মোট শূন্যপদ ৪টি। অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ কেমিস্ট্রির এমএসসি ডিগ্রিধারী অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক ডিগ্রিধারী কিংবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইন্ডাস্ট্রিয়াল ক্যাটালিসিসের এম টেক ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের রিসার্চের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ২৮,০০০ টাকা।

**প্রোজেক্ট সায়েন্টিস্ট (পিএস-১):** মোট শূন্যপদ ২টি। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের এম টেক ডিগ্রিধারীরা রিসার্চের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে কিংবা কেমিক্যাল/ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের পিএইচডি করে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ৫০,৬০০ টাকা।

সবক্ষেত্রেই মেটিরিয়াল সিন্থেসিস/ ক্যারেক্টারাইজেশন/ ক্যাটালিটিক রিয়্যাক্টারস/ হেটারাজিনিয়াস রিয়াকশনের সিম্যুলেশন অ্যান্ড মডেলিংয়ের অভিজ্ঞতা থাকলে ভাল।

সবক্ষেত্রেই সংরক্ষিত শ্রেণির প্রার্থী ও মহিলারা বয়সে ৫ বছরের ছাড় পাবেন।

প্রার্থিবাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ে বাছাই প্রার্থীদের তালিকা ডিভিশনাল নোটিশ বোর্ডে ২৯ ডিসেম্বর প্রকাশ করা হবে। এছাড়া এই নম্বরের ফোন করেও বিস্তারিত জানতে পারবেন (Name: Mr. PK. Purushothaman/ Dr. T. Raja), ফোন নং: 25902010/ 25902633/ 25902006। ইন্টারভিউ হবে ২ জানুয়ারি সকাল ১০টা থেকে। এই ঠিকানায়: National Chemical Laboratory, Catalysis and Inorganic Chemistry Division, Main Building, Ground Floor, Room No. 158, Pune-411 008। বাছাই হলে ইন্টারভিউয়ের সময় সঙ্গে নেবেন যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি।

আবেদন করবেন নীচে দেওয়া যাবতীয় তথ্য একটি সাদা কাগজে টাইপ করিয়ে নিয়ে। পূরণ করবেন সঠিকভাবে। দরখাস্ত ও বায়োডেটার নির্দিষ্ট জায়গায় সই করবেন পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন ২ কপি পাসপোর্ট মাপের ছবি। এছাড়া দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, সংরক্ষিত প্রার্থীদের ক্ষেত্রে জাতিগত শংসাপত্র সহ প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত জেরক্স। এগুলি একটি খামে ভরে তার ওপর যে পদের জন্য আবেদন করছেন সেটি উল্লেখ করে দেবেন। এবার দরখাস্ত এমনভাবে পাঠাবেন যেন তা পৌঁছয় ২৬ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায়: The Head, Catalysis and Inorganic Chemistry Division, (Attn Dr. T. Raja) National Chemical Laboratory, Pune-411 008। এছাড়া নিজের সম্পূর্ণ বায়োডেটা এবং যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে পাঠাতে হবে এই ইমেল আইডিতে: t.raja@ncl.res.in। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: TR/CATA/12/2017/1।

দরখাস্তের বয়ানে এই তথ্যগুলি থাকতে হবে— (1) Name of the applicant, (2) Date of Birth, (3) Whether belonging to SC/ST/OBC (Original Caste/ Community Certificate issued by competent authorities to be produced at the time of interview in support of the claim). (4) Educational Qualification (furnish details commencing from SSC), (5) Experience indicating full details, (6) Address for communication, (7) Anyclose relation** working in NCL, if yes, give details. (8) Telephone No., (9) Email address (10) Signature। আরও বিস্তারিত জানতে পারবেন www.ncl-india.org ওয়েবসাইটের job vacancies->Project Vacancies লিঙ্কে ক্লিক করে।

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



## ৬৮৩ নার্স

৯ পাতার পর ....

চণ্ডীগড় ২১-২৭ জুলাই ২০১২, হায়দরাবাদ ২৯ আগস্ট-৪ সেপ্টেম্বর ২০১৫, পাটনা ২৩-২৯ মার্চ ২০১৩ এবং ৮-২৪ জানুয়ারি ২০১৪, পুণে ২০-২৬ ডিসেম্বর ২০১৪, শিলং 2-89/2012-NVS (SHR)/Pers, August 2012, ২২-২৮ আগস্ট ২০১৫, হেড কোয়ার্টার ১২-১৮ মার্চ ২০১৬। এইসব বিজ্ঞপ্তি অনুযায়ী যাঁরা দরখাস্ত করেছিলেন, তাঁদের আর নতুন করে দরখাস্ত করতে হবে না এবং তাঁরা চাইলে প্রয়োজনীয় তথ্য আপডেট করতে পারেন নীচে বলা ওয়েবসাইটগুলির মাধ্যমে।

এনভিএস হেড কোয়ার্টার/ রিজিওনাল অফিসে মোট শূন্যপদ ২৪টি। এরমধ্যে থেকে **অডিট অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ৩টি (অসং ১, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে লোকোমোটর ডিসেবিলিটি ১)। **হিন্দি ট্রান্সলেটর**: মোট শূন্যপদ ৫টি (অসং ৪, ওবিসি ১ এবং এদের মধ্যে থেকে লোকোমোটর ডিসেবিলিটি ১)। **স্টেনোগ্রাফার**: মোট শূন্যপদ ৬টি (অসং ১, তঃজাঃ ১, ওবিসি ৪ এবং এদের মধ্যে থেকে লোকোমোটর ডিসেবিলিটি ১)। **লোয়ার ডিভিশন ক্লার্ক**: মোট শূন্যপদ ১০টি (অসং ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১)।

জেএনভি-র ৮টি রিজিওনাল অফিসে নিয়োগ হবে ফিমেল স্টাফ নার্স, ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট, লোয়ার ডিভিশন ক্লার্ক/ স্টোর কিপার এবং ল্যাব অ্যাটেন্ড্যান্ট পদে।

**ফিমেল স্টাফ নার্স**: মোট শূন্যপদ ৮১টি (অসং ২৭, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৮, ওবিসি ২৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৬, প্রাক্তন সমরকর্মী ২)। **ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ৬১টি (অসং ২৬, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৫, ওবিসি ১৮ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৬, প্রাক্তন সমরকর্মী ২)। **এলডিসি/ স্টোর কিপার**: মোট শূন্যপদ ৪৪০টি (অসং ২৪১, তঃজাঃ ৬১, তঃউঃজাঃ ৬৮, ওবিসি ৭০ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১২, প্রাক্তন সমরকর্মী ২৭)। **ল্যাব অ্যাটেন্ড্যান্ট**: মোট শূন্যপদ ৭৭টি (অসং ৩৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১২, ওবিসি ১৮ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৭, প্রাক্তন সমরকর্মী ৬)।

ভোপাল রিজিওনাল অফিসে — **ফিমেল স্টাফ নার্স**: মোট শূন্যপদ ২৩টি (অসং ১২, তঃজাঃ ৪, ওবিসি ৭)। **ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ৩টি (তঃউঃজাঃ ১, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। **এলিডিসি/ স্টোরকিপার**: মোট শূন্যপদ ৫৮টি (অসং ২২, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ২৪, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৫)। **ল্যাব অ্যাটেন্ড্যান্ট**: মোট শূন্যপদ ২৪টি (অসং ১৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৬, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৩)।

চণ্ডীগড় রিজিওনাল অফিসে — **ফিমেল স্টাফ নার্স**: মোট শূন্যপদ ১২টি (অসং ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ওবিসি ৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। **ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ১৭টি (অসং ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৫ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩, প্রাক্তন সমরকর্মী ১)। **এলিডিসি/ স্টোরকিপার**: মোট শূন্যপদ ৫৬টি (অসং ২৮, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ওবিসি ১৮ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৫)। **ল্যাব অ্যাটেন্ড্যান্ট**: মোট শূন্যপদ ১০টি (অসং ১, তঃজাঃ ২, ওবিসি ৭ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩, প্রাক্তন সমরকর্মী ২)।

হায়দরাবাদ রিজিওনাল অফিসে — **ফিমেল স্টাফ নার্স**: মোট শূন্যপদ ৩টি (অসং ১, তঃউঃজাঃ ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। **ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ১৫টি (অসং ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। **এলিডিসি/ স্টোরকিপার**: মোট শূন্যপদ ৪১টি (অসং ৩৭, তঃজাঃ ২, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৩)। **ল্যাব অ্যাটেন্ড্যান্ট**: মোট শূন্যপদ ৮টি (অসং ৫, ওবিসি ৩)।

জয়পুর রিজিওনাল অফিসে — **ফিমেল স্টাফ নার্স**: মোট শূন্যপদ ৯টি (অসং ৬, তঃউঃজাঃ ১, ওবিসি ২)। **ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ৪টি (অসং ২, ওবিসি ২)। **এলিডিসি/ স্টোরকিপার**: মোট শূন্যপদ ২০টি (অসং ৯, তঃউঃজাঃ ৪, ওবিসি ৭)। **ল্যাব অ্যাটেন্ড্যান্ট**: মোট শূন্যপদ ৯টি (অসং ৬, তঃজাঃ ১, ওবিসি ২)।

লক্ষ্ণৌ রিজিওনাল অফিসে — **ফিমেল স্টাফ নার্স**: মোট শূন্যপদ ১৫টি (অসং ৬, তঃজাঃ ৩, ওবিসি ৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। **এলিডিসি/ স্টোরকিপার**: মোট শূন্যপদ ৬৮টি (অসং ৪৫, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১৪, ওবিসি ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪)। **ল্যাব অ্যাটেন্ড্যান্ট**: মোট শূন্যপদ ১০টি (অসং ৫, তঃউঃজাঃ ৫ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩)।

পাটনা রিজিওনাল অফিসে — **ফিমেল স্টাফ নার্স**: মোট শূন্যপদ ৩টি (তঃজাঃ)। **এলিডিসি/ স্টোরকিপার**: মোট শূন্যপদ ৮৭টি (অসং ৪৩, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ১৫, ওবিসি ১৮ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৮)। **ল্যাব অ্যাটেন্ড্যান্ট**: মোট শূন্যপদ ৫টি (অসং ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)।

পুণে রিজিওনাল অফিসে — **ফিমেল স্টাফ নার্স**: মোট শূন্যপদ ১০টি (অসং ৩, তঃউঃজাঃ ২, ওবিসি ৫ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। **ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ৬টি (অসং ৩, ওবিসি ৩)। **এলিডিসি/ স্টোরকিপার**: মোট শূন্যপদ ৪৫টি (অসং ২৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪, ওবিসি ৯)। **ল্যাব অ্যাটেন্ড্যান্ট**: মোট শূন্যপদ ৪টি (অসং)।

শিলং রিজিওনাল অফিসে — **ফিমেল স্টাফ নার্স**: মোট শূন্যপদ ৬টি (অসং ৪, তঃজাঃ ১, ওবিসি ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। **ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ১৬টি (অসং ৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ওবিসি ৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। **এলিডিসি/ স্টোরকিপার**: মোট শূন্যপদ ৬৫টি (অসং ২৮, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ৫, ওবিসি ১০ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৬)। **ল্যাব অ্যাটেন্ড্যান্ট**: মোট শূন্যপদ ৭টি (অসং ৩, ওবিসি ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)।

এছাড়াও এনভিএস হেড কোয়ার্টার/ রিজিওনাল অফিসগুলিতে নিয়োগ করা হবে অডিট অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদে।

**অডিট অ্যাসিস্ট্যান্ট**: মোট শূন্যপদ ৩টি (অসং ১, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। **স্টেনোগ্রাফার**: মোট শূন্যপদ ৬টি (অসং ১, তঃজাঃ ১, ওবিসি ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। **লোয়ার ডিভিশন ক্লার্ক**: মোট শূন্যপদ ১০টি (অসং ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১)।

অডিট অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড-০১) পদের ক্ষেত্রে— বি কম পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। সঙ্গে কোনও সরকারি/ আধা সরকারি / কেন্দ্রশাসিত সংস্থায় অন্তত ৩ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। ৩১-১০-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

হিন্দি ট্রান্সলেটর (পোস্ট কোড-০২) পদের ক্ষেত্রে— হিন্দি/ ইংরিজির মাস্টার ডিগ্রিধারীরা অথবা হিন্দি/ ইংরিজির ব্যাচেলর ডিগ্রিধারীরা হিন্দি থেকে ইংরিজি কিংবা ইংরিজি থেকে হিন্দিতে ট্রান্সলেশনের ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে কোনও কেন্দ্রীয়/ রাজ্য সরকারি অফিসে প্রুফ কারেকশন সহ হিন্দি থেকে ইংরিজি বা ইংরিজি থেকে হিন্দিতে ট্রান্সলেশনের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। ৩১-১০-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

ফিমেল স্টাফ নার্স (পোস্ট কোড-০৩) পদের ক্ষেত্রে— উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা সঙ্গে নার্সিংয়ে গ্রেড-এ ডিপ্লোমা/ সার্টিফিকেটধারী হলে অথবা নার্সিংয়ের বিএসসি পাশ হলে আবেদন করতে পারেন। সবক্ষেত্রেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। পাশাপাশি ইন্ডিয়ান/ স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকা চাই। হিন্দি/ স্থানীয় ভাষা এবং ইংরিজিতে দক্ষ হলে অগ্রাধিকার। ৩১-১০-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে।

স্টেনোগ্রাফার (পোস্ট কোড-০৪) পদের ক্ষেত্রে— উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৮০টি শব্দ লেখা এবং ইংরিজি টাইপে মিনিটে অন্তত ৪০টি শব্দ টাইপে দক্ষ হলে অথবা হিন্দিতে মিনিটে ৬০টি শব্দ শর্টহ্যান্ড লেখা এবং হিন্দি টাইপিংয়ে মিনিটে ৩০টি শব্দ টাইপে দক্ষ হলে আবেদন করতে পারেন। ৩১-১০-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড-০৫) পদের ক্ষেত্রে— মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা সঙ্গে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে ক্যাটারিং/ সমতুল বিষয়ে ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে। অথবা সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভোকেশনাল শাখার উচ্চমাধ্যমিক পাশ হলে আবেদন করতে পারেন। তবে উচ্চমাধ্যমিক অন্যতম বিষয় হিসেবে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং পড়ে থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা সঙ্গে ক্যাটারিং/ সমতুল বিষয়ের ১ বছরের ডিপ্লোমাধারী হলে এবং পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। ৩১-১০-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে।

লোয়ার ডিভিশন ক্লার্ক/ স্টোরকিপার (পোস্ট কোড-০৬/০৭) পদের ক্ষেত্রে— মোট অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ইংরিজিতে মিনিটে ৩০টি শব্দ কিংবা হিন্দিতে মিনিটে ২৫টি শব্দ টাইপে দক্ষ হলে আবেদন করতে পারেন। অথবা ভোকেশনাল শাখার উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা উচ্চমাধ্যমিকে সেক্রেটারিয়াল প্র্যাক্টিসেস অ্যান্ড অফিস ম্যানেজমেন্ট বিষয়ে পড়ে থাকলেও আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে কম্পিউটার অপারেশন ও ডেটা এন্ট্রি বিষয় পড়ে থাকলে বা স্কুলে কম্পিউটার লিটারেসি সার্টিফিকেট পেয়ে থাকলে বা কম্পিউটারের ৬ মাসের ডিপ্লোমা কোর্স করা থাকলে অগ্রাধিকার। কোনও সরকারি/ আধা সরকারি/ স্বশাসিত সংস্থায় অ্যাকাউন্টস/ অ্যাডমিনিস্ট্রেশনের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। ৩১-১০-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

ল্যাব অ্যাটেন্ড্যান্ট (পোস্ট কোড-০৮) পদের ক্ষেত্রে— অষ্টম শ্রেণি পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। ৩১-১০-২০১৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

সব পদের ক্ষেত্রেই প্রার্থীদের হিন্দির জ্ঞান থাকা চাই এবং সব পদের মূল মাইনে ৯,৩০০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে অডিট অ্যাসিস্ট্যান্ট, হিন্দি ট্রান্সলেটর পদের গ্রেড পে ৪,২০০ এবং ফিমেল স্টাফ নার্সের গ্রেড পে ৪,৬০০ টাকা। স্টেনোগ্রাফার এবং ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট পদের গ্রেড পে ২,৪০০ টাকা। এলডিসি/ স্টোরকিপারের গ্রেড পে ১,৯০০ টাকা এবং ল্যাব অ্যাটেন্ড্যান্টের গ্রেড পে ১,৮০০ টাকা। সবপদের তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থিবাছাই হবে ১০০ নম্বরের কম্পিউটার বেসড অনলাইন পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। অনলাইন পরীক্ষা হবে ১২, ১৩ এবং ১৪ জানুয়ারি ২০১৮ তারিখে। মোট ১০০ নম্বরের অডিট অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে হিন্দি এবং ইংরিজি বিষয়ের (প্রতিটিতে ১৫ নম্বর হিসেবে) ৩০ নম্বরের প্রশ্ন, মেন্টাল এবিলিটি/ রিজনিং/ অ্যারিথমেটিক বিষয়ের ৩০ নম্বরের প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন এবং সংশ্লিষ্ট বিষয়ের জ্ঞান সংক্রান্ত ২০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৫০ মিনিট। মোট ১০০ নম্বরের হিন্দি ট্রান্সলেটর পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে ইংরিজি থেকে হিন্দিতে ট্রান্সলেশন বিষয়ের ৩০ নম্বরের প্রশ্ন, মেন্টাল এবিলিটি/ রিজনিং/ অ্যারিথমেটিক বিষয়ের ৩০ নম্বরের প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন এবং সংশ্লিষ্ট বিষয়ের জ্ঞান সংক্রান্ত ২০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৫০ মিনিট। মোট ১০০ নম্বরের স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে হিন্দি এবং ইংরিজি বিষয়ের (প্রতিটিতে ১৫ নম্বর হিসেবে) ৩০ নম্বরের প্রশ্ন, মেন্টাল এবিলিটি/ রিজনিং/ অ্যারিথমেটিক বিষয়ের ৩০ নম্বরের প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন এবং কম্পিউটারের জ্ঞান সংক্রান্ত ২০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৫০ মিনিট। মোট ১০০ নম্বরের স্টাফ নার্স পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে হিন্দি এবং ইংরিজি বিষয়ের (প্রতিটিতে ১০ নম্বর হিসেবে) ২০ নম্বরের প্রশ্ন, মেন্টাল এবিলিটি/ রিজনিং/ অ্যারিথমেটিক বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন এবং সংশ্লিষ্ট বিষয়ের জ্ঞান সংক্রান্ত ৪০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৫০ মিনিট। মোট ১০০ নম্বরের ক্যাটারিং অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে হিন্দি এবং ইংরিজি বিষয়ের (প্রতিটিতে ১০ নম্বর হিসেবে) ২০ নম্বরের প্রশ্ন, মেন্টাল এবিলিটি/ রিজনিং/ অ্যারিথমেটিক বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন এবং সংশ্লিষ্ট বিষয়ের জ্ঞান সংক্রান্ত ৪০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৫০ মিনিট। মোট ১০০ নম্বরের লোয়ার ডিভিশন ক্লার্ক/ স্টোরকিপার পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে হিন্দি এবং ইংরিজি বিষয়ের (প্রতিটিতে ১০ নম্বর হিসেবে) ২০ নম্বরের প্রশ্ন, মেন্টাল এবিলিটি/ রিজনিং বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন, অ্যারিথমেটিক্যাল এবিলিটি বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন এবং সংশ্লিষ্ট বিষয়ের জ্ঞান সংক্রান্ত ২০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৫০ মিনিট। মোট ১০০ নম্বরের ল্যাব অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে হিন্দি এবং ইংরিজি বিষয়ের (প্রতিটিতে ১০ নম্বর হিসেবে) ২০ নম্বরের প্রশ্ন, মেন্টাল এবিলিটি/ রিজনিং/ অ্যারিথমেটিক বিষয়ের ৩০ নম্বরের প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ের ২০ নম্বরের প্রশ্ন এবং জেনারেল সায়েন্স বিষয়ের ৩০ নম্বরের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১৫০ মিনিট। কোনও নেগেটিভ মার্কিং নেই। প্রশ্ন হবে ইংরিজি এবং হিন্দিতে।

দরখাস্ত করবেন অনলাইনে www.nvshq.org বা www.nvsnt2017.org ওয়েবসাইটের মাধ্যমে, ২০ ডিসেম্বরের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেল আইডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করলে পাবেন লগ-ইন আইডি ও পাসওয়ার্ড। এগুলির যত্ন করে লিখে রাখতে হবে, পরে কাজে লাগবে। অনলাইন দরখাস্ত করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের রঙিন ছবি ও সই, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, (প্রযোজ্য হলে) কাস্ট/ ওবিসি সার্টিফিকেট, প্রতিবন্ধকতা সার্টিফিকেট, (প্রাক্তন সমরকর্মীরা) সার্ভিস সার্টিফিকেট স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করেতে হবে। দরখাস্তের ফি বাবদ স্টাফ নার্স এবং অডিট অ্যাসিস্ট্যান্ট পদের প্রার্থীরা দেবেন ১,০০০ টাকা। বাকি সব পদের প্রার্থীরা দেবেন ৭৫০ টাকা। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় মাধ্যমে অনলাইনে ফি জমা দেবেন ২২ ডিসেম্বরের মধ্যে। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এছাড়া পুরনো বিজ্ঞপ্তি অনুসারে যাঁরা আবেদন এবং ফি পেমেন্ট করেছিলেন তাঁদের এবারের বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করলে নতুন করে আর ফি দিতে হবে না। অনলাইনে ফি পেমেন্ট করে ই-রিসিটের প্রিন্ট নিয়ে রাখেবেন। এবার যাবতীয় তথ্য যাচাই করে সাবমিট করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। পরে কাজ লাগবে। আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটগুলিতে।

## ১৯ ইঞ্জিনিয়ার

৯ পাতার পর ....

**সিনিয়র প্রোজেক্ট ইঞ্জিনিয়ার/ সিভিল (ব্রিজ/ হাইওয়ে)**: মোট শূন্যপদ ৬টি। এরমধ্যে থেকে ব্রিজে শূন্যপদ ৩টি এবং হাইওয়েতে শূন্যপদ ৩টি। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ডিসিপ্লিনের এম টেক ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন। সঙ্গে ব্রিজের ক্ষেত্রে কনস্ট্রাকশন/ মেজর বা মাইনর ব্রিজের সুপারভিশন/ ফ্লাইওভার ইত্যাদি ক্ষেত্রে ১৪ বছরের অভিজ্ঞতা থাকা চাই এবং হাইওয়ের ক্ষেত্রে কনস্ট্রাকশন/ ২ লেন বিশিষ্ট হাইওয়ে প্রোজেক্টের সুপারভিশনের কাজে ১৪ বছরের অভিজ্ঞতা থাকা চাই। থোক মাইনে মায়ানমার মুদ্রাব্যবস্থায় ২,৭০০ ইউএসডি প্রতি মাসে। এছাড়া বার্ষিক ২০ ইউএসডি হারে ইনক্রিমেন্ট। জন্মতারিখ হতে হবে ১-১১-১৯৬৭ বা তার পরে।

**প্রোজেক্ট ইঞ্জিনিয়ার/ সিভিল (মেটিরিয়াল/ কনস্ট্রাকশন)**: মোট শূন্যপদ ৫টি। এরমধ্যে থেকে মেটিরিয়ালে শূন্যপদ ২টি এবং কনস্ট্রাকশনে শূন্যপদ ৩টি। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ডিসিপ্লিনের এম টেক ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন। সঙ্গে মেটিরিয়ালের ক্ষেত্রে— অন্তত ২ লেন বিশিষ্ট হাইওয়ে প্রোজেক্টের কোয়ালিটি কন্ট্রোলের কাজে অন্তত ১১ বছরের অভিজ্ঞতা থাকা চাই এবং কনস্ট্রাকশনের ক্ষেত্রে— কনস্ট্রাকশন/ অন্তত ২ লেন বিশিষ্ট হাইওয়ে প্রোজেক্টের সুপারভিশনের কাজে অন্তত ১১ বছরের অভিজ্ঞতা থাকা চাই। সার্ভে/ সুপারভিশন ওয়ার্ক এবং পিএমসি-র অভিজ্ঞতা সহ কোয়ালিটি কন্ট্রোলের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। থোক মাইনে মায়ানমার মুদ্রাব্যবস্থায় ২,৫১০ ইউএসডি প্রতি মাসে। এছাড়া বার্ষিক ২০ ইউএসডি হারে ইনক্রিমেন্ট। জন্মতারিখ হতে হবে ১-১১-১৯৭২ বা তার পরে।

**ডেপুটি প্রোজেক্ট ইঞ্জিনিয়ার (সিভিল)**: মোট শূন্যপদ ৩টি। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ডিসিপ্লিনের এম টেক ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন। সঙ্গে কনস্ট্রাকশন/ অন্তত ২ লেন বিশিষ্ট হাইওয়ে প্রোজেক্টের সুপারভিশনের কাজে অন্তত ৯ বছরের অভিজ্ঞতা থাকা চাই। সার্ভে/ সুপারভিশন ওয়ার্ক এবং পিএমসি-র অভিজ্ঞতা সহ কোয়ালিটি কন্ট্রোলের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। থোক মাইনে

এরপর ১১ পাতায়

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



## ১৯ ইঞ্জিনিয়ার

*১০ পাতার পর ....*

মায়ানমার মুদ্রাব্যবস্থায় ২,৩৫৫ ইউএসডি প্রতি মাসে। এছাড়া বার্ষিক ২০ ইউএসডি হারে ইনক্রিমেন্ট। জন্মতারিখ হতে হবে ১-১১-১৯৭৭ বা তার পরে।

**অ্যাসিস্ট্যান্ট প্রোজেক্ট ইঞ্জিনিয়ার (সিভিল)**: মোট শূন্যপদ ৫টি। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ডিসিপ্লিনের এম টেক ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন। সঙ্গে কনস্ট্রাকশন/ অন্তত ২ লেন বিশিষ্ট হাইওয়ে প্রোজেক্টের সুপারভিশনের কাজে অন্তত ৯ বছরের অভিজ্ঞতা থাকা চাই। সার্ভে/ সুপারভিশন ওয়ার্ক এবং পিএমসি-র অভিজ্ঞতা সহ কোয়ালিটি কন্ট্রোলের কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। থোক মাইনে মায়ানমার মুদ্রাব্যবস্থায় ১,১৫০ ইউএসডি প্রতি মাসে। এছাড়া বার্ষিক ২০ ইউএসডি হারে ইনক্রিমেন্ট। জন্মতারিখ হতে হবে ১-১১-১৯৮২ বা তার পরে।

সবক্ষেত্রেই সরকারি নিয়মে বয়সের ছাড় আছে। প্রার্থিবাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে নীচে বলা ঠিকানাতেই। ইন্টারভিউয়ের তারিখ পরে নীচে বলা ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা।

মনে রাখবেন, এই নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর বৈধ পাসপোর্ট থাকতে হবে এবং অন্তত ১৮ মাস কাজ করার পর একবার ভারতে আসার সুযোগ পাবেন। মোট মাইনে ১০ শতাংশ (ফেরৎযোগ্য অর্থ) কেটে রাখা হবে। এটি সফলভাবে চুক্তির মেয়াদ শেষে ফেরৎ পাবেন। তবে মায়ানমারে সফল ও বিশ্বাসযোগ্যভাবে চুক্তির মেয়াদ সম্পূর্ণ করলে স্থায়ী হিসেবে নিয়োগও করা হতে পারে।

আবেদন করবেন নির্ধারিত বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন www.irconisl.com ওয়েবসাইটে। একটি এ-৪ মাপের কাগজে বয়ান টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন সঠিকভাবে। পূরণ করা দরখাস্তের নির্দিষ্ট জায়গায় ১ কপি পাসপোর্ট মাপের ছবি সেঁটে দেবেন। সঙ্গে দেবেন বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত জেরক্স, পেশাগত যোগ্যতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত জেরক্স, অভিজ্ঞতার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত জেরক্স, সংরক্ষিত প্রার্থীদের ক্ষেত্রে জাতিগত শংসাপত্রের স্বপ্রত্যয়িত জেরক্স, বৈধ পাসপোর্টের স্বপ্রত্যয়িত জেরক্স। এগুলি একটি খামে ভরে তার ওপর লিখবেন "Application for the post of .......... - Advt. IISL C04/ 2017"। এবার দরখাস্ত এমনভাবে পাঠাবেন যেন তা পৌঁছয় ৩১ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায়: Ircon Infrastructure & Services Limited, C-4 District Centre, Saket, New Delhi-110 017। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: IISL C04/ 2017। মনে রাখবেন, ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ৯৩ অ্যাসিস্ট্যান্ট

*৯ পাতার পর ....*

থাকলে আবেদন করতে পারেন। উচ্চশিক্ষার প্রার্থীদের প্রাধান্য দেওয়া হবে। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৬৬ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ৪০,০০০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ১০০ নম্বরের মধ্যে থেকে অ্যাকাডেমিকে ৮০ নম্বর এবং ওরাল টেস্টে ২০ নম্বরের ভিত্তিতে।

**ল্যাব টেকনিশিয়ান (ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে)**: মোট শূন্যপদ ৮টি (অসং ৩, তঃজাঃ ২, তঃউঃ জাঃ ১, ওবিসি-এ ১, ওবিসি-বি ১)। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি/ ম্যাথমেটিক্স সহ উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওয়েস্ট বেঙ্গল স্টেট ফ্যাকাল্টি/ এআইসিটিই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে এবং কম্পিউটার, এমএস অফিস ও ইন্টারনেট ব্যবহারের জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ৯,৩৮০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ১০০ নম্বরের মধ্যে থেকে অ্যাকাডেমিকে ৮৫ নম্বর এবং কম্পিউটার টেস্টে ১৫ নম্বরের ভিত্তিতে।

**ল্যাব টেকনিশিয়ান (আরএনটিসিপি)**: মোট শূন্যপদ ৩টি (তঃ জাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি-এ ১)। অন্তত ৫০ শতাংশ নম্বর সহ উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি/ সমতুলের ডিপ্লোমা অথবা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে আবেদন করতে পারেন। আরএনটিসিপি/ স্পিউটাম স্মিয়ার মাইক্রোস্কোপির কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। উচ্চশিক্ষার প্রার্থীরাও অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৭,২২০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ৫০ নম্বরের মধ্যে থেকে শিক্ষাগত যোগ্যতায় ৪০ নম্বর এবং সংশ্লিষ্ট ফিল্ডে অভিজ্ঞতায় ১০ নম্বরের ভিত্তিতে।

**কালা-জ্বর টেকনিক্যাল সুপারভাইজর (এনভিবিডিসিপি-র অধীনে)**: মোট শূন্যপদ ৪টি (অসং ২, তঃউঃজাঃ ১, ওবিসি-এ ১)। বায়োলজি একটি বিষয় হিসেবে নিয়ে বিজ্ঞান শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা দুই চাকা বিশিষ্ট গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। এই পদে আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। তবে ৬২ বছরের বেশি বয়সের প্রার্থীদের ক্ষেত্রে মোটর সাইকেল চালানো সহ বিভিন্ন ধরনের কিটস বহন করতে হবে। তাই ওইসব প্রার্থীদের 'শারীরিকভাবে সুস্থ এবং মানসিকভাবে সজাগ' এই মর্মে একটি ফিটনেস মেডিক্যাল সার্টিফিকেট প্রদান করতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৫০ থেকে ৬৫ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ফ্রেশারদের ক্ষেত্রে ১৭,৭২০ এবং

*...এরপর ১৫ পাতায়*

## প্রতিরক্ষায় ১৬৪

*৯ পাতার পর ....*

প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। ফায়ারম্যান পদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৬৫ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১.৫ ও ৮৫ সেমি হওয়া চাই। এছাড়া ওজন অন্তত ৫০ কেজি।

প্রার্থিবাছাই হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা এবং লিখিত পরীক্ষার মাধ্যমে।

আবেদন করবেন নির্ধারিত বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন www.indianarmy.nic.in অথবা www.ncs.gov.in ওয়েবসাইটে। একটি সাদা কাগজে বয়ান টাইপ করিয়ে নেবেন। পূরণ করবেন সঠিকভাবে। পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের নথিগুলি। এগুলি সহ দরখাস্ত এমনভাবে পাঠাবেন যেন তা পৌঁছয় ৫ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায়: 36 Field Ammunition Depot, Pin-900484, C/O 56 APO। উল্লেখ্য, এই নিয়োগের বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রকাশিত হলে কাজকেরিয়ারে বিস্তারিত জানিয়ে দেওয়া হবে। এছাড়া ১৬ ডিসেম্বরের পর থেকে বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটগুলিতে।

## জলন্ধর ক্যান্টনমেন্টে

*৯ পাতার পর ....*

হবে। এই কোয়ালিফাইং টেস্টের যে কোনও একটি ইভেন্টে অসফল হলেই, পরের ইভেন্টগুলি এবং লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ থেকে বঞ্চিত হবেন। চূড়ান্ত বাছাই এবং মেধাতালিকা প্রস্তুত হবে লিখিত পরীক্ষার নম্বরের ওপর ভিত্তি করে। ১ ঘণ্টার লিখিত পরীক্ষায় থাকবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন। ইংরিজি ছাড়া বাকি সব বিষয়ের প্রশ্ন হবে হিন্দিতে। উত্তর দিতে হবে ও এম আর শীটে। লিখিত পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ নম্বর পেলে তবেই মেধাতালিকায় নাম উঠবে। ফিজিক্যাল/ স্কিল টেস্ট এবং লিখিত পরীক্ষার দিনক্ষণ ও কেন্দ্র ঠিকানা ইত্যাদি জানতে পারবেন নীচে বলা ওয়েবসাইটে। ফিজিক্যাল/ স্কিল ও লিখিত পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যাবেন জন্ম-তারিখের প্রমাণপত্র, আইডেন্টিটি প্রুফ এবং (যে পাসপোর্ট মাপের ছবি দরখাস্তে সেঁটেছেন তারই) বেশ কয়েকটি কপি। পরীক্ষা দিতে যাওয়ার সময় কোনও টিএ/ ডিএ পাবেন না।

১০-০১-২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০, তফশিলি-শারীরিক প্রতিবন্ধীরা ১৫, ওবিসি-শারীরিক প্রতিবন্ধীরা ১৩ বছর এবং প্রাক্তন সমরকর্মী ও অন্যান্যরা কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ (প্রতিবন্ধী ছাড়া সংরক্ষিত শ্রেণির প্রার্থী হলে ২৫০) টাকা। ফি জমা দেওয়া যাবে কেবলমাত্র অনলাইন মোডে অ্যাপ্লিকেশন সফটওয়্যারের মাধ্যমে।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে www.canttboardrecruit.org ওয়েবসাইটের মাধ্যমে, ১০ জানুয়ারি ২০১৮-র মধ্যে। দরখাস্তের শেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে যত শীঘ্র সম্ভব দরখাস্ত করে নেওয়াই ভালো। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেল আইডি থাকা চাই। দরখাস্ত পূরণের পদ্ধতি সাইটেই পাবেন। তবে মোটামুটি এভাবে এগোবেন: ওয়েবসাইটে ঢুকে > ড্রপডাউন অপশনে প্রথমে Cantt Board > Jalandhar > সিলেক্ট Post > নির্দিষ্ট জায়গায় বৈধ মোবাইল নম্বর দিয়ে ক্লিক করলে মোবাইলে পাবেন OTP > ওটিপি এবং ভ্যালিডেশন কোড (CAPTCHA) পূরণ করে 'সাবমিট'-এ ক্লিক করতে হবে। অনলাইন দরখাস্ত করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (জেপিজি ফর্ম্যাটে, ২৫ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) এবং সই (জেপিজি ফর্ম্যাটে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। সব ফাইলের সাইজই যেন ৬০ কেবি-র মধ্যে থাকে। দরখাস্ত করার সময় স্ক্যান আপলোড করতে হবে। দরখাস্ত পূরণ করার জন্য কেবল ৩০ মিনিটে সময় পাবেন। এছাড়া তথ্য পূরণের জন্য ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ড/ ব্যাঙ্কের ডিটেলসও হাতের কাছে মজুত রাখবেন। দরখাস্ত করার প্রথম ধাপে অনলাইন ফর্ম পূরণ করে সাবমিট করবেন। দ্বিতীয় ধাপে যাবতীয় স্ক্যান আপলোড করবেন। ফি দেওয়ার থাকলে, দরখাস্ত করার তৃতীয় ধাপে তা দেবেন অনলাইনে।

অ্যাপ্লিকেশন নম্বর এবং ই-মেল আইডি ব্যবহার করে হোম পেজের ইউজার সেকশনে অ্যাপ্লিকেশন ডিটেলস দেখতে পারেন। দরখাস্তের ১ কপি প্রিন্টআউট নিয়ে ভবিষ্যতের জন্যে নিজের কাছে রাখতে পারেন। তবে সেটি কোথাও পাঠাতে হবে না। আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইট বা www.cbjalandhar.org.in।

## মিলিটারি হাসপাতালে

*৯ পাতার পর ....*

সম্পর্কে ওয়াকিবহাল হলে এবং অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে ভালো। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

**টেলর**: শূন্যপদ ১টি (অসং)। স্বীকৃত বোর্ড/ ইনস্টিটিউশনের মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা টেলরিং ট্রেডে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটের ডিপ্লোমা/ সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। ট্রেড ট্রেনিংয়ে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

**বার্বার**: মোট শূন্যপদ ৩টি (অসং)। মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা একাজে যথেষ্ট দক্ষ হলে আবেদন করতে পারেন। ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে ভালো। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

**ওয়াশারম্যান**: মোট শূন্যপদ ১০টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ২)। মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। মিলিটারি এবং সিভিলিয়ান জামাকাপড় কাচায় অবশ্যই পটু হতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

(সিরিয়াল নং ২) Civ Non Gazetted ১১টি পদ হল:

**পিএ/ স্টেনোগ্রাফার**: মোট শূন্যপদ ২টি (অসং)। ১০+২ সিস্টেমে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ১০০টি শব্দ লিখতে এবং টাইপিংয়ে মিনিটে অন্তত ৪০টি শব্দ টাইপে দক্ষ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ২৫,৫০০ টাকা।

**ক্লার্ক/ এল ডি সি**: মোট শূন্যপদ ২টি (অসং)। উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি এবং হিন্দি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ টাইপ করায় (প্রতি শব্দে গড়ে ৫টি হিসেবে ঘণ্টায় ইংরিজিতে ১০৫০০ এবং হিন্দিতে ৯০০০ key depression-এ) দক্ষ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৯,৯০০ টাকা।

**মেসেঞ্জার**: মোট শূন্যপদ ৩টি (অসং)। মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। প্রার্থীকে এই পদের কাজ সম্পর্কে যথেষ্ট ওয়াকিবহাল হতে হবে এবং একাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

**মজদুর**: মোট শূন্যপদ ৩টি (অসং)। মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। প্রার্থীকে এই পদের কাজ সম্পর্কে যথেষ্ট ওয়াকিবহাল হতে হবে এবং একাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

**চৌকিদার**: মোট শূন্যপদ ৭টি (অসং ৫, তঃজাঃ ১, ওবিসি ১)। মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। প্রার্থীকে এই পদের কাজ সম্পর্কে যথেষ্ট ওয়াকিবহাল হতে হবে এবং একাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

**কার্পেন্টার**: শূন্যপদ ১টি (অসং)। মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা কার্পেন্টারের কাজে দক্ষ হলে আবেদন করতে পারেন। একাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৯,৯০০ টাকা।

**পেইন্টার**: শূন্যপদ ১টি (অসং)। মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা পেইন্টার ট্রেডে আইটিআই বা এনসিভিটি-র সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। একাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৯,৯০০ টাকা।

**বুট রিপেয়ারার**: শূন্যপদ ১টি (অসং)। মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা সব রকমের ক্যানভাস টেক্সটাইলের কাজ লেদার রিপেয়ার এবং রিপেলসমেন্টের কাজ জানলে আবেদন করতে পারেন। পেইন্টার ট্রেডে আইটিআই বা এনসিভিটি-র সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

**ওয়ার্ড সহায়িকা**: মোট শূন্যপদ ২টি (অসং)। স্বীকৃত বোর্ডের মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। কোনও ফ্যামিলি উইংয়ে/ সিভিল হাসপাতালে/ সরকারি ডিপার্টমেন্টে দাইয়ের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

**সাফাইওয়ালা**: শূন্যপদ ১টি (অসং)। স্বীকৃত বোর্ডের মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। একাজে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মাইনে ১৮,০০০ টাকা।

ওপরে বলা সব পদের ক্ষেত্রেই তফশিলিরা ৫ এবং ওবিসিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার সময় যাতায়াতে কোনও টিএ/ ডিএ পাবেন না। বেশি সংখ্যায় দরখাস্ত জমা পড়লে মাধ্যমিকের নম্বরের ওপর ভিত্তি করে প্রাথমিকবাছাই হবে। বাছাই প্রার্থীদের আলাদাভাবে কললেটার পাঠানো হবে।

দরখাস্ত করবেন নীচে দেওয়া নির্ধারিত বয়ানে। সঠিকভাবে এবং পরিচ্ছন্নভাবে দরখাস্ত পূরণ করবেন। যাঁরা পরিস্কারভাবে প্রার্থিত পদের নাম, ক্যাটেগরি এসব উল্লেখ করবেন, তাঁদের পরীক্ষায় ডাকা হবে।

দরখাস্তের নির্দিষ্ট জায়গায় এখনকার তোলা পাসপোর্ট মাপের ছবি সাঁটবেন। সঙ্গে দেবেন — মাধ্যমিক/ সমতুলের সার্টিফিকেটের জেরক্স (যাতে জন্ম তারিখের উল্লেখ আছে), মাধ্যমিক/ সমতুলের মার্কশীটের জেরক্স, (থাকলে) অভিজ্ঞতার সার্টিফিকেটের জেরক্স কপি, নির্ধারিত বয়ানে উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া কাস্ট সার্টিফিকেট, আধার/ প্যান কার্ডের জেরক্স কপি, বোনাফায়েড সার্টিফিকেটের জেরক্স কপি এবং পেইন্টার ও টেলর পদের প্রার্থীরা দেবেন আইটিআই সার্টিফিকেটের জেরক্স কপি। সব কপিগুলিই প্রত্যয়িত করিয়ে নেবেন। কোনও প্রমাণপত্রের মূল দরখাস্তের সঙ্গে পাঠাবেন না। এসব একটি খামে ভরে, খামের ওপর লিখবেন "APPLICATION FOR THE POST OF .........." শূন্যস্থানে প্রার্থিত পদের নাম লিখবেন। এবার ঠিকানা লিখে, এমনভাবে পাঠাবেন যেন তা পৌঁছয় ৩০ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায়: 188 Military Hospital, Likabali (Assam) Pin - 791 125.

***দরখাস্তের বয়ান:***

APPLICATION FOR THE POST OF-__________ & CATEGORY UR/OBC/SC/ST

(1) Full Name (in Block letter)
(2) Father's/Husband's Name
(3) Address for correspondence
(4) Date of Birth (attach relevant certificate)

| D | D | M | M | Y | Y | Y | Y |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

Affix a recent photograph & sign across the photograph

(5) Age as on last date of application
Years Months Days
(6) Domicile Certificate
(7) Religion with caste/sub-caste (attach Relevant certificate)
(Please tick the applicable)

| UR | OBC | SC | ST |
|---|---|---|---|
| | | | |

(8) Educational Qualification
(9) Technical Qualification and experience
(10) Permanent Home Address
(11) Category for which applied
(Please tick the applicable)

| UR | OBC | SC | ST |
|---|---|---|---|
| | | | |

(12) Martial status of candidate — Married/ Unmarried
(13) Contact Number

I, hereby declare that all the statement made in this application are true, complete and correct to the best of my knowledge and belief. In the event of any information being found false/incorrect or ineligibility being detected before of after the written test/trade test, my candidature will stand automatically cancelled

Place
Date
Signature of candidate
Name

Note DO NOT FORWARD ORIGINAL CERTIFICATE WITH THE APPLICATION.

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



# দেশদুনিয়ার হালহকিকত

## ১৩ নভেম্বর

ইরান ও ইরাকের সিস্তীর্ণ অঞ্চল ভূমিকম্পে লন্ডভন্ড হল। উপসাগরীয় অঞ্চলের অন্য একাধিক দেশেও তার প্রভাব পড়ল। রিখটার স্কেলে কম্পনের তীব্রতা ছিল ৭.৩। ইরানের পাহাড়ে ঘেরা পশ্চিম অংশ এবং সীমান্তের ওপারে ইরাকে মৃতের সংখ্যা ৪০০ অতিক্রম করেছে। জখম ৬ হাজার মানুষ। মৃতের সংখ্যা আরও বহুগুণ বাড়বে বলে আশঙ্কা। ইরানের সরকারি সূত্রে জানা গিয়েছে, ভূমিকম্পে সেদেশের অন্তত ১৪টি প্রদেশ ক্ষতিগ্রস্ত। ভয়াবহ পরিস্থিতি কেরমান প্রদেশের। সেখানকার সারপোল-ই-জাহাব এলাকাতে মৃতের সংখ্যা আড়াইশোর কাছাকাছি। প্রত্যন্ত গ্রামগুলোর শোচনীয় অবস্থা। বহু এলাকায় ধস নামে। তীব্রতায় বহু বাড়ি ভগ্ন দশায়। প্রায় ৭০ হাজার মানুষ আশ্রয় শিবিরে আশ্রয় নিয়েছে। তেলের পাইপ লাইন ও শোধনাগারগুলো অক্ষত রয়েছে বলে জানানো হয়েছে।

❑ অন্ধ্র প্রদেশের বিজয়ওয়াড়ায় পর্যটকদের নিয়ে বেড়াতে বেরিয়ে কৃষ্ণা নদীতে নৌকাডুবির ঘটনায় মৃত্যু হল ২০ জনের।

### বিশেষ দিন- ১৩ নভেম্বর

*১৭৮০- শিখ সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা মহারাজ রঞ্জিত সিংয়ের জন্ম।*
*১৮৩১-স্যার অ্যাশলে ইডেনের জন্ম।*
*১৮৪৭- মির মোশাররফ হোসেনের জন্ম।*
*১৮৫০- স্কটিশ সাহিত্যিক রবার্ট লুই স্টিভেনসনের জন্ম।*
*১৮৯৮- ভগিনী নিবেদতা বাগবাজারে বোসপাড়া লেনে স্কুল প্রতিষ্ঠা করেন।*
*১৮৯৯- পাকিস্তানের শেষ গভর্নর জেনারেল তথা প্রথম প্রেসিডেন্ট ইসকান্দার আলি মির্জার জন্ম।*
*১৯৪৫- রাজনীতিবিদ প্রিয়রঞ্জন দাশমুন্সির জন্ম।*
*১৯৪৭- প্রথম যথোপযুক্ত অ্যাসল্ট রাইফেল এ কে ৪৭-এর আধুনিকীকরণের কাজ সম্পন্ন করল সোভিয়েত ইউনিয়ন।*
*১৯৪৮- বাংলাদেশের লেখক তথা পরিচালক হুমায়ুন আহমেদের জন্ম।*
*১৯৬৭-অভিনেত্রী জুহি চাওলার জন্ম।*

❑ ম্যানিলায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বৈঠক। অন্যদিকে একটি গুরুত্বপূর্ণ রিপোর্ট প্রকাশ করেছে মার্কিন বিদেশ দপ্তরের ব্যুরো অ্যান্ড কালচারাল অ্যাফেয়ার্স। রিপোর্টে জানা গিয়েছে, ২০১৭ সালে ১২ শতাংশ বেড়েছে আমেরিকায় পড়তে যাওয়া ভারতীয় ছাত্রছাত্রীর সংখ্যা।

❑ পূর্ব চিন সাগরে একটি ভারতীয় যুদ্ধজাহাজে জ্বালানি ভরেছে মার্কিন রণতরী। ম্যানিলায় আসিয়ান-ভারত সম্মেলনে মঞ্চে ভারত প্রশান্ত মহাসাগরীয় এলাকায় বেজিংয়ের প্রভাবের মোকাবিলা করতে ৪টি দেশের বৈঠক। ভারত ও আমেরিকা ছাড়াও অন্য দুই বিন্দুতে জাপান ও অস্ট্রেলিয়া। বেজিং প্রসঙ্গে ভারত আমেরিকা দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করার উদ্দেশ্যে বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিদেশমন্ত্রক সূত্রে জানা গিয়েছে, দ্বিপাক্ষিক সম্পর্ক ছাড়াও গোটা অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি নিয়েও বিশদে আলোচনা করেছেন দুই রাষ্ট্রনেতা।

❑ প্রথম স্ত্রী ইভানার সঙ্গে ডোনাল্ড ট্রাম্পের বিচ্ছেদের খবর প্রথম প্রকাশে


জনপ্রিয় সাংবাদিক প্রয়াত

আনার সাহস দেখিয়েছিলেন তিনি। বিনোদন জগতের সেই জনপ্রিয় সাংবাদিক লিজ স্মিথ (৯৪) প্রয়াত হলেন। ম্যানহাটনে বাড়িতে মৃত্যু হল তাঁর

❑ নিলামে ওঠে হোয়াইট হাউস গাইড বুকের একটি বিরল ও সীমিত সংস্করণ। বিক্রি হল ৩৪ হাজার ৯১২ ডলারে। মার্কিন নিলামঘর আর আর অকশানস সূত্রে খবর, জীবনের শেষ বড়দিনে উপহার হিসেবে এই গাইড বুকটি বাবাকে উপহার দিয়েছিলেন জন এফ কেনেডি।

❑ আখের খেতে আগুন লেগে উত্তর পেরু ভেন্তারনে পুড়ে গেল ২০০০ হাজার বছরের পুরাতাত্ত্বিক নিদর্শন। সেখানে সাড়ে ৪ হাজার বছরের পুরনো মন্দিরও রয়েছে। আমেরিকা মহাদেশে যা প্রাচীনতম।

❑ ক্রিকেট থেকে অবসর নিলেন


ক্রিকেট থেকে অবসর

পাকিস্তানের স্পিনার সইদ আজমল। ইংল্যান্ডের বিরুদ্ধে ২০১২ সালে ৩ টেস্টে ২৪ উইকেট দখল করেন তিনি। 'চাকিং'-এর অভিযোগে নির্বাসিত হন। ২০১৫ সালে ক্রিকেটে ফিরে এলেও তাঁকে আর ফর্মে পাওয়া যায়নি। সব ধরনের ক্রিকেট থেকে এবার অবসরের ঘোষণা করলেন।

❑ নক্সভিল চ্যালেঞ্জারে জুটি বেঁধে প্রথম


প্রথমবার ট্রফি জয়

ট্রফি জিতলেন লিয়েন্ডার পেজ এবং পুরব রাজা। শীর্ষবাছাই ভারতীয় জুটি ৭-৬ (৪), ৭-৬ (৪) ফলাফলে হারালেন জেমস সেরেটানি এবং জন প্যাট্রিক স্মিথকে।


❑ ফের এ বি ডেভিলিয়ার্স ঝড়। দক্ষিণ আফ্রিকার ঘরোয়া টি টোয়েন্টি লিগে ১৯ বলে অপরাজিত ৫০ রান করলেন। তাঁর টিম টাইটানসকে ১৩৫ রানের লক্ষ্যে পৌঁছতে সাহায্য করলেন। কাগিসো রাবাডার বোলিংয়ে পরপর দুটি ছক্কা হাঁকান তিনি।

❑ স্পেনের রেসার মার্কে জ ২৪ বছর বয়সের বিরল নজির গড়লেন। মোটো জিপিতে গত ৫ বছরে ৪টি মোটো জিপি বিশ্ব খেতাব জিতলেন তিনি। এই কৃতিত্ব গড়লেন কনিষ্ঠতম মোটো জিপি ড্রাইভার। ভ্যালেন্সিয়া গ্রাঁ প্রি জয়ের পরই এই অনন্য নজির গড়লেন তিনি।

## ১৪ নভেম্বর

ওড়িশা জয় বাংলার। রসগোল্লা বাংলারই। গত ২০১৫ সালে কটকের কাছে পাহালের রসগোল্লাই আদি রসগোল্লা বলে দাবি করে জিআই তকমা আদায়ে তৎপর ওড়িশার ক্ষুদ্র শিল্প মন্ত্রক। পাশাপাশি আগস্ট মাসের ২০১৫ সাল। রসগোল্লার সত্ব আদায়ের গবেষণাপত্র তৈরির তৎপরতা বাংলার খাদ্য প্রক্রিয়াকরণ ও বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রকের। ২০১৫ সালের ১৬ সেপ্টেম্বর জিআর আদায়ের আর্জি পেশ বাংলার। ওই সালের ১৫ জুলাই বিশেষজ্ঞদের ১০০ পাতার রিপোর্টের ভিত্তিতেতে পুরীর মন্দিরের সঙ্গে ৫০০ বছরের পুরনো রসগোল্লা যোগের দাবি পেশ করে ওড়িশা। ২২ আগস্ট বাংলার রসগোল্লার হয়ে জিআই কন্ট্রোলারের সামনে শুনানি হয়। ২০১৭ সালে ২ আগস্ট জিআই আদায়ে প্যানেল গঠন হয় ওড়িশার। নভেম্বর মাসে জিআই কর্তৃপক্ষের কাছে বাংলার বিভিন্ন জেলার রসগোল্লার নমুনা পেশ হয়। ওড়িশার আর্জি পেশের আগে ১৪ নভেম্বর জিআই তকমা জয় করল বাংলার রসগোল্লা।

❑ বিশ্ব রেকর্ড গড়ল সংযুক্ত আরব


শিশুদিবস ও জাতীয় দিবস উপলক্ষ্যে মানব নৌকার রেকর্ড

আমিরশাহীর সারজা সিটির একটি ভারতীয় স্কুলের প্রায় ৫ হাজার পড়ুয়া। শিশুদিবস ও সংযুক্ত আরব আমিরশাহীর জাতীয় দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে একটি নৌকার ওপরে দাঁড়িয়ে মানব ছবি তৈরি করেছিল ওই স্কুলে প্রায় ৪,৮৮২ জন পড়ুয়া। এটাই সবচেয়ে বড় মানব ছবি বলে ঘোষণা করেছে গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ড।

❑ প্রয়াত হলেন ভানু বসু (৫২)। বিশ্ব জুড়ে ওয়্যারলেস ও মোবাইল যোগাযোগ গড়ে তোলার ক্ষেত্রে প্রভূত অবদান রেখে গেলেন ভানু। ভারত হোক বা রোয়ান্ডা, প্রত্যন্ত গ্রামে সেলফোনের নেটওয়ার্ক যোগানোর ক্ষেত্রে তাঁর উদ্ভাবিত প্রযুক্তির বিশেষ ভূমিকা রয়েছে। অন্য সামাজিক ক্ষেত্রেও অনবদ্য কাজ করে চলেছে তাঁর সংস্থার হার্ডওয়্যার। ঝড়, বন্যা ও ভূমিকম্পের মতো প্রাকৃতিক দুর্যোগে নিখোঁজ পরিজনদের সন্ধান পাওয়ার ক্ষেত্রে তাঁর রেডিওভিত্তিক প্রযুক্তি পৃথিবীর নানা প্রান্তে ব্যবহৃত হচ্ছে। পুয়ের্তো রিকোর মারিয়া ঝড়ে বিপর্যস্ত বিচ্ছিন্ন হয়ে পড়া মানুষজনকে খুঁজে বার করার জন্য নিখরচায় ৪০টি কেন্দ্র চলছে তাঁরই যোগানো প্রযুক্তিতে। জন্মসূত্রে দুই পুরুষের মার্কিন নাগরিক হলেও বাংলায় রয়েছে তাঁর শিকড়। ঠাকুরদা ননীগোপাল বসু ছিলেন স্বাধীনতা সংগ্রামী। ব্রিটিশের বিরুদ্ধে বিপ্লবী কাজকর্মের জন্য কয়েকবার জেলে যেতে হয়। নির্যাতন ও গ্রেপ্তারি এড়াতে ১৯২০ সালে চলে যান আমেরিকায়। তাঁর পুত্র অমরগোপাল বসুর আগ্রহ ছিল প্রযুক্তিরই। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় মাত্র ১৩ বছর বয়সে বন্ধুদের নিয়ে শুরু করলেন মডেল ট্রেন ও হোম রেডিও মেরামতির ব্যবসা। পরবর্তী সময়ে বোস কর্পোরেশনের প্রতিষ্ঠাতা হিসেবে গড়ে তুললেন বৈদ্যুতিক শব্দ সরঞ্জামের ব্যবসা সাম্রাজ্য। ২০০৭ সালে বিশ্বের ২৭১তম ধনী হিসেবে ফোর্বস-এর তালিকায় স্থান করে নেন।

### বিশেষ দিন- ১৪ নভেম্বর

*বিশ্ব ডায়াবেটিস দিবস।*
*১৭১৬- গণিতবিদ ভিলহেল্ম লিবনিজের মৃত্যু।*
*১৮৩১-দার্শনিক ভিলহেল্ম হেগেলের মৃত্যু।*
*১৮৮৯- স্বাধীনতা সংগ্রামী ও ভারতের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর জন্ম।*
*১৯৬৭-ক্রিকেটার সাবা করিমের জন্ম।*
*১৯৭১- অস্ট্রেলিয়ার ক্রিকেটার অ্যাডাম গিলক্রিস্টের জন্ম।*
*২০০৮-চন্দ্রযান-১ রাত ৮-১৩ মিনিটে চাঁদের মাটি স্পর্শ করে।*

❑ ভারতের নয়া মার্কিন রাষ্ট্রদূত হিসেবে শপথ নিলেন কেনেথ জাস্টার। ভবিষ্যতে ভারত-আমেরিকা সম্পর্ক আরও দৃঢ় করবে বলে মন্তব্য করেছেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্স। এবছরের জানুয়ারিতে ডোনাল্ড ট্রাম্প মার্কিন প্রেসিডেন্ট হিসেবে শপথ নেওয়ার পর ভারতের মার্কিন রাষ্ট্রদূতের পদ থেকে ইস্তফা দেন ভারতীয় বংশোদ্ভূত রিচার্ড বর্মা।

❑ বেঙ্গালুরু এফসির অ্যাম্বাস্যাডারের পদে দেখা যাবে প্রাক্তন ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক রাহুল দ্রাবিড়কে।

❑ চিনে ওপেন সুপার সিরিজের মিক্সড ডাবলস খেতাবের যোগ্যতা অর্জন করলেন ভারতের সাত্ত্বিক সাইরাজ র‍্যাঙ্কি রেড্ডি ও অশ্বিনী পুনাপ্পা। চাইনিজ-তাইপেইয়ের লি জে হুয়েই ও উতি জুং-এর জুটিকে হারালেন ২৪-১৭ ও ২১-৭ ফলাফলে।

## ১৫ নভেম্বর

ভূমিকম্প বিধ্বস্ত ইরানের পাশে ইজরায়েল। প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু জানিয়েছেন, দু'দেশের মধ্যে বৈরিতা কখনই মানবাধিকারের ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়াবে না।

### বিশেষ দিন- ১৫ নভেম্বর

*১৫৩৩- ইনকা সভ্যতার রাজধানী কুজকোয় পদার্পণ করলেন ফ্রান্সিসকো পিজারিও।*
*১৬৩০- জার্মান জ্যোতির্বিদ তথা গণিতজ্ঞ জোহানস কেপলারের মৃত্যু।*
*১৭৩৮- ইউরেনাসের আবিষ্কারক উইলিয়াম হার্শেলের জন্ম।*
*১৮৫৯- গ্রিসের এথেন্সে আধুনিক ওলিম্পিক্সের সূচনা হয়।*
*১৮৭৫- সাঁওতাল বিদ্রোহের নেতা বিরসা মুণ্ডার জন্ম।*
*১৯৪৯- মহাত্মা গান্ধীকে হত্যার দায়ে ফাঁসি হল নাথুরাম গডসে এবং নারায়ণ আপ্তের।*
*১৯৮২- মহাত্মা গান্ধীর অন্যতম অনুগামী তথা ভারতের জাতীয় শিক্ষক বিনায়ক বিনোবা ভাবের মৃত্যু।*
*১৯৮৬- টেনিস তারকা সানিয়া মির্জার জন্ম।*
*২০০০- পৃথক রাজ্য হিসাবে স্বীকৃতি পেল ঝাড়খণ্ড।*
*২০০৭- ঘূর্ণিঝড় সিডরের ধাক্কায় বাংলাদেশ, মৃত ৫ হাজার। ধ্বংস হয় সুন্দরবনের একাংশও।*

❑ সেনা কব্জায় জিম্বাবোয়ে। প্রেসিডেন্ট রবার্ট মুগাবে গৃহবন্দি। ১০০ বছর পর্যন্ত ক্ষমতায় থাকতে চান বলে জানিয়েছিলেন মুগাবে। জিম্বাবোয়ের জনস্বাস্থ্য ভাঙনের মুখে। শুভেচ্ছা দূতের পদ থেকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা হ। স্বাধীনতা যোদ্ধা মুগাবেকে দীর্ঘ সময় নায়কের আসনে বসিয়ে রেখেছিল জিম্বাবোয়ে। ক্ষোভ বাড়তে থাকায় একনায়ক তকমাও দেওয়া হয়েছে তাঁকে। মানুষের ক্ষোভকে কাজে লাগিয়ে ক্ষমতা দখলে নেমেছে সেনা।

❑ স্কটল্যান্ডের রাজধানী এডিনবরায় পৌঁছলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। স্কটল্যান্ড ডেভেলপমেন্ট ইন্টারন্যাশনাল মুখ্যমন্ত্রীকে স্বাগত জানায়। স্কটল্যান্ডে বাণিজ্য বৈঠকে বসবেন মমতা।

❑ ভূমিকম্পে বিধ্বস্ত ইরানের মানুষদের জন্য রিও অলিম্পিকে জেতা সোনার পদক নিলাম করবেন সেদেশের ভারোত্তলক কিয়ানৌশ রোস্তামি। ভূমিকম্পে ৫০০-র বেশি মানুষ মারা গিয়েছেন ইরানে।

❑ আইবিএসএফ বিলিয়ার্ডস চ্যাম্পিয়নশিপে পরপর দুটো ফর্ম্যাটে সোনা জিতে গ্রান্ড ডাবল করার সুযোগ কাজে লাগাতে পারলেন না পঙ্কজ আদবানী। ১৫০ আপ ফর্ম্যাটে চ্যাম্পিয়ন হয়ে ১৭ নম্বর বিশ্ব খেতাব নিশ্চিত করার পরে লং আপ ফর্ম্যাটে ব্রোঞ্জ পেলেন পঙ্কজ। সেমিফাইনালে পঙ্কজকে হারালেন ইংল্যান্ডের মাইক রাসেল। প্রথমে ১,২৫০-এ পৌঁছে ফাইনালে ওঠা নিশ্চিত করলেন রাসেল।

❑ ভারতের মেয়ে গল্ফার অদিতি অশোক ফের রেকর্ড গড়লেন। ১২ বছর বয়সে অদিতি প্রথম দেশের প্রতিনিধিত্ব করেন এশিয়া প্যাসিফিক টুর্নামেন্টে। প্রথম ভারতীয় গল্ফার হিসেবে এই টুর্নামেন্টে খেতাব পেলেন তিনি।

❑ নজির গড়লেন ভারতের বাস্কেটবল


ভারতীয় খেলোয়াড় হিসেবে নজির

খেলোয়াড় অমৃত পাল সিং। প্রথম ভারতীয় খেলোয়াড় হিসেবে এনবিএ-র প্রথম দলে এলেন তিনি। সিডনি কিংসের হয়ে ম্যালবোর্ন ইউনাইটেডের বিরুদ্ধে তিনি ১৪ মিনিট খেলেন।

❑ ৬ দশক পর বিশ্বকাপ ফুটবলে খেলতে দেখা যাবে না ইতালিকে। সানসিরোয় সুইডেনের সঙ্গে গোল শূন্য ড্র করায় রাশিয়া বিশ্বকাপ খেলার স্বপ্নভঙ্গ ইতালির। প্রথম পর্বের ম্যাচে সুইডেন ১-০ ফলাফলে হারায় ইতালিকে। বিপর্যয়ের দিনেই আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করলেন জিয়ান লুইগি বুফন।

## ১৬ নভেম্বর

পাক অধিগৃহীত কাশ্মীরের মানুষদের দুরবস্থার জন্য পাকিস্তানি সরকারকে দুষলেন পিওকের প্রধানমন্ত্রী রাজা ফারুক হায়দার। তাঁর মন্তব্য, ঝিলম নদীর ওপরে মঙ্গলা বাঁধের জন্য এই এলাকার মানুষের প্রচুর সম্পত্তি নষ্ট হয়েছে এবং এখন তারা প্রচণ্ড জলকষ্টে ভুগছেন।

❑ কাবুলে আত্মঘাতী হামলায় ৭ পুলিশ সহ ৯ জন নিহত। গুরুতর জখম ১০। আইএস এই হামলার দায় নিয়েছে।

❑ স্কটল্যান্ডের বাণিজ্য সম্মেলনে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানালেন, আসুন, বিনিয়োগ করুন। উপভোগ করুন।

❑ নিলামে রেকর্ড দা ভিঞ্চির ছবি। ৫০০ বছরের পুরনো একটি ছবি। নিলামে ঝড় উঠল। যা ভেঙে রেকর্ডের ইতিহাস। ক্রিস্টিজ লিওনার্দো দা ভিঞ্চির ছবি সালভাতোর মুন্ডি নামে ছবিটি নিলামে ওঠে। নিউইয়র্কে সেটি বিক্রি হল ৪৫ কোটি ডলারে। এই প্রথম কোনও শিল্পকর্ম এমন রেকর্ড দামে বিক্রি হল। এর আগে ২০১৫ সালের মে মাসে পিকাসোর আঁকা 'ওমেন অফ আলজিয়ার্স' নামে ছবিটি নিলামে ওঠে। ১৭.৯৪ কোটি ডলারে তা নিলাম হয়। এবার সেই রেকর্ড ভেঙে গেল।

❑ ইতালির বিশ্বকাপ থেকে ছিটকে যাওয়ার পর কোচ জিয়ান পিয়েরো ভেঞ্চুরার ভবিষ্যত অনিশ্চিত।

❑ মিক্সড মার্শাল আর্টসের লড়াইয়ে নজির ভরত খান্ডারের। মহারাষ্ট্রের ছেলে ভরত প্রথম ভারতীয় হিসেবে এমএমএ-র নামছেন।

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



# দেশদুনিয়ার হালহকিকত

❑ মেয়েদের জাতীয় কুস্তি চ্যাম্পিয়নশিপে সোনা জিতলেন বিনেশ এবং ঋতু ফোগট। বেলের প্রতিনিধিত্ব করতে নেমে



কমনওয়েলথ গেমসে সোনা

কমনওয়েলথ গেমসের সোনা জয়ী বিনেশ ৫৫ কেজি বিভাগে হারালেন হরিয়ানার মণিশাকে। ঋতু জয়ী হলেন ৫০ কেজি বিভাগে। তিনি পরাজিত করলেন নির্মলাকে। দুটিতেই চ্যাম্পিয়ান হন ফোগট বোনেরা।

## বিশেষ দিন- ১৬ নভেম্বর

*১৯২২- সাহিত্যে নোবেলজয়ী লেখক হোসে সারামাগোর জন্ম।*

*১৯৩০- ইংলিশ চ্যানেল অতিক্রমকারী সাঁতারু মিহির সেনের জন্ম।*

*১৯৪৫- ইউনেসকো প্রতিষ্ঠিত হয়।*

*১৯৬৩- অধুনা ঝাড়খণ্ডে অভিনেত্রী মীনাক্ষি শেষাদ্রির জন্ম।*

*১৯৭১- পাকিস্তানের ক্রিকেটার ওয়াকার ইউনিসের জন্ম।*

*১৯৮৮- এক দশকেরও বেশি সময় পর পাকিস্তানে অনুষ্ঠিত হল অবাধ নির্বাচন। সেই নির্বাচনে দেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হলেন বেনজির ভুট্টো।*

*২০০৬- অর্থনীতিবিদ মিল্টন ফ্রিডম্যানের মৃত্যু।*

❑ ইডেনে শ্রীলঙ্কার সুরঙ্গা লাকমলের অনবদ্য বোলিং। ঘাতক বোলিং উপহার দিলেন সুরঙ্গা। অনবদ্য স্পেল ৬-৬-০।

## ১৭ নভেম্বর

সাগর সুরক্ষায় ফ্রান্সকে পাশে চায় ভারত। আমেরিকাকে সঙ্গে নিয়ে প্রশান্ত মহাসাগরীয় সমন্বয়ের জন্য প্রস্তুত নয়াদিল্লি। এশিয়ানের মঞ্চে ভারত-আমেরিকা-জাপান এবং অস্ট্রেলিয়ার আলোচনাও হয়েছে এই নিয়ে। দু'দিনের সফরে ভারতে ফ্রান্সের বিদেশমন্ত্রী জাঁ ইভ লা দ্রঁ। সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও বিদেশমন্ত্রী সুষমা স্বরাজের সঙ্গে। সাগর নিরাপত্তা এবং বাণিজ্যের প্রশ্নে ইউরোপকেও পাশে পেতে তৎপর মোদী সরকার।

❑ সেনা অভ্যুত্থানের দু'দিন পর প্রকাশ্যে এলেন জিম্বাবোয়ের প্রেসিডেন্ট। সেনার হাতে দেশের ক্ষমতা তুলে দেওয়া নিয়ে তাঁর আপত্তি রয়েছে, তার স্পষ্ট ইঙ্গিত পাওয়া গেল। জিম্বাবোয়ে ওপেন ইউনিভার্সিটির বার্ষিক সমাবর্তন অনুষ্ঠানে তাঁর উপস্থিতি।

❑ আবারও সেঞ্চুরি মুম্বাইয়ের পৃথ্বী শ-র। এই নিয়ে ৭ ম্যাচে ৫ নম্বর সেঞ্চুরি করলেন। অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে ১১৪ রানের অনবদ্য ইনিংস খেললেন তিনি।

## বিশেষ দিন- ১৭ নভেম্বর

*১৮৬৯- লোহিত সাগর এবং ভূমধ্যসাগরকে জুড়তে মিশরে সুয়েজ খালের উদ্বোধন হয়।*

*১৯০৩- দু'ভাগে বিভক্ত হয়ে গেল রাশিয়ার সোশ্যাল ডেমোক্র্যাটিক লেবার পার্টি। একটি অংশ বলশেভিক অন্যটি মেনশেভিক নামে পরিচিত হল।*

*১৯১৭- ফ্রান্সের মেঁদ শহরে ভাস্কর্যশিল্পী অগুস্তে রঁদার মৃত্যু।*

*১৯২৮- স্বাধীনতা সংগ্রামী লালা লাজপত রায়ের মৃত্যু।*

*১৯৩১- হরপ্রসাদ শাস্ত্রীর মৃত্যু।*

*১৯৭১- পরিচালক দেবকী বসুর মৃত্যু।*

*২০০০- আলবার্তো ফুজিমোরিকে পেরুর প্রেসিডেন্ট পদ থেকে সরিয়ে দেওয়া হল।*

*২০০৬- হাঙ্গেরির ফুটবলার পুশকাসের মৃত্যু।*

*২০০৯- কলকাতায় রবীন্দ্রসঙ্গীতশিল্পী গীতা ঘটকের মৃত্যু।*

*২০১২- শিবসেনা সুপ্রিমো বালাসাহেব থ্যাকারের মৃত্যু।*

## ১৮ নভেম্বর

দীর্ঘ ১৭ বছরের অপেক্ষার অবসান ঐশ্বর্য রাই, ডায়ানা হেডেন এবং প্রিয়াঙ্কা



বিশ্বসুন্দরী ভারত কন্যা

চোপড়ার পর আরও একবার বিশ্বের সেরা সুন্দরীর খেতাব ছিনিয়ে নিলেন। ২০১৭ সালের বিশ্বসুন্দরীর মুকুট পেলেন হরিয়ানা কন্যা মানুসী চিল্লার। চিনের সানায় সিটিতে বসেছিল এবছরের বিশ্বসুন্দরীর প্রতিযোগিতার আসর। বিশ্বের ১০৮ জন সুন্দরীদের পিছনে ফেলে ২০ বছরের মানুসী বিশ্বসুন্দরীর মুকুট পড়লেন। মূলপর্বে তিনি ইংল্যান্ড, ফ্রান্স, কেনিয়া ও মেক্সিকোর প্রতিযোগীকে হারিয়ে দিলেন। মানুসীর মাথায় বিশ্বসুন্দরীর মুকুট পরালেন গত বছরের মিস ওয়ার্ল্ড পুয়ের্তো রিকোর স্টিফেনি ডেল ভ্যালে। জয়ের পর ডাক্তারির ছাত্রী মানুসীর প্রতিক্রিয়া, সেই ছোটবেলা থেকে স্বপ্ন দেখতাম এমন একটা প্রতিযোগিতায় সেরার শিরোপা ছিনিয়ে নেব। কিন্তু কীভাবে সেই জয় আসবে তা জানতাম না। ছোটবেলার স্বপ্নটা আজ বাস্তবে পরিণত হল। আমি ভীষণই খুশি।

● সোনিপতে ভগৎ ফুল সিং গভর্নমেন্ট মেডিক্যাল কলেজে ডাক্তারি নিয়ে পড়াশোনা হয়। ● বাবা ডঃ মিত্র বসু চিল্লর বিজ্ঞানী। ডিফেন্স রিসার্চ ও ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে (ডিআরডিও) গবেষণা করছেন। মা নীলম চিল্লর ইনস্টিটিউট অফ হিউম্যান বিহেভিয়ার ও অ্যালায়েড সায়েন্সেস-এর নিউরোকেমিস্ট্রি বিভাগের প্রধান। ● বিখ্যাত কুচিপুড়ি নৃত্যশিল্পী রাজা রেড্ডি, রাধা রেড্ডি এবং কৌশল্যা রেড্ডির কাছে নাচ শিখেছেন। ● ন্যাশনাল স্কুল অফ ড্রামার ছাত্রী। ● অবসর সময়ে সাঁতার কাটতে ভালবাসেন। কবিতা, আঁকা নিয়ে আগ্রহ রয়েছে। ● সিবিএসই বোর্ডের ক্লাস ১২ পরীক্ষায় ইংরেজিতে গোটা দেশে ফার্স্ট। ● মিস ইন্ডিয়া কমপিটিশনে তিনি 'মিস ফোটোজেনিক' খেতাব পান। ● মিস ওয়ার্ল্ডে 'বিউটি উইথ এ পারপাস' প্রতিযোগিতা জেতেন। 'প্রোজেক্ট শক্তি' ছিল তাঁর ক্যাম্পেন থিম। ক্যাম্পেনের মূল উদ্দেশ্য হল মেনস্টুয়াল স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতনতা বিস্তার। তিনি প্রায় ২০টা গ্রাম ঘুরে দেখেন এবং প্রায় ৫০০০ মহিলাকে স্বাস্থ্য সচেতনতার বার্তা দেন। ● ১০৮ জন প্রতিযোগীর মধ্যে হরিয়ানার কন্যা মানুষী মিস ওয়ার্ল্ড ২০১৭ সালে নির্বাচিত হয়েছেন। ● চিনের সান্যা সিটিতে গত বছরের সেরা পুয়ের্তো রিকোর স্টিফেনি ডেল ভ্যালে মানুষীকে বিশ্বসুন্দরীর মুকুটটি পরিয়ে দেন। ১৭ বছর পর আবার এক ভারতীয়র মাথায় উঠে এল সেরার সেরা মুকুট। ● ২০ বছর বয়সি মিস চিল্লর ষষ্ঠ ভারতীয় মহিলা হিসেবে বিশ্বসুন্দরীর খেতাব জিতলেন। ● প্রশ্নোত্তর পর্বে মানুষীকে প্রশ্ন করা হয়, কোন পেশার মানুষদের সবচেয়ে বেশি বেতন হওয়া উচিত? এবং কেন? তাঁর উত্তরে উঠে আসে তাঁর মায়ের প্রতি অগাধ ভালবাসা। তিনি বলেন, 'একজন মায়ের সর্বোচ্চ সম্মান পাওয়া উচিত। অর্থ সব কিছু নয়, ভালবাসা ও সম্মানের মাধ্যমেও একজনকে তাঁর প্রাপ্য দেওয়া যেতে পারে। মা আমার অনুপ্রেরণা। আমি মনে করি, একজন মা'ই সর্বোচ্চ প্রাপ্যের দাবিদার।'

বিশ্বসুন্দরীর মঞ্চে মানুসীকে প্রশ্ন করা হয়, কোন পেশার জন্য সর্বোচ্চ বেতন দেওয়া উচিত বলে তিনি মনে করেন? তাঁর প্রত্যুত্তর, 'আমার মা সবচেয়ে বড় অনুপ্রেরণা। তাই আমি বলব, মায়ের কাজের জন্যই সবচেয়ে বেশি বেতন প্রাপ্য। শুধু টাকাই নয়, সম্মান ও ভালবাসাও পাওয়া উচিত মায়ের। বিশ্বসুন্দরী প্রতিযোগিতায় নামার জন্য ১ বছর পড়াশোনা করতে পারেননি। তিনি স্পষ্ট জানান, ১৯৬৬ সালে প্রথম ভারতীয় ও এশিয়ার মহিলা হিসেবে মিস ওয়ার্ল্ড খেতাব জেতা রীতা ফারিয়াকে আদর্শ করে বেড়ে উঠেছেন। তবে প্রিয়াঙ্কা, ঐশ্বর্য রাইদের মতো বলিউডে পা রাখবেন কি না, সে বিষয়ে এখনও কোনও সিদ্ধান্ত নেননি বলে জানালেন মানুসী চিল্লর। তিনি মনে করেন, বিশ্বসুন্দরীর খেতাব জেতার পর যে কোনও পেশায় যাওয়া যায়।

উল্লেখ্য, ১৯৬৬ সালে এশিয়ার মধ্যে ভারতই প্রথম বিশ্বসুন্দরীর খেতাব ছিনিয়ে নিয়েছিল। সে বার ডাক্তারির ছাত্রী রীতা ফারিয়া বিশ্বসুন্দরী হয়েছিলেন। অর্ধ শতাব্দী পর সেই একই খেতাব জয় করলেন আর এক ডাক্তারি ছাত্রী। রীতার পর দীর্ঘ কয়েক দশক ভারত থেকে কেউ ওই খেতাব জেতেনি। সেই শূন্যস্থান পূরণ হয় ১৯৯৪ সালে ঐশ্বর্য রাইয়ের হাত ধরে। তারপর ১৯৯৭ সালে ডায়ানা হেডেন, ১৯৯৯ সালে যুক্তামুখী এবং ২০০০ সালে প্রিয়াঙ্কা চোপড়া মিস ওয়ার্ল্ডের শিরোপা পান। তবে ১৯৯৪ সালে সুস্মিতা সেন মিস ইউনিভার্সের খেতাব জিতেছিলেন। ২০০০ সালে সেই একই খেতাব পেয়েছিলেন লারা দত্ত।

❑ ভূমিকম্পে কাঁপল অসম অরুণাচলপ্রদেশ। অরুণাচল তিব্বত সীমান্তে জোড়ালো ভূমিকম্প হয়। উৎসস্থল তিব্বতের নিংসি। কম্পন মাত্র ৬.৪।

❑ শান্তি নিরস্ত্রীকরণ ও উন্নয়নের জন্য এবারের ইন্দিরা গান্ধি শান্তি পুরস্কার পাচ্ছেন প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং। ইন্দিরা গান্ধি মেমোরিয়াল ট্রাস্টের সচিব সুমন দুবে এখবর জানান। প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের নেতৃত্বে বিচারকদের একটি দল শান্তি পুরস্কারের জন্য মনমোহনের নাম চূড়ান্ত করেন।

❑ দক্ষিণ আফ্রিকার ঘরোয়া ক্রিকেটে ১৫১ বলে ৪৯০ রানের রেকর্ড ইনিংস খেললেন ২০ বছর বয়সী তরুণ শেন ড্যাডসওয়েল। ৫৭ ওভার বাউন্ডারি ও ২৭ বাউন্ডারি মেরে রেকর্ড ইনিংস গড়লেন শেন।

❑ টেনিস দুনিয়ার সর্বকালের অন্যতম সেরা খেলোয়াড় সেরিনা উইলিয়ামসের বিবাহ অনুষ্ঠান সম্পন্ন হল। ৩৬ বছর বয়সী সেরিনা বিয়ে করলেন তাঁর দীর্ঘদিনের বন্ধু অ্যালেক্সিস ওহানিয়ানকে।

## ১৮ নভেম্বর — বিশেষ দিন

## বিশেষ দিন- ১৮ নভেম্বর

*১৭২৭- অম্বরের মহারাজা দ্বিতীয় জয়সিং জয়পুর শহর প্রতিষ্ঠা করলেন।*

*১৭২৮- রাজস্থানের জয়পুর শহরের দ্বারোদঘাটন হয়।*

*১৮৪৩- সাঁ সুচি রঙ্গমঞ্চে অগ্নিকাণ্ডে অভিনেত্রী শ্রীমতী লিচ মারা যান।*

*১৯০১- পরিচালক ও অভিনেতা ভি শান্তারামের জন্ম।*

*১৯২৮- ওয়াল্ট ডিজনি ও উব লোয়ের্ক পরিচালিত 'স্টিমবোট উইলি' কার্টুন সিনেমাটি মুক্তি পায়।*

*১৯৬২- বিজ্ঞানী নীলস বোরের মৃত্যু।*

*১৯৭২- ভারতের জাতীয় পশু হল বাঘ।*

*১৯৭৮- বাংলা চলচ্চিত্রের পথিকৃৎ পরিচালক ও অভিনেতা ধীরেন্দ্র গঙ্গোপাধ্যায়ের (ডিজি) মৃত্যু।*

*১৯৮০- অভিনেতা আবির চট্টোপাধ্যায়ের জন্ম।*

## ১৯ নভেম্বর

প্রয়াত হলেন অভিনেত্রী রীতা কয়রাল (৫৮)। টেলিভিশনের পাশাপাশি



অভিনেত্রী প্রয়াত

চলচিত্রেও সুনামের সঙ্গে অভিনয় করেছেন। তাঁর অভিনীত উল্লেখযোগ্য ছবিগুলির মধ্যে অসুখ, ইতি মৃণালিনী, দত্ত ভার্সেস দত্ত, পারমিতার একদিন প্রমুখ।

❑ ৩৩ শতাংশ ভোট পেয়ে সেপ্টেম্বরের নির্বাচনে জয়ী হয় তাঁর দল। সংখ্যাগরিষ্ঠতা না পাওয়ায় অস্বস্তিতে জার্মান চ্যান্সেলর আঙ্গেলা মর্কেল। জোট সঙ্গীদের নাম ঘোষণা না করতে পারলে ফের ভোট এড়ানো সম্ভব হবে না। বার্লিনে সম্ভাব্য জোট সঙ্গীদের সঙ্গে বৈঠক করলেন নেত্রী।

## বিশেষ দিন- ১৯ নভেম্বর

*১৮৩০- রাজা রামমোহন রায় বিলাত যাত্রা করেন।*

*১৮৩১- বিপ্লবী তিতুমিরের মৃত্যু।*

*১৮৩৮- কলকাতায় সমাজ সংস্কারক কেশবচন্দ্র সেনের জন্ম।*

*১৮৭৭- কবি করুণানিধান বন্দ্যোপাধ্যায়ের জন্ম।*

*১৯১৭- ভারতের প্রথম মহিলা প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্ম।*

*১৯২৩- সঙ্গীত পরিচালক সলিল চৌধুরির জন্ম।*

*১৯২৫- কলকাতার তৃতীয় অর্থডক্স গ্রিক চার্চের দ্বারোদঘাটন করা হয়।*

*১৯২৮- কুস্তিগীর ও অভিনেতা দারা সিংয়ের জন্ম।*

*১৯৫১- অভিনেত্রী জিনাত আমনের জন্ম।*

❑ মাথাপিছু জাতীয় আয়ের নিরিখে বিশ্বে একধাপ এগিয়েছে ভারত। আন্তর্জাতিক অর্থভাণ্ডারের সমীক্ষা অনুযায়ী, চলতি বছরে ভারতের স্থান দাঁড়িয়েছে ১২৬। ক্রয় ক্ষমতার নিরিখে করা হিসেব অনুযায়ী ২০১৭ সালে দেশের মাথাপিছু গড় আয় বছরে ৭,১৭০ ডলার। ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির তুলনায় এখনও অনেক পিছিয়ে ভারত। প্রথমস্থানে কাতার।

❑ সংস্থা পুনর্গঠনের জেরে বন্ধ সিমেন্সের বেশ কিছু কারখানা। বিশ্ব জুড়ে কাজ হারানোর আশঙ্কায় ৬,৯০০ কর্মী। তারই প্রতিবাদে জার্মানিতে পথে নামল সংস্থার কর্মীরা।

❑ এশিয়া কাপ জিতে চমক দিল




এশিয়া কাপ জয়ী আফগানিস্তান

আফগানরা। ক্রিকেট বিশ্বে নতুন ইতিহাস। যুদ্ধ বিধ্বস্ত একটি দেশ এবার এশিয়ার মাথায়। যুব এশিয়া কাপ ফাইনালে পাকিস্তানকে ১৮৫ রানে হারিয়ে চ্যাম্পিয়ন হল আফগানিস্তান। কোয়ালালামপুর ফাইনালে ২৪৯ রান জেতার জন্য তাড়া করতে নেমে ২২.১ ওভারে মাত্র ৬৩ রানে অলআউট হয় পাক দল।

❑ বিশ্বের ১ নম্বর ভিক্টর অ্যাক্সেলসেনকে হারিয়ে চিনা ওপেন সুপার সিরিজ জয়ী চেন লং। চিনের তারকা চেনের পক্ষে ফলাফল ২১-১৬, ১৪-২১ ও ২১-১৩।

❑ মারা গেলেন ব্রিটিশ মোটরবাইক রেসার ড্যানিয়েল হেগার্টি। ৩১ বছর বয়সী ড্যানিয়েল ম্যাকাও মোটর সাইকেল গ্রাঁ প্রি-তে রেসে একটি মোড় ঘুরতে গিয়ে মোটর সাইকেল থেকে ছিটকে যান। সজোরে ধাক্কা মারেন রেসিং ট্র্যাকের পাশে। পরে তাঁর মৃত্যু হয়।

❑ মেয়েদের বিশ্বকাপে দুরন্ত পারফরম্যান্সের জন্য ভারতীয় অলরাউন্ডার দীপ্তি শর্মা ঘরোয়া ক্রিকেট মরশুমে বাংলার হয়ে সই করলেন।

❑ ইংলিশ প্রিমিয়ার লিগে নিউকাসল ৪-১ গোলে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের কাছে পরাজিত হল।

## ২০ নভেম্বর

প্রয়াত হলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা সর্বভারতীয় কংগ্রেস নেতা প্রিয়রঞ্জন দাশমুন্সি (৭২)। টানা ৯ বছর অচৈতন্য



প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রয়াত

অবস্থায় দিল্লির একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি। অবশেষে চলে গেলেন। সাতের দশকে জাতীয়তাবাদী ছাত্র যুব আন্দোলনে পুরোধা ছিলেন তিনি। সুবক্তা হিসেবে সংসদে তাঁর জনপ্রিয়তা ছিল। রাজনীতি ছাড়াও সাহিত্যচর্চা, কবিতা, লেখা থেকে শুরু করে ক্রীড়া সংগঠক হিসেবে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন তিনি। ২০০৮ সালে হৃদরোগে আক্রান্ত হন তৎকালীন কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন।

## বিশেষ দিন- ২০ নভেম্বর

*১৭৫০- মহীশূরের শাসক টিপু সুলতানের জন্ম।*

*১৮৩৩- সেন্ট টমাস বা ফ্রি স্কুল গির্জার দ্বারোদঘাটন হয়।*

*১৮৩৭- ফাউন্টেন পেনের আবিষ্কর্তা লিউরি ওয়াটারম্যানের জন্ম।*

*১৯১০- রুশ সাহিত্যিক লিও তলস্তয়ের মৃত্যু।*

*১৯১৭- কলকাতায় প্রতিষ্ঠা হল বোস রিসার্চ ইনস্টিটিউট।*

*১৯৩৯- যাদুকর গণপতি চক্রবর্তীর মৃত্যু।*

*১৯৪৫- দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর নাৎসি যুদ্ধাপরাধীদের বিচারের জন্য জার্মানিতে ন্যুরেমবার্গ ট্রায়ালস প্রবর্তিত হয়।*

*১৯৫৫- নিউজিল্যান্ডের বিরুদ্ধে ভারতের পক্ষে টেস্টে প্রথম দ্বিশতরান করলেন পলি উমরিগড় (২২৩)।*

*১৯৯৭- প্রথম ভারতীয় মহিলা মহাকাশচারী কল্পনা চাওলার মহাকাশ যাত্রা।*

সংকলন: প্রবীর মুখোপাধ্যায়

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



## ৫৩ প্রফেসর

৭ পাতার পর ...

হবে। ২) তাঁর পি এইচডি থিসিস অন্তত ২ জন বাইরের পরীক্ষক পরীক্ষা করে থাকতে হবে। ৩) তাঁদের ওপেন পি এইচডি মৌখিক পরীক্ষা দিতে হবে। ৪) প্রার্থীর পি এইচডি ওয়ার্ক থেকে অন্তত ২টি রিসার্চ পেপার প্রকাশিত হয়ে থাকতে হবে, যার একটি অন্তত কোনও রেফার্ড জার্নালে প্রকাশিত হয়ে থাকা চাই। ৫) প্রার্থীকে তাঁর পি এইচডি কাজের ওপর ভিত্তি করে কোনও কনফারেন্স/ সেমিনারে অন্তত প্রেজেন্টেশন করে থাকতে হবে। ওপরে বলা (১) থেকে (৫) পর্যন্ত প্রমাণপত্রগুলি ভাইস-চান্সেলর/ প্রো-ভাইস-চান্সেলর/ ডিন (অ্যাকাডেমিক অ্যাফেয়ার্স)/ ডিন (ইউনিভার্সিটি ইনস্ট্রাকশন) দ্বারা স্যাটিস্ফায়েড হওয়া চাই।

আরও কয়েকটি ক্ষেত্রে নেট/ স্লেট/ সেট -এর প্রয়োজন নেই। সে সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন ওয়েবসাইটে। ১-১-২০১৭ তারিখের হিসেবে বয়সের ঊর্ধ্বসীমা হতে হবে ৩৭ বছর। তফশিলিরা ৫ এবং ওবিসিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন। আরও বিস্তারিত তথ্য পাবেন সাইটে।

যাবতীয় প্রমাণপত্র ও পুরুলিয়ার, সিধো-কানহো-বিরশা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে কাটা ড্রাফট/ এনইএফটি রিসিপ্ট ও পূরণ করা দরখাস্ত খামে ভরে এমনভাবে পাঠাতে হবে যেন তা বিশ্ববিদ্যালয়ের অফিসে পৌঁছয় ২৯ ডিসেম্বর দুপুর ৩টের মধ্যে। ড্রাফট কাটতে হবে Sidho-Kanho-Birsha University-র অনুকূলে। প্রদেয় হতে হবে পুরুলিয়ায়। এনইএফটি পেমেন্ট সিস্টেমের ক্ষেত্রে পেমেন্ট দিতে হবে A/c No. 1102104000061311-এ। নাম হবে SKBU STIDENT FEE COLLECTION. ব্যাঙ্কের নাম IDBI. শাখা Purulia. IFSC: IBKL0001102.

প্রফেসর পদের ক্ষেত্রে - অসংরক্ষিত শ্রেণির প্রার্থীদের ফি দিতে হবে ১,৬০০ টাকা এবং বাকি সবাইকে ১,৫০০ টাকা। অ্যাসোসিয়েট প্রফেসর পদের ক্ষেত্রে - অসংরক্ষিত শ্রেণির প্রার্থীদের ফি দিতে হবে ১,৬০০ টাকা এবং বাকি সবাইকে ১,২০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে - অসংরক্ষিত শ্রেণির প্রার্থীদের ফি দিতে হবে ১,০০০ টাকা এবং বাকি সবাইকে ৭৫০ টাকা।

প্রফেসর পদের মূল মাইনে ৩৭,৪০০ - ৬৭,০০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১০,০০০ টাকা। অ্যাসোসিয়েট প্রফেসর পদের মূল মাইনে ৩৭,৪০০ - ৬৭,০০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৯,০০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের মূল মাইনে ১৫,৬০০ - ৩৯,১০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৬,০০০ টাকা।

এছাড়া - **ফিনান্স অফিসার, অডিট অ্যান্ড অ্যাকাউন্ট অফিসার, অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার ও অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অফ এক্সামিনেশন:** এই চারটি পদে ১টি করে শূন্যপদ রয়েছে। সবকটিই অসংরক্ষিত। ফিনান্স অফিসার পদের মূল মাইনে ৩৭,৪০০ - ৬৭,০০০ টাকা ও সঙ্গে গ্রেড পে ১০,০০০ টাকা। বাকি ৩টি পদের মূল মাইনে ১৫,৬০০ - ৩৯,১০০ টাকা ও সঙ্গে গ্রেড পে ৬,০০০ টাকা।

**ফিনান্স অফিসার পদের ক্ষেত্রে - ১) বরাবর একইরকম ভালো রেজাল্ট করা** প্রার্থীরা অন্তত ৫৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড নিয়ে কমার্সের বা ফিনান্সের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। ২) চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট/ কস্ট অ্যাকাউন্ট্যান্ট/ সমতুল পেশাদারি যোগ্যতা কিংবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। ৩) কোনও সরকারি/ বিশ্ববিদ্যালয় বা কোনও হায়ার লার্নিং ইনস্টিটিউট/ কমার্শিয়াল প্রতিষ্ঠানে ১৫ বছরে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। যারমধ্যে অন্তত ৫ বছরে সুপারভিশন, কন্ট্রোল, প্ল্যানিং এবং অ্যাডমিনিস্ট্রেশনের মত উচ্চ অ্যাডমিনিস্ট্রেটিভ পোস্টে কাজ করে থাকতে হবে। ৪) বয়স হতে ৪০ বছরের মধ্যে। তবে বিশেষভাবে উচ্চশিক্ষিত প্রার্থীরা বয়সের ছাড় পাবেন।

অডিট অ্যান্ড অ্যাকাউন্ট অফিসার পদের ক্ষেত্রে - ১) বরাবর একইরকম ভালো রেজাল্ট করা প্রার্থীরা অন্তত ৫৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড নিয়ে কমার্সের বা ফিনান্সের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। ২) সুপারভিশন, কন্ট্রোল এবং অ্যাকাউন্টের মত সিনিয়র পজিশনে অডিট অ্যান্ড অ্যাকাউন্টান্সির কাজে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৩) বয়স হতে ৩৫ বছরের মধ্যে। তবে বিশেষভাবে উচ্চশিক্ষিত প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। চার্টার্ড বা কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা বিজনেস ম্যানেজমেন্টের ডিগ্রিধারী হলে ভালো।

অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার পদের ক্ষেত্রে - ১) বরাবর একইরকম ভালো রেজাল্ট করা প্রার্থীরা অন্তত ৫৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড নিয়ে মাস্টার্স

...এরপর ১৬ পাতায়

## ১৬৩ ম্যানেজার

১ পাতার পর ....

ম্যানেজার (E3) ১)। সব ক্ষেত্রেই বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারবেন। **কোক-ওভেনে** মোট শূন্যপদ ৮টি (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ১, সিনিয়র ম্যানেজার (E4) ২, ম্যানেজার (E3) ২। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারবেন। এবং অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১, ম্যানেজার (E3) ১। বি ই (কেমিক্যাল) হলে আবেদন করতে পারবেন। **বাই প্রোডাক্ট প্ল্যান্টে** মোট শূন্যপদ ৭টি (অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১ এবং ম্যানেজার (E3) ২)। বি ই (কেমিক্যাল) হলে আবেদন করতে পারবেন। এবং (অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ২)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারবেন। **সিন্টার প্ল্যান্টে** মোট শূন্যপদ ৬টি (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ১, অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, ম্যানেজার (E3) ২)। বি ই (মেটালার্জি) হলে আবেদন করতে পারবেন। অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারবেন। **ব্লাস্ট ফার্নেসে** মোট শূন্যপদ ১০টি ((ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ১, সিনিয়র ম্যানেজার (E4) ২, ম্যানেজার (E3) ২)। বি ই মেটালার্জি হলে আবেদন করতে পারবেন। (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ১, সিনিয়র ম্যানেজার (E4) ২, ম্যানেজার (E3) ২)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারবেন। **স্টিল মেল্টিং শপে** মোট শূন্যপদ ৪টি (অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১, ম্যানেজার (E3) ১)। বি ই (মেটালার্জি) হলে আবেদন করতে পারেন। এবং (অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারেন। **লাইম ডোলো ক্যালসিনেশন প্ল্যান্টে** মোট শূন্যপদ ৫টি (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ১, অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১)। বি ই (মেটালার্জি)/ (কেমিক্যাল) হলে আবেদন করতে পারেন। এবং (সিনিয়র ম্যানেজার (E4) ১, ম্যানেজার (E3) ১)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারেন। **হট স্ট্রিপ মিল-রোল শপ অপারেশন অ্যান্ড কাস্টারে** মোট শূন্যপদ ৪টি (সিনিয়র ম্যানেজার (E4) ১, ম্যানেজার (E3) ১)। বি ই (মেকানিক্যাল)/ (মেটালার্জি) হলে আবেদন করতে পারেন। **সেন্ট্রাল রিসার্চ অ্যান্ড কন্ট্রোল ল্যাব (আর অ্যান্ড ডি), কোয়ালিটি কন্ট্রোলে** মোট ৭টি (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ১, অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১, ম্যানেজার (E3) ২)। বি ই (মেটালার্জি) হলে আবেদন করতে পারেন। এবং (ম্যানেজার (E3) ২)। বি ই (কেমিক্যাল) হলে আবেদন করতে পারেন। **ফায়ার ফাইটিংয়ে** মোট শূন্যপদ ৪টি (অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ২, ম্যানেজার (E3) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১)। বি ই (মেকানিক্যাল)/ (কেমিক্যাল) হলে আবেদন করতে পারেন। **ওয়াটার সাপ্লাইয়ে** মোট শূন্যপদ ৪টি (অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১, ম্যানেজার (E3) ১, ডেপুটি ম্যানেজার (E2) ১)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারেন। **এয়ার কন্ডিশনিং ভেন্টিলেশন সিস্টেমে** মোট শূন্যপদ ৪টি (অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ২, সিনিয়র ম্যানেজার (E4) ১, ম্যানেজার (E3) ১)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারেন। **সেন্ট্রাল স্টোরে** মোট শূন্যপদ ৩টি (অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১, ম্যানেজার (E3) ১)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারেন। **ফুয়েল অ্যান্ড গ্যাস (এনার্জি মনিটরিং ডিপার্টমেন্ট)** এ মোট শূন্যপদ ৬টি (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ১, অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১, ম্যানেজার (E3) ৩)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারেন। **অক্সিজেন প্ল্যান্টে** মোট শূন্যপদ ২টি (অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১)। বি ই (মেকানিক্যাল) হলে আবেদন করতে পারেন।

**ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনে:** মোট শূন্যপদ ৪৩টি। এরমধ্যে — (সিরিয়াল নং ১) - মেন রিসিভিং স্টেশন অ্যান্ড প্ল্যান্ট পাওয়ার ডিসট্রিবিউশন সিস্টেমে শূন্যপদ ১টি, হট স্ট্রিপ মিল অ্যান্ড থিন স্ল্যাব কাস্টারে মোট শূন্যপদ ৫টি, র' মেটিরিয়াল হ্যান্ডলিং সিস্টেমে শূন্যপদ ১টি, সিন্টার প্ল্যান্টে শূন্যপদ ১টি, ব্লাস্ট ফার্নেসে মোট শূন্যপদ ২টি। সিরিয়াল নং ১-এর সবকটি পদই ডেপুটি ম্যানেজার (E2)। (সিরিয়াল নং ২) - ওয়াটার সাপ্লাইয়ে শূন্যপদ ১টি, কমপ্রেসড এয়ার স্টেশনে শূন্যপদ ১টি, মেন রিসিভিং স্টেশন অ্যান্ড প্ল্যান্ট পাওয়ার ডিসট্রিবিউশন সিস্টেমে শূন্যপদ ২টি, সেন্ট্রাল মেন্টেন্যান্সে শূন্যপদ ১টি, লাইম অ্যান্ড ডোলোমা শূন্যপদ ১টি, পাওয়ার অ্যান্ড ব্লোয়িং স্টেশনে শূন্যপদ ৬টি, হট স্ট্রিপ মিল অ্যান্ড থিন স্ল্যাব কাস্টারে মোট শূন্যপদ ২টি। সিরিয়াল নং ২-এর সবকটি ম্যানেজার (E3) পদ। (সিরিয়াল নং ৩) - মেন রিসিভিং স্টেশন অ্যান্ড প্ল্যান্ট পাওয়ার ডিসট্রিবিউশন সিস্টেমে শূন্যপদ ১টি, সিন্টার প্ল্যান্টে শূন্যপদ ১টি, ব্লাস্ট ফার্নেসে মোট শূন্যপদ ১টি, স্টিল মেল্টিং প্ল্যান্টে শূন্যপদ ৪টি। সিরিয়াল নং ৩-এর সবকটি সিনিয়র ম্যানেজার (E4) পদ। (সিরিয়াল নং ৪) - মেন রিসিভিং স্টেশন অ্যান্ড প্ল্যান্ট পাওয়ার ডিসট্রিবিউশন সিস্টেমে শূন্যপদ ১টি, সেন্ট্রাল মেন্টেন্যান্সে শূন্যপদ ১টি, পাওয়ার অ্যান্ড ব্লোয়িং স্টেশনে মোট শূন্যপদ ৩টি, হট স্ট্রিপ মিল অ্যান্ড থিন স্ল্যাব কাস্টারে শূন্যপদ ১টি, স্টিল মেল্টিং শপে শূন্যপদ ২টি। সিরিয়াল নং ৪-এর সবকটি অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (E5) পদ। (সিরিয়াল নং ৫) - হট স্ট্রিপ মিল অ্যান্ড থিন স্ল্যাব কাস্টারে শূন্যপদ ১টি, কোক-ওভেন অ্যান্ড বাই প্রোডাক্টে শূন্যপদ ১টি, ব্লাস্ট ফার্নেসে মোট শূন্যপদ ১টি। সিরিয়াল নং ৫-এর সবকটি ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) পদ। (সিরিয়াল নং ৬) - স্টিল মেল্টিং শপে শূন্যপদ ১টি। সিরিয়াল নং ৬-এর সবকটি জয়েন্ট জেনারেল ম্যানেজার (E7) পদ। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারী হলে ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনের সবকটি পদে আবেদন করা যাবে।

**ইনস্ট্রুমেন্টেশন শাখায়:** মোট শূন্যপদ ১২টি। এরমধ্যে — (সিরিয়াল নং ১) - মেন রিসিভিং স্টেশন অ্যান্ড প্ল্যান্ট পাওয়ার ডিসট্রিবিউশন সিস্টেমে শূন্যপদ ১টি, কমপ্রেসড এয়ার স্টেশনে শূন্যপদ ১টি, লাইম ডোল ক্যালসিনেশন প্ল্যান্টে শূন্যপদ ১টি। সবকটি ডেপুটি ম্যানেজার (E2) পদ। (সিরিয়াল নং ২) - পাওয়ার অ্যান্ড ব্লোয়িং স্টেশনে শূন্যপদ ১টি, এইচ এস এম অ্যান্ড টি এস সি (রোলিং মিল)-এ শূন্যপদ ১টি, হট স্ট্রিপ মিল অ্যান্ড থিন স্ল্যাব কাস্টারে শূন্যপদ ১টি, সিন্টার প্ল্যান্টে শূন্যপদ ১টি, র' মেটিরিয়াল হ্যান্ডলিং সিস্টেমে শূন্যপদ ১টি। সবকটি ম্যানেজার (E3) পদ। (সিরিয়াল নং ৩) স্টিল মেল্টিং শপে শূন্যপদ ২টি। এ ২টি সিনিয়র ম্যানেজার (E4) পদ। (সিরিয়াল নং ৪) পাওয়ার অ্যান্ড ব্লোয়িং স্টেশনে শূন্যপদ ১টি, ব্লাস্ট ফার্নেসে শূন্যপদ ১টি। এ ২টি অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) পদ। ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারী হলে ইনস্ট্রুমেন্টেশন ডিসিপ্লিনের সবকটি পদে আবেদন করা যাবে।

**সেফটি, টাউন অ্যাডমিনিস্ট্রেশন, মেটিরিয়ালস ম্যানেজমেন্ট অ্যান্ড মার্কেটিং, এইচ আর ডি এবং পার্সোনেল ডিসিপ্লিনে:** মোট শূন্যপদ ৩০টি। এরমধ্যে — (সিরিয়াল নং ১) সেফটি ডিসিপ্লিনে মোট শূন্যপদ ১১টি (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ১, অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, সিনিয়র ম্যানেজার (E4) ১), ডেপুটি ম্যানেজার (E2) ৪, জুনিয়র ম্যানেজার (E1)(a) ৩)। কেন্দ্রীয়/ রাজ্য সরকারী ইনস্টিটিউট থেকে ইন্ডাস্ট্রিয়াল সেফটির ডিগ্রি/ ডিপ্লোমাধারীরা মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল/ ফায়ার অ্যান্ড সেফটির ডিগ্রিধারী হলে এই ১১টি শূন্যপদে আবেদন করতে পারেন।

(সিরিয়াল নং ২) টাউন অ্যাডমিনিস্ট্রেশনে মোট শূন্যপদ ৭টি (জয়েন্ট জেনারেল ম্যানেজার (E7) ১, অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ২, ডেপুটি ম্যানেজার (E2) ২, জুনিয়র ম্যানেজার (E1)(a) ২)। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারী হলে। অথবা সোসিওলজি/ সোশ্যাল ওয়ার্ক/ লেবার ওয়েলফেয়ার/ পার্সোনেল ম্যানেজমেন্ট/ আই আর — এর যে কোনও একটির ২ বছরের পিজি ডিগ্রি বা ডিপ্লোমাধারী হলে। অথবা এইচ আর/ পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্সে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ পাশ হলে টাউন অ্যাডমিনিস্ট্রেশনের সবকটি শূন্যপদে আবেদন করা যাবে।

(সিরিয়াল নং ৩) পার্সোনেলে মোট শূন্যপদ ৫টি (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ৪, সিনিয়র ম্যানেজার (E4) ১)। এই ৫টি শূন্যপদে সোসিওলজি/ সোশ্যাল ওয়ার্ক/ লেবার ওয়েলফেয়ার/ পার্সোনেল ম্যানেজমেন্ট/ আই আর — এর যে কোনও একটির ২ বছরের পিজি ডিগ্রি বা ডিপ্লোমা-সহ গ্র্যাজুয়েট হলে। অথবা এইচ আর/ পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্সে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ পাশ হলে টাউন অ্যাডমিনিস্ট্রেশনের সবকটি শূন্যপদে আবেদন করা যাবে।

(সিরিয়াল নং ৪) এম এম মার্কেটিংয়ে মোট শূন্যপদ ৩টি (ডেপুটি জেনারেল ম্যানেজার (E6) ২, ডেপুটি ম্যানেজার (E2) ১)। ই—জনিয়ারিং ডিগ্রিধারী হলে। অথবা মেটিরিয়ালস অ্যান্ড ম্যানেজমেন্টে অন্তত ২ বছর মেয়াদের এমবিএ/ পিজি ডিপ্লোমা-সহ গ্র্যাজুয়েট হলে এই ৩টি শূন্যপদে আবেদন করতে পারবেন।

(সিরিয়াল নং ৫) হিউম্যান রিসোর্স ডিসিপ্লিনে মোট শূন্যপদ ৪টি (জয়েন্ট জেনারেল ম্যানেজার (E7) ১, অ্যাসিঃ জেনারেল ম্যানেজার (E5) ১, ম্যানেজার (E3) ১, ডেপুটি ম্যানেজার (E2) ১)। ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারী হলে। অথবা সোসিওলজি/ সোশ্যাল ওয়ার্ক/ লেবার ওয়েলফেয়ার/ পার্সোনেল ম্যানেজমেন্ট/ আই আর — এর যে কোনও একটির ২ বছরের পিজি ডিগ্রি বা ডিপ্লোমা-সহ গ্র্যাজুয়েট হলে। অথবা এইচ আর/ পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্সে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ পাশ হলে টাউন অ্যাডমিনিস্ট্রেশনের সবকটি শূন্যপদে আবেদন করা যাবে।

সবমিলিয়ে ওপরে বলা মোট ১৬৩টি শূন্যপদের মধ্যে অসংরক্ষিত শূন্যপদ ৮৩টি। আর তফশিলি জাতির জন্য ২৪টি, তফশিলি উপজাতির জন্য ১২টি এবং ওবিসিদের জন্য ৪৪টি শূন্যপদ সংরক্ষিত।

প্রার্থিবাছাই হবে দরখাস্তের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। সরকারি বা পি এস ইউ -তে কর্মরতরা আবেদন করলে তাঁদের 'নো অবজেকশন সার্টিফিকেট' দিতে হবে।

দরখাস্ত করবেন নির্ধারিত বয়ান পূরণ করে। বয়ান পাবেন www.nmdc.co.in ওয়েবসাইটে। সঠিকভাবে পূরণ করা দরখাস্ত অন্যান্য প্রয়োজনীয় প্রমাণপত্র সহ এমনভাবে পাঠাবেন যেন তা পৌঁছয় ৩১ জানুয়ারি, ২০১৮ -র মধ্যে। এই ঠিকানায়: Dy. General Manager (Presonnel) (R&P), NMDC Ltd., 10-3-311/A, Khamij Bhavan, Castle Hills, Masab Tank, Hydorabad - 500 028. আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## শিপবিল্ডার্সে ২৬১

৪ পাতার পর ....

সালে ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা অর্জন করেছেন কেবলমাত্র তাঁরাই আবেদনের যোগ্য। যাঁরা ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট গ্র্যাজুয়েট (এম ই/ এম টেক/ এমবিএ) ডিগ্রি অর্জন করেছেন, তাঁরা আবেদন করবেন না। বয়স হতে হবে ১-১-২০১৮ তারিখের হিসেবে ১৪ থেকে ২৬ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১-১৯৯২ থেকে ১-১-২০০৪-এর মধ্যে। ট্রেনিংয়ের মেয়াদ ১২ মাস। ট্রেনিং হবে কেবলমাত্র কলকাতা ইউনিটে।

সবক্ষেত্রেই তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর বয়সের ছাড় আছে। এছাড়া সরকারি নিয়ম অনুযায়ী সংরক্ষিত প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত আছে।

স্টাইপেন্ড গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস প্রার্থীদের ক্ষেত্রে মাসে ১০,০০০ টাকা এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস প্রার্থীদের ক্ষেত্রে মাসে ৮,০০০ টাকা। এছাড়া ট্রেড অ্যাপ্রেন্টিসরা সরকারি নিয়ম অনুযায়ী স্টাইপেন্ড পাবেন।

সবক্ষেত্রেই কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিচ্ছেন বা নিয়েছেন কিংবা গ্র্যাজুয়েট/ টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্রে যাঁদের সংশ্লিষ্ট কাজে ১ বছর বা তার বেশি কাজের অভিজ্ঞতা রয়েছেন, এমন প্রার্থীরা আবেদন করবেন না।

প্রার্থিবাছাই হবে শিক্ষগত যোগ্যতা পাওয়া নম্বরের ভিত্তিতে।

অনলাইনে আবেদন করার আগে প্রার্থীকে www.apprenticeship.gov.in ওয়েবসাইটে গিয়ে ট্রেড অ্যাপ্রেন্টিসদের নাম রেজিস্ট্রেশন করতে হবে এবং গ্র্যাজুয়েট ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসদের নাম রেজিস্ট্রেশন করতে হবে www.mhrdnats.gov.in ওয়েবসাইটের মাধ্যমে। উভয় প্রার্থীদের নাম রেজিস্ট্রেশন হয়ে যাওয়ার পর পাবেন রেজিস্ট্রেশন নম্বর। এটি যত্ন করে লিখে রাখবেন।

গার্ডেন রিচ শিপ বিল্ডার্সে আবেদন করবেন www.grse.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, ২৭ ডিসেম্বরের মধ্যে। এরজন্য প্রার্থীর বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইনে আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। এবার যাবতীয় তথ্য দিয়ে আবেদনপত্র সাবমিট করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে। মনে রাখবেন, নথিপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যেতে হবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নং APP.01/2017। আরও বিস্তারিত জানতে পারবেন গার্ডেন রিচ শিপ বিল্ডার্সের ওপরে বলা ওয়েবসাইটে।

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



# অ্যাডহক ভিত্তিতে ৬ মাসের জন্য শিক্ষকতার চাকুরি পাবে ১০,৩২৩

নিজস্ব প্রতিনিধি— ১০,৩২৩ শিক্ষকের অ্যাডহক ভিত্তিতে নিয়োগের সিদ্ধান্ত জানাল সুপ্রিম কোর্ট। এর ফলে নতুন নিয়মে ১ জানুয়ারি থেকে ফের এই শিক্ষকদের নিয়োগপত্র দেবে বিদ্যালয় শিক্ষা দপ্তর। সুপ্রিম কোর্ট বলেছে, ১০,৩২৩ জন শিক্ষক চাকুরি করতে পারবেন ৩০ জুন পর্যন্ত। গত ২৯ মার্চে সুপ্রিম কোর্টের রায়ে এই শিক্ষকদের চাকুরি চলে গিয়েছিল। যে রায় ঘোষণা হয়েছিল তাতে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ছিল এদের চাকুরি। এই পরিস্থিতিতে সময় বাড়ানোর দাবি নিয়ে সুপ্রিম কোর্টে আবেদন করেছিল রাজ্য সরকার। সেই আবেদনমূলে বৃহস্পতিবার রায় ঘোষণা করে সুপ্রিম কোর্ট। তাতে বলা হয়েছে, অ্যাডহক ভিত্তিতে ৬ মাসের জন্য চাকুরি করতে পারবেন ১০,৩২৩ শিক্ষক। ১ জানুয়ারি থেকে ৬ মাস। এই ১০,৩২৩ শিক্ষকের মধ্যে রয়েছেন স্নাতক, স্নাতকোত্তর এবং অস্নাতক শিক্ষক। তবে সুপ্রিম কোর্টের ২৯ মার্চের রায় বহাল থাকবে। অর্থাৎ ৩১ ডিসেম্বর ২০১৭ তাদের চাকুরি যাচ্ছে। এই ছয় মাস হবে নতুন। তবে বেতন ভাতা কত হবে সেটা এখনও স্পষ্ট করে জানাননি শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী।

# সর্বশিক্ষা অভিযান প্রকল্পে ত্রিপুরায় ৫৪১ আর্বান ও ক্লাস্টার রিসোর্স পার্সেন নিচ্ছে

নিজস্ব প্রতিনিধি— সর্বশিক্ষা অভিযান প্রকল্পে মোট ৫৪১টি পদে লোক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী পদগুলি হল— আরবান/ব্লক রিসোর্স পার্সন এবং ক্লাস্টার রিসোর্স পার্সন। এর মধ্যে ইউ আর পি বা বি আর পি পদের সংখ্যা ৩৬৮। এছাড়া বাকি ১৭৩টি পদ হল সি আর পি-এর। স্নাতকোত্তর উত্তীর্ণ যে কেউ ইউ আর পি বা বি আর পি পদের জন্য আবেদন করতে পারবেন। তবে সঙ্গে বি এড ডিগ্রি থাকতে হবে। অন্যদিকে সি আর পি পদে স্নাতক উত্তীর্ণরা আবেদন করতে পারবেন। অবশ্য তাঁদেরও বি এড ডিগ্রি থাকতে হবে। ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী উল্লেখিত যোগ্যতা সম্পন্নরা নির্দিষ্ট পদে আবেদন করতে পারবেন। সম্পূর্ণরূপে চুক্তির ভিত্তিতে এক বছরের জন্য পদগুলি পূরণ করা হবে। বেতনক্রম: ব আর পি এবং ইউ আর পির ক্ষেত্রে মাসিক ২১,১৯১ টাকা। সি আর পির ক্ষেত্রে বেতনক্রম: ১৫,৩৮২ টাকা। রাজ্যের মোট আট জেলা থেকে ৩৬৮ জনকে আরবান/ব্লক রিসোর্স পার্সন পদে নিয়োগ করা হবে। জেলাভিত্তিক পদের সংখ্যা হল— পশ্চিম ত্রিপুরায় ৪৭টি, খোয়াইয়ে ৪০টি, সিপাহিজলায় ৪৫টি, ঊনকোটিতে ১৯টি, উত্তর ত্রিপুরায় ৬১টি, গোমতীতে ৪৮টি, দক্ষিণ ত্রিপুরায় ৬৩টি এবং ধলাইয়ে ৪৫টি। একইভাবে ক্লাস্টার রিসোর্স পার্সন পদে রাজ্যের আট জেলা থেকে মোট ১৭৩ জনকে নিয়োগ করা হবে। জেলাভিত্তিক পদের সংখ্যা হল— পশ্চিম ত্রিপুরায় ১০টি, খোয়াইয়ে ১৪টি, সিপাহিজলায় ১৯টি, ঊনকোটিতে ১৭টি, উত্তর ত্রিপুরায় ৩৮টি, গোমতীতে ১৪টি, দক্ষিণ ত্রিপুরায় ২৯টি এবং ধলাইয়ে ৩২টি। এস এস এস রাজ্য মিশন, ত্রিপুরার রাজ্য প্রকল্প অধিকর্তাকে উদ্দেশ্য করে আবেদন করতে হবে। ইচ্ছুক আবেদনকারীরা আগামী ১৫, ১৬ এবং ১৮ ডিসেম্বর সকাল ১১টা থেকে বিকেল ৪টার মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রকল্প আধিকারিকের কাছে আবেদনপত্র জমা দিতে পারেন। বিস্তারিত বিবরণ এস এস এ রাজ্য মিশন এবং ত্রিপুরা অফিসিয়াল ওয়েব সাইটে দেওয়া রয়েছে।

# ভলান্টারি হেলথ-এর ত্রিপুরা শাখা কেন্দ্রীয় প্রকল্পে ১২৫ জনের কর্মমুখী প্রশিক্ষণ দেবে

নিজস্ব প্রতিনিধি— ভারতীয় নাগরিকদের কাছ থেকে বৃত্তিমূলক প্রশিক্ষণ- এর জন্য ভলান্টারি হেলথ অ্যাসোসিয়েশন অফ ত্রিপুরা দরখাস্ত আহ্বান করছে। আগ্রহী আবেদনকারী প্রার্থীরা আবেদন করতে পারবেন ২০ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত। যে সব বিষয়ে বৃত্তিমূলক প্রশিক্ষম দেওয়া হবে সেগুলি হল—

১) প্রাথমিক শিশুর যত্ন ও শিক্ষার উপর সার্টিফিকেট কোর্স। মোট শূন্যপদ: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: দশম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। প্রশিক্ষনের সময়কাল ১ বছর (মোট ৬০০ ঘন্টা)। ২) সমষ্টি স্বাস্থ্যের উপর সার্টিফিকেট কোর্স। মোট শূন্যপদ: ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: দশম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। প্রশিক্ষণের সময়কাল ১ বছর (মোট ৪০০ ঘন্টা)। ৩) বার্ধক্যে যত্নের উপর সার্টিফিকেট কোর্স। মোট শূন্যপদ: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: দশম শ্রেণী বা অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। প্রশিক্ষণের সময়কাল ১ বছর (মোট ৪০০ ঘন্টা)। ৪) হোমিওপ্যাথি পরিষেবা বিষয়ে সার্টিফিকেট কোর্স। মোট শূন্যপদ: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: দশম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। প্রশিক্ষণের সময়কাল ১ বছর (মোট ৪০০ ঘন্টা)। এই চারটি পাঠ্য বিষয়ে সার্টিফিকেট দেবে ন্যাশনাল ইনস্টিটিউড অফ ওপেন স্কুলিং, মানব সম্পদ বিকাশ মন্ত্রক।

প্রার্থীরা আবেদন করবেন এই ঠিকানায়- ভলান্টারি হেলথ অ্যাসোসিয়েশন অফ ত্রিপুরা, বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র, পো: আগরতলা কৃষ্ণবন, সার্কিট হাউস এরিয়া, ত্রিপুরা- ৭৯৯০০৬। প্রার্থীদের অবশ্যই দরখাস্ত ২০ ডিসেম্বর, ২০১৭ তারিখ এর মধ্যে জমা দিতে হবে।

## ৯৩ অ্যাসিস্ট্যান্ট

১১ পাতার পর ....

অবসরপ্রাপ্তদের ক্ষেত্রে ১০,০০০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ১০০ নম্বরের মধ্যে থেকে অ্যাকাডেমিকে ৮০ নম্বর, সংশ্লিষ্ট অভিজ্ঞতায় ১০ নম্বর এবং ইন্টারভিউয়ে ১০ নম্বরের ভিত্তিতে।

**ম্যালেরিয়া টেকনিক্যাল সুপারভাইজর (এমটিএস)**: মোট শূন্যপদ ৩টি (অসং ১, তঃউঃজাঃ ১, ওবিসি-এ ১)। বায়োসায়েন্সের গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। এই ধরনের শিক্ষাগত যোগ্যতার প্রার্থী না পাওয়া গেলে সেক্ষেত্রে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে বিজ্ঞান নিয়ে পড়ে থাকা গ্র্যাজুয়েট প্রার্থীদের নেওয়া হবে। এছাড়া প্রার্থীর দুই চাকা বিশিষ্ট গাড়ি চালনোর বৈধ লাইসেন্স থাকা দরকার। এই পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৭,৭২০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ১০০ নম্বরের মধ্যে থেকে অ্যাকাডেমিকে ৮০ নম্বর, সংশ্লিষ্ট অভিজ্ঞতায় ১০ নম্বর এবং ইন্টারভিউয়ে ১০ নম্বরের ভিত্তিতে।

**অ্যাটেন্ড্যান্ট (এনসিআর)**: মোট শূন্যপদ ৫টি (অসং ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। মোট শূন্যপদের মধ্যে থেকে ডোমকলে ২টি, কান্দিতে ১টি এবং অনুপনগরে ২টি। উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা সংশ্লিষ্ট জেলার স্থানীয় ভাষার কথা বলায় দক্ষ হলে এবং সংশ্লিষ্ট কাজের জায়গা থেকে ৫ কিলোমিটারের মধ্যে বসবাস করলে আবেদন করতে পারেন। এই পদে কেবলমাত্র মহিলারা আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ৩,৫০০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ৫০ নম্বরের মধ্যে থেকে অ্যাকাডেমিকে ৩০ নম্বর এবং ইন্টারভিউয়ে ২০ নম্বরের ভিত্তিতে।

**জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফ (থ্যালাসেমিয়া কন্ট্রোল ইউনিটের জন্য)**: মোট শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির কোর্স পাশ প্রার্থীরা নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে এবং থ্যালাসেমিয়া রোগী ও তাঁর পরিবারের সঙ্গে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৬,৮৬০ টাকা এবং ওয়াশিং অ্যালাউন্স বাবদ ৩০০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ১০০ নম্বরের মধ্যে থেকে জিএনএম পরীক্ষায় ৮০ নম্বর, উচ্চমাধ্যমিকে ১৫ নম্বর এবং ইন্টারভিউয়ে ১৫ নম্বরের ভিত্তিতে।

**ল্যাব টেকনিশিয়ান (থ্যালাসেমিয়া কন্ট্রোল ইউনিটের জন্য)**: মোট শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে আবেদন করতে পারেন। সেল কাউন্টার এবং এইচপিএলসি মেশিন হ্যান্ডলিংয়ের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৬,৮৬০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ১০০ নম্বরের মধ্যে থেকে অ্যাকাডেমিকে ৬৫ নম্বর, অভিজ্ঞতায় ২০ নম্বর এবং পার্সোনাল ইন্টারভিউয়ে ১৫ নম্বরের ভিত্তিতে।

**জিএনএম-এনআরসি**: মোট শূন্যপদ ৬টি (অসং ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি-বি ১)। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জিএনএম কোর্স পাশ প্রার্থীরা নার্সিং কাউন্সিল সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৭,২২০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ১০০ নম্বরের মধ্যে থেকে অ্যাকাডেমিকে ৮০ নম্বর এবং পার্সোনাল ইন্টারভিউয়ে ২০ নম্বরের ভিত্তিতে।

**ইমিউনাইজেশন ভলান্টিয়ার**: মোট শূন্যপদ ১০টি (অসং ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি-এ ২, ওবিসি ১)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের অন্তত ৬ মাস বা তার বেশি মেয়াদের ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে এবং স্বাস্থ্য ও স্বাস্থ্য সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। প্রার্থীর কম্পিউটারে এমএস অফিস মূলত এক্সেল, পাওয়ার পয়েন্ট, ওয়ার্ড এবং ইন্টারনেটে সার্চিং, ইমেল ইত্যাদি কাজের সম্যক জ্ঞান থাকতে হবে। এছাড়া প্রার্থীর দুই চাকা বিশিষ্ট নিজস্ব মোটর গাড়ি এবং তার বৈধ লাইসেন্স থাকা চাই। লার্নার লাইসেন্স থাকলে তা গ্রাহ্য হবে না। বয়স হতে হবে

...এরপর ১৬ পাতায়

# উত্তর-পূর্বাঞ্চল সংবাদ

## এনএফএসএম স্কিমে ৭১ শূন্যপদে নিয়োগ

নিজস্ব প্রতিনিধি— ওয়াক ইন ইন্টারভিউ এর মাধ্যমে চুক্তির ভিত্তিতে পেস্ট স্কাউটস ও ডাটা এন্ট্রি অপারেটর পদে লোক নিয়োগ করা হচ্ছে এন এফ এস এম স্কিম-এর অন্তর্গত আই টি সি বেসড ই পেস্ট সার্ভিলেন্স প্রোগ্রামে।

১) পদের নাম: পেস্ট স্কাউটস। মোট শূন্যপদ: ৬০টি (সিপাহিজলা জেলায়- ১৪, পশ্চিম ত্রিপুরায়- ১৪, দক্ষিণ ত্রিপুরায়- ১২টি, গোমতী-১২, খোয়াই- ৮টি)। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট হওয়ার সঙ্গে কৃষি সম্পর্কে জ্ঞান থাকা আবশ্যক। বি এস সি এগ্রিকালচার করা থাকলে নির্দিষ্ট বিভাগে ১ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স: ৪০ বছর বয়স হতে হবে। এস সি/এস টিদের ক্ষেত্রে ৫ বছরের শিথীলতা। বেতনক্রম: স্থির বেতন ১০,০০০ টাকা সঙ্গে টি এ ২,০০০ টাকা।

২) ডাটা এন্ট্রি অপারেটর। মোট শূন্যপদ: ১১টি (সিপাহিজলায়-২, পশ্চিম ত্রিপুরায়-৩, দক্ষিণ ত্রিপুরায়-২, গোমতী জেলায়-২, খোয়াই-২টি)। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট হওয়ার সঙ্গে সঙ্গে কম্পিউটার এপ্লিকেশনে ক্ষমতা থাকতে হবে। নির্দিষ্ট বিভাগে কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। বয়স: ৪০ বছর বয়স হতে হবে। এস সি/এস টিদের ক্ষেত্রে ৫ বছরের শিথীলতা। বেতনক্রম: স্থির বেতন- ১০,০০০ টাকা।

আগ্রহী আবেদনকারীরা নির্দিষ্ট ফরম্যাটে আবেদনপত্র পূরণ করে সমস্ত প্রয়োজনীয় যোগ্যতা মান নথিপত্রের সঙ্গে নির্দিষ্ট জেলার ডি ডি এ অফিসে ওয়াকইন ইন্টারভিউ এর জন্য নির্দিষ্ট দিনে সকাল ১০টা থেকে ১০.৩০ এর মধ্যে উপস্থিত থাকতে পারেন।

পেস্ট স্কাউটস পদের ক্ষেত্রে ইন্টারভিউ নেওয়া হবে— দক্ষিণ ত্রিপুরা- ১৮/১২/২০১৭, খোয়াই- ১৯/১২/২০১৭, বিশালগড় এবং সিপাহিজলা- ২০/১২/২০১৭, এ ডি নগরে ইন্টারভিউ হবে- ২০/১২/২০১৭ তারিখে।

ডাটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে ইন্টারভিউ নেওয়া হবে— দক্ষিণ ত্রিপুরায় অমরপুরে হবে- ১৮/১২/২০১৭, খোয়াই- ১৯/১২/২০১৭, বিশালগড়ে- ২০/১২/২০১৭, এ ডি নগরে- ২০/১২/২০১৭।

## কৈলাসহরে আবাসিক স্কুলে চুক্তিতে শিক্ষক

নিজস্ব প্রতিনিধি— ওয়াক ইন ইন্টারভিউ এর মাধ্যমে কৈলাসহর জেলার কিছু আবাসিক বিদ্যালয়ে সর্বশিক্ষা অভিযানের অন্তর্গত ওয়ার্ডেন ও পার্টটাইম শিক্ষক পদে লোক নিয়োগ করা হচ্ছে।

১) পদের নাম: ওয়ার্ডেন। মোট শূন্যপদ: ২টি (এস টি-১, অন্যান্য-১)। শিক্ষাগত যোগ্যতা: বি এড এর সঙ্গে বিএ/ বি এস সি/বি কম পাশ করা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৪০ বছর বয়স হতে হবে। বেতনক্রম: স্থির বেতন: ১৫,০০০ টাকা। ২) পদের নাম: পার্টটাইম টিচার। মোট শূন্যপদ: ৬টি (এস সি-১, এস টি-২, অন্যান্য-৩)। শিক্ষাগত যোগ্যতা: বি এড অথবা ডি ই লেড এর সঙ্গে বি এ/বি এস সি/বি কম এ গ্র্যাজুয়েট হতে হবে। বয়স: ১৮ থেকে ৪০ বছর। স্থির বেতন: ৮,০০০ টাকা।

আগ্রহী আবেদনকারী প্রার্থীরা ওয়াক ইন ইন্টারভিউ এর জন্য উপস্থিত হতে পারেন সকাল ১১টা থেকে ৫টার মধ্যে অফিস অব দি ইনস্পেক্টর অব স্কুল, কৈলাশহর, ঊনকোটি জেলায়। সঙ্গে অবশ্যই সব যোগ্যতার নথিপত্র নিয়ে আসতে হবে নির্দিষ্ট ফরম্যাট পূরণ করে। নিয়োগ হবে ১ বছরের চুক্তিতে। কাজের ভিত্তিতেই চুক্তির মেয়াদ বাড়ানো হবে। আবেদনকারী প্রার্থীদের ইন্টারভিউ এর দিন সকাল ১০টা থেকে দুপুর ২ টার মধ্যে রেজিস্ট্রেশান করিয়ে নিতে হবে।

Our Telegram Channel : https://t.me/gksolve

Daily PDF Download : http://www.gksolve.com



# কলকাতা বিশ্ববিদ্যালয়ে হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের কোর্সে ভর্তি নিচ্ছে

মাস্টার অব বিজনেস ম্যানেজমেন্ট (এম বি এ) কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। পড়ানো হবে হিউম্যান রিসোর্স ডেভেপলমেন্টের এমবিএ কোর্স। ২ বছর মেয়াদের এই কোর্স পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের আলিপুর ক্যাম্পাসে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য সমরক্ষণ আছে।

বি ই/ বি টেক, মেডিক্যাল সায়েন্সের ডিগ্রিধারী কিংবা পেশাদারি কোর্সের গ্র্যাজুয়েট ডিগ্রিধারী প্রার্থীরা সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট)/ ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট)/ জয়েন্ট এন্ট্রান্স ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (জেম্যাট)/ সমতুল প্রবেশিকা পরীক্ষার বৈধ স্কোরকার্ডধারী হলে আবেদন করতে পারেন। এছাড়া স্পনসর্ড প্রার্থীরাও আবেদনের যোগ্য।

কোর্স ফি ১,৩০,০০০ টাকা। তবে এর মধ্যে কশান মাণি ১০,০০০ টাকা ফেরতযোগ্য।

প্রাথমিক প্রার্থিবাছাই হবে ক্যাট/ ম্যাট/ জেম্যাট/ সমতুল পরীক্ষায় স্কোরের ভিত্তিতে। বাছাইদের এরপর ডাকা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোনাল ইন্টারভিউয়ে।

দরখাস্ত করবেন নির্ধারিত বয়ানে। বয়ান পাবেন www.caluniv.ac.in / www.bmcaluniv.org ওয়েবসাইটে। সঠিকভাবে পূরণ করা দরখাস্তের নির্দিষ্ট জায়গায় প্রথমে ১ কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ছবি সাঁটবেন। এরপর সঙ্গে দেবেন নীচে বলা প্রমাণপত্রগুলি এবং ডিমান্ড ড্রাফট। দরখাস্তের সঙ্গে দিতে হবে বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত জেরক্স, (প্রযোজ্য হলে) কাস্ট/ ওবিসি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত জেরক্স, অন্যান্য প্রয়োজনীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত জেরক্স এবং ফি বাবদ ১,৫০০ (তফশিলি ও শারীরিক প্রতিবন্ধী হলে ৭৫০) টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফট কাটবেন 'University of Calcutta'-র অনুকূলে এবং তা প্রদেয় হতে হবে কলকাতাতে।

এসব-সহ দরখাস্ত একটি খামে ভরে নীচের ঠিকানাটি লিখে সরাসরি জমা দিতে হবে, ২২ মে-র মধ্যে, যে কোনও কাজের দিন বেলা ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে। দরখাস্ত জমা দেওয়ার ঠিকানা: Department of Business Management, University of Calcutta, Alipore Campus (6th Floor), 1, Reformatory Street, Kolkata - 700 027. আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ৫৩ প্রফেসর

১৪ পাতার পর ....

ডিগ্রিধারী হতে হবে। ২) সুপারভাইজরি ক্যাপাসিটিতে কোনও বিশ্ববিদ্যালয়ে বা রিসার্চ ইনস্টিটিউটে বা সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে অন্তত ১০ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৩) অন্তত ৫ বছরের অ্যাডমিনিস্ট্রেটিভ অভিজ্ঞতা থাকতে হবে। ৪) বয়স হতে ৩০ বছরের মধ্যে। তবে বিশেষভাবে উচ্চশিক্ষিত প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। বিজনেস ম্যানেজমেন্ট/ ল/ স্ট্যাটিস্টিক্স/ প্ল্যানিং - এর একটির ডিগ্রিধারী হলে ভলো।

অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অফ এক্সামিনেশন পদের ক্ষেত্রে - ১) বরাবর একইরকম ভালো রেজাল্ট করা প্রার্থীরা অন্তত ৫৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড নিয়ে মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। ২) সুপারভাইজরি ক্যাপাসিটিতে কোনও বিশ্ববিদ্যালয়ে বা রিসার্চ ইনস্টিটিউটে বা সরকারি বা আধা-সরকারি প্রতিষ্ঠানে অন্তত ১০ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৩) অন্তত ৫ বছরের অ্যাডমিনিস্ট্রেটিভ অভিজ্ঞতা থাকতে হবে। ৪) বয়স হতে ৩০ বছরের মধ্যে। তবে বিশেষভাবে উচ্চশিক্ষিত প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। বিজনেস ম্যানেজমেন্ট/ ল/ স্ট্যাটিস্টিক্স/ প্ল্যানিং - এর একটির ডিগ্রিধারী হলে ভলো।

এছাড়া রয়েছে -— **জুনিয়র অ্যাসিস্ট্যান্টের** ১টি শূন্যপদ (প্রাক্তন সমরকর্মী)। মূল মাইনে ৭,২০০ - ২৫,৪০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৩০০ টাকা। **ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট** (সাইকোলজি)-র ২টি শূন্যপদ (অসং ১, অসং-ইসি ১)। মূল মাইনে মূল মাইনে ৭,২০০ - ২৫,৪০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৩০০ টাকা। **ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট** গ্রেড-থ্রি-র ২টি শূন্যপদ (অসং ১, তঃ জাঃ ১)। মূল মাইনে মূল মাইনে ৫,৪০০ - ১৮,৬০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

জুনিয়র অ্যাসিস্ট্যান্টের পদের ক্ষেত্রে - উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা কম্পিউটারে দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। বয়স সরকারি নিয়ম অনুযায়ী। তবে বিশেষভাবে উচ্চশিক্ষিত প্রার্থীরা বয়সের ছাড় পাবেন।

ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (সাইকোলজি) পদের ক্ষেত্রে - বায়োলজিক্যাল সায়েন্স ও বেসিক কম্পিউটার নলেজ-সহ উচ্চমাধ্যমিকে সায়েন্স ব্যাকগ্রাউন্ড-সহ অন্যতম বিষয় সোশ্যাল সায়েন্স নিয়ে বি এ (সাধারণ) পাশ হলে। কিংবা বায়োলজিক্যাল সায়েন্স-সহ বি এসসি (সাধারণ) পাশ হলে আবেদন করতে পারেন। বয়স সরকারি নিয়ম অনুযায়ী। তবে বিশেষভাবে উচ্চশিক্ষিত প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। কোনও কলেজ/ বিশ্ববিদ্যালয়/ সরকারি প্রতিষ্ঠানে বা ইনস্টিটিউটে ল্যাবরেটরি/ সমতুল ক্যাটেগরিতে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে ভালো।

ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট গ্রেড-থ্রি পদের ক্ষেত্রে - অন্তত অষ্টম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক/ সমতুল পরীক্ষার নীচে অবধি পড়া প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স সরকারি নিয়ম অনুযায়ী। তবে বিশেষভাবে উচ্চশিক্ষিত প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। কোনও ল্যাবরেটরিতে এবং বায়োসায়েন্স ও এর সাথে সম্বন্ধযুক্ত বিষয়ে অ্যাপ্টিটিউড ও অভিজ্ঞতা থাকলে এবং ল্যাবরেটরি ইক্যুপমেন্ট নিয়ে কাজ করার অভিজ্ঞতা থাকলে ভালো।

ফিনান্স অফিসার/ অডিট অ্যান্ড অ্যাকাউন্ট অফিসার/ অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার/ অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অফ এক্সামিনেশন পদের ক্ষেত্রে ফি দিতে হবে ২,০০০ টাকা। জুনিয়র অ্যাসিস্ট্যান্ট/ ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৫০০ টাকা এবং ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট পদের ক্ষেত্রে ৩০০ টাকা।

যাবতীয় প্রমাণপত্র ও পুরুলিয়ার, সিধো-কানহো-বিরশা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে কাটা ড্রাফট/ এনইএফটি রিসিপ্ট ও পূরণ করা দরখাস্ত খামে ভরে এমনভাবে পাঠাতে হবে যেন তা বিশ্ববিদ্যালয়ের অফিসে পৌঁছয় ২৯ ডিসেম্বর দুপুর ৩টের মধ্যে। ড্রাফট কাটতে হবে Sidho-Kanho-Birsha University-র অনুকূলে। প্রদেয় হতে হবে পুরুলিয়ায়। এনইএফটি পেমেন্ট সিস্টেমের ক্ষেত্রে পেমেন্ট দিতে হবে A/c No. 1102104000061311-এ। নাম হবে SKBU STIDENT FEE COLLECTION. ব্যাঙ্কের নাম IDBI. শাখা Purulia. IFSC: IBKL0001102.

ফি এবং অন্যান্য প্রমাণপত্র ও দরখাস্ত পাঠানোর সময় এসব একটি খামের ভরে খামের ওপরদিকে যে পদের জন্য আবেদন করছেন তার নাম লিখবেন। তারপর ঠিকানা লিখে পাঠাবেন এই ঠিকানায়: Registrar, Sidho-Kanho-Birsha University, Ranchi Road, P.O. Sainik School, Purulia 723 104. এই নিয়োগের Advt No. /R/927/Advt/SKBU তারিখ 01.02.2017. আরও বিস্তারিত তথ্য পাবেন www.skbu.ac.in ওয়েবসাইটে।

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দেশি, বিদেশি ভাষার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভতি নিচ্ছে

বাংলা, হিন্দি, সংস্কৃত, ফরাসি, জার্মান, স্প্যানিশ, ইতালিয়ান, পর্তুগিজ, কোরিয়ান, জাপানিজ, চাইনিজ প্রভৃতি দেশি- বিদেশি ভাষা এবং ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশের সার্টিফিকেট, ডিপ্লোমা ও অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ ল্যাঙ্গোয়েজেস অ্যান্ড লিঙ্গুইস্টিক্স।

যে কোনও শাখার উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারবেন। ৩ ঘণ্টার ক্লাস হবে সপ্তাহে ২দিন, বিকেল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত।

করা যাবে - বাংলা, ফরাসি ও জাপানিজ ভাষার অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স আর ইতালিয়ান, পর্তুগিজ, চাইনিজ ও ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশের সার্টিফিকেট কোর্স। ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশ কোর্সের মেয়াদ ৬ মাস। অন্যান্য কোর্সের মেয়াদ ১ বছর।

সার্টিফিকেট কোর্সের ফি ৩,০০০ টাকা, ডিপ্লোমা কোর্সের ফি ৪,০০০ টাকা আর অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ফি ৪,৫০০ টাকা। ফাংশনাল অ্যান্ড কমিউনিকেটিভ ইংলিশ কোর্সের ফি ২,০০০ টাকা।

দরখাস্তের ভিত্তিতে বাছাই প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ৫ জানুয়ারি, ২০১৮।

দরখাস্ত করবেন নির্ধারিত বয়ানে। বিশ্ববিদ্যালয়ের এনকোয়ারি-অফিস থেকে দরখাস্তের ফর্ম পাবেন নগদ ১০০ টাকার বিনিময়ে। প্রয়োজনীয় প্রমাণপত্রগুলি-সহ পূরণ করা দরখাস্ত খামে ভরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টারে জমা দিতে হবে ২৮ ডিসেম্বরের মধ্যে। সম্পূর্ণ ঠিকানা হল: Information Counter, Jadavpur University, 188, Raja Subodh Chandra Mallick Road, Kolkata 700 032. আরও বিস্তারিত তথ্য পাবেন www.jaduniv.edu.in/ ওয়েবসাইটে।

## ৯৩ অ্যাসিস্ট্যান্ট

১৫ পাতার পর ....

১-১-২০১৭ তারিখের হিসেবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে দিনপ্রতি ৫০০ টাকা (সর্বাধিক মাসে ২৬ দিনের জন্য)। প্রার্থিবাছাই হবে মোট ১০০ নম্বরের মধ্যে থেকে মাধ্যমিকে ১০, উচ্চমাধ্যমিকে ২০, গ্র্যাজুয়েশনে ২০, অনার্স/ পোস্ট গ্র্যাজুয়েশনে ১০, অভিজ্ঞতায় ১০, প্র্যাক্টিক্যাল কম্পিউটার টেস্টে ১০, লিখিত পরীক্ষায় ১০, ইন্টারভিউয়ে ১০ নম্বরের ভিত্তিতে।

**সিনিয়র ট্রিটমেন্ট সুপারভাইজর:** মোট শূন্যপদ ১২টি (অসং ৩, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২)। অন্তত ৫০ শতাংশ নম্বর সহ যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা অথবা সংশ্লিষ্ট স্যানিটারি ইনস্পেক্টরের কোর্স পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। সঙ্গে অন্তত ২ বছরের কম্পিউটার অপারেশনের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। এছাড়া প্রার্থীর দুই চাকা বিশিষ্ট গাড়ি চালানোর জ্ঞান ও তার বৈধ লাইসেন্স থাকা চাই। টিউবারকিউলিওসিস ভিজিটর্স সংক্রান্ত কোর্স এবং সোশ্যাল ওয়ার্ক/ মেডিক্যাল সোশ্যাল ওয়ার্কের ডিগ্রি বা ডিপ্লোমাধারী হিসেবে পেশাগত দক্ষতা থাকা চাই। এছাড়া প্রার্থীকে সফলভাবে বেসিক ট্রেনিং কোর্স সম্পূর্ণ করে থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৭ তারিখের হিসেবে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৭,৭২০ টাকা। প্রার্থিবাছাই হবে মোট ৫০ নম্বরের মধ্যে থেকে শিক্ষাগত যোগ্যতায় ৪০ নম্বর এবং অভিজ্ঞতায় ১০ নম্বরের ভিত্তিতে।

সবক্ষেত্রেই পশ্চিমবঙ্গে তফশিলি, ওবিসি প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। সব ক্যাটেগরির ল্যাবরেটরি টেকনিশিয়ান এবং টেকনিক্যাল সুপারভাইজর পদে প্রার্থীদের রাজ্য মেডিক্যাল ফ্যাকাল্টি অপ্রুভ্যাল সার্টিফিটেক থাকা আবশ্যিক।

আবেদন করবেন অনলাইনে www.murshidabad.gov.in ওয়েবসাইটের মাধ্যমে, ২০ ডিসেম্বরের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি ও সই ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। অনলাইনে আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ (পশ্চিমবঙ্গের সংরক্ষিত প্রার্থীদের ক্ষেত্রে ৫০) টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এছাড়া ডাউনলোড করা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানের মাধ্যমেও এই ফি জমা করতে পারেন ২১ ডিসেম্বরের মধ্যে। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে দিয়ে চূড়ান্ত সাবমিশন করতে হবে ২৪ ডিসেম্বরের মধ্যে। এবার ফাইনাল সাবমিশন করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। বিবেচিত হলে এটির সঙ্গে নেবেন যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত জেরক্স ও সেসবের মূলগুলি।

## দিল্লি পুলিশে ৭০৭

১ পাতার পর ....

এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৫, শ্রবণ প্রতিবন্ধী ২)। মূল মাইনে ১৮,০০০ - ৫৬,৯০০ টাকা।

**সাফাই কর্মচারী (পোস্ট কোড-C):** মোট শূন্যপদ ২৩৭টি (অসং ১১৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৫১, ওবিসি ৬২ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২৪, অস্থি প্রতিবন্ধী ৭)। মূল মাইনে ১৮,০০০ - ৫৬,৯০০ টাকা।

**মুচি (কবলার) (পোস্ট কোড-D):** মোট শূন্যপদ ১৪টি (অসং ৭, তঃউঃজাঃ ৩, ওবিসি ৪ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। মূল মাইনে ১৮,০০০ - ৫৬,৯০০ টাকা।

**ধোবি (ওয়াশারম্যান) (পোস্ট কোড-E):** মোট শূন্যপদ ৬৮টি (অসং ৩৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৯, ওবিসি ২৩ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৭, অস্থি/ শ্রবণ প্রতিবন্ধী ৭)। মূল মাইনে ১৯,৯০০ - ৬৩,২০০ টাকা।

**টেলর (পোস্ট কোড-F):** মোট শূন্যপদ ১৬টি (অসং ৯, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ওবিসি ৪ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২)। মূল মাইনে ১৮,০০০ - ৫৬,৯০০ টাকা।

**দফতরি (পোস্ট কোড-G):** মোট শূন্যপদ ৩টি (অসং ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১)। মূল মাইনে ১৮,০০০ - ৫৬,৯০০ টাকা।

**মালি (গার্ডেনার) (পোস্ট কোড-H):** মোট শূন্যপদ ১৬টি (অসং ৮, তঃউঃজাঃ ২, ওবিসি ৬ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২)। মূল মাইনে ১৮,০০০ - ৫৬,৯০০ টাকা।

**বার্বার (পোস্ট কোড-I):** মোট শূন্যপদ ৩৯টি (অসং ২২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৬, ওবিসি ৪ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৪, অস্থি/ শ্রবণ প্রতিবন্ধী ১)। মূল মাইনে ১৯,৯০০ - ৬৩,২০০ টাকা।

**কার্পেন্টার (পোস্ট কোড-J):** মোট শূন্যপদ ৭টি (অসং ৫, ওবিসি ২ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। মূল মাইনে ১৮,০০০ - ৫৬,৯০০ টাকা।

মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডের আইটিআই সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন।

বয়স হতে হবে ১৬-১-২০১৮ তারিখের হিসেবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩ বছর এবং শারীরিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়া বিধবা, বিবাহবিচ্ছিন্না, আইনত পতিসঙ্গহীনা মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলেও নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড় ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯। চশমা সহ যা ৬/৯ কিংবা ৬/১২ পর্যন্ত সংশোধনযোগ্য।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা, ট্রেড টেস্টের মাধ্যমে। মোট ১০০ নম্বরের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের পরীক্ষায় থাকবে ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং বিষয়ের প্রশ্ন, ২৫ নম্বরের নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড বিষয়ের প্রশ্ন এবং ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস এবং কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন দেড় ঘণ্টা। লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের ২০ নম্বরের ট্রেডে টেস্টে ডাকা হবে। সেখানে প্রার্থীর সংশ্লিষ্ট ট্রেডের দক্ষতা যাচাই করা হবে।

আবেদন করবেন অনলাইনে www.delhipolicerecruitment.nic.in বা www.delhipolice.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, ১৬ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার পেমেন্ট গেটওয়ে, ডেবিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট আউট নিয়ে নেবেন। তফশিলি, মহিলা, শারীরিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে পূরণ করার পর সাবমিট করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এছাড়া প্রয়োজনে সোম থেকে শুক্রবার সকাল ৯টা থেকে বিকেল ৬টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরগুলিতে: (011) 27412715, 27241205/6। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটগুলিতে।

Editor: Kanika Chakraborty. Published by Kanika Chakraborty from Effect Publications, CF-109, Salt Lake, Sector-I, Kolkata-64 and printed by her at Neutral Publishing House Limited, 107/F, B. T. Road, Kolkata-58, North 24 Pgs. Phone: (033) 2359-5930/ 5972, 2334-4455, Fax: (033) 2359-5900, Email: editorkaajcareer@gmail.com. Website : www.kaajcareer.in, (Tripura): www.kaajcareer.in/tripura

Our Telegram Channel : https://t.me/gksolve

# GK Solve

**Download West Bengal Primary TET, WBCS, SSC, WBSSC, Rail, Bank, UPSC, PSC, MSC, Police Group D Ect All Exams Study Materials, Syllabus, Exam Pattern, Latest Job News....**

**Go To Google And Search Our Website**

# http://www.gksolve.com

**Our Facebook Page : https://www.facebook.com/gksolve**

**Our Telegram Channel : https://t.me/gksolve**